জ্যোতিষ সোপান।

প্রথম ভাগ।

ফলাগ্রন্থশাস্ত্রাণি বিবাদস্তেষু কেবলং।
ফলং জ্যোতিষং শাস্ত্রং চন্দ্রার্কৌ যত্র সাক্ষিণৌ॥

বালী, দক্ষিণ হাজরা পাড়া নিবাসী
শ্রীঅম্বিকাচরণ জ্যোতিরত্ন
প্রণীত।

কালিকতা।

নূতন সংস্কৃত যন্ত্র।

১২৯৫।

PRINTED AND PUBLISHED BY,
AKSHAYA KUMAR GHOSE,
AT THE "NEW SANSKRIT PRESS."
7, SHIBKRISTO DAWN'S LANE JORASAI
CALCUTTA.

পুণ্যভূমি ভারতবর্ষে জ্যোতিষ শাস্ত্রের প্রথম বিকাশ দর্শন, গণিত, ব্যাকরণ, ভাষা-বিজ্ঞান, আয়ুর্ব্বেদ ও ধর্ম্মশাস্ত্রের মত জ্যোতিষশাস্ত্রও ভারতের অসাধারণ সম্পত্তি। বসুন্ধরার আদিগ্রন্থ অপৌরুষেয় ঋগ্বেদে আমরা এই প্রয়োজনীয় শাস্ত্রের প্রথম উল্লেখ দেখিতে পাই। ঋগ্বেদে চান্দ্রবৎসরের ও সৌর বৎসরের সমন্বয়, সূর্য্যালোকে প্রতিচ্ছায়ায় চন্দ্রের জ্যোৎস্না-বিকাশ, দক্ষিণ ও উত্তরায়ণ প্রভৃতির বিষয় উল্লেখ দৃষ্ট হয় অন্যান্য বেদেও এইরূপ তদনন্তর বৈদিক 'ব্রাহ্মণে' এই শাস্ত্রের অধিকতর শ্রীবৃদ্ধির পরিচায়ক নিদর্শন সমূহ পরিদৃষ্ট হয় ক্রমশঃ জ্যোতিষশাস্ত্র বেদের ষড়ঙ্গের অন্তর্গত

জ্যোতিষ পরিভাষার অন্তর্ভুক্ত হোরা, দ্রেক্কাণ প্রভৃতি কতকগুলি শব্দ দেখিয়া অনেকে মনে করেন যে, জ্যোতিষ্ শাস্ত্রে যবনেরা (গ্রীক্) আর্য্যঋষিদিগের শিক্ষাগুরু। কিন্তু বুঝিয়া দেখিলে এ সিদ্ধান্ত কদাপি সমীচীন বলিয়া উপলব্ধ হইবে না আদান প্রদান উভয় পক্ষেই হইয়াছিল, কিন্তু আরবেরা এ বিষয়ে হিন্দুদিগের নিকট যে সর্ব্বতোভাবে ঋণী, তদ্বিষয়ে কোনই সন্দেহ নাই। পুরাকালে মনীষী ঋষিদিগের

অসীম অধ্যবসায়, অনন্ত আলোচনা ও অতুল যত্নে, জ্যোতিষশাস্ত্র [illegible] য অত্যুন্নত শিখরে অধিরূঢ় হইয়াছিল, আর্য্যভট্ট, ভাস্করাচার্য্য, ভৃগু, অত্রি প্রভৃতি মনস্বীদিগের অনুকম্পায় জ্যোতিষশাস্ত্রের গণিত ও ফলিত এই উভয় ভাগেরই বিপুল শ্রীবৃদ্ধি সাধিত হইয়াছিল জ্যোতিষের সেই অত্যুন্নতির সময়ে আরবেরা হিন্দুদিগের নিকটে এই শাস্ত্র অধ্যয়ন করেন

কালের কি কুটিল প্রভাব। নিয়তির কি দুর্জ্ঞেয় নীতি। বিদেশে সমাদৃত সেই শাস্ত্র এখন স্বদেশে লুপ্তপ্রায়! অথচ ইহার সহিত হিন্দুগণের অতি নিকট সম্বন্ধ। হিন্দুর জাতকর্ম্মাবধি অন্ত্যেষ্টি পর্য্যন্ত যাবতীয় সংস্কার ও ধর্ম্মানুষ্ঠান ইহারই মতানুসারী ও ইহার দ্বারাই শাসিত অজ্ঞান-তমসাচ্ছন্ন ভবিতব্যের নিবিড় অন্ধকারে মানবের চর্ম্মচক্ষুর ক্ষীণ জ্যোতিঃ প্রবেশলাভ করে না, অথচ সকলেই ভাবী ফলাফল জিজ্ঞাসা করিতে তৎপর, কিন্তু তজ্জন্য ফলিত জ্যোতিষের সাহায্য গ্রহণে সম্মত নহে তাই কালবশে, এই বহুপুরাতন শাস্ত্রের, সম্প্রদায় ভেদ ও আলোচনার অভাব হেতু, প্রায়শঃ বিলোপ ঘটিয়াছে ইহা জীবের দুরদৃষ্ট বই আর কি বলিব?

সেই বিস্মৃতপ্রায় ও বিলোপোন্মুখ বিশাল শাস্ত্রের পুনরুদ্ধারসাধনই এই গ্রন্থের মুখ্য উদ্দেশ্য; যাহাতে জনসমাজে এই মহাশাস্ত্রের আদর ও আলোচন হয়, ইহাই গ্রন্থকারের একমাত্র আকিঞ্চন এতৎসংক্রান্ত দুর্বোধ ও দুরূহ বিষয়গুলি শিক্ষার্থিগণের বিনা গুরূপদেশে সুখবোধ্য ও অনায়াসে আয়ত্তাধীন করাই গ্রন্থকারের আন্তরিক কামনা আজকাল যে সকল জ্যোতিষগ্রন্থ প্রকাশিত হইতেছে, তাহাতে সুরীতি-সঙ্গত শিক্ষাপ্রণালী দৃষ্ট হয় না। গ্রন্থকার বাল্যকাল হইতে বহু পরিশ্রমে যে প্রণালীর অনুসরণ করিয়া এই শাস্ত্র অভ্যাস করিয়াছেন, যে পরম্পরায় শনৈঃ শনৈঃ পাদবিক্ষেপ করিয়া চন্দ্র রায় জ্যোতিষ গিরি-পৃষ্ঠে সমারূঢ় হইয়াছেন, সেই সুসঙ্গত পর্য্যায় অবলম্বনে "জ্যোতিষ সোপান" লিখিত হইল ভরসা ও বিশ্বাস আছে, বুদ্ধিমান্ ও সহৃদয় পাঠকগণ, যত্নসহকারে এই গ্রন্থ আলোচনা করিলে, গুরুর সাহায্য ব্যতীত, এই পরম প্রীতিজনক ও আশুফলপ্রদ শাস্ত্রে অভিজ্ঞতা লাভ করিতে পারিবেন এবং স্বকীয় ও পরকীয় জীবনের ভূতভবিষ্যতাদি ফলাফল পরিজ্ঞাত হইয়া, পরম পুলকিত হইতে পারিবেন

কৃতজ্ঞতার সহিত বক্তব্য এই যে, শ্রীযুক্ত মধুসূদন স্মৃতিরত্ন, শ্রীযুক্ত ভোলানাথ সরস্বতী—বালী, কুমার সত্যবাদী ঘোষাল—ভূকৈলাস, শ্রীযুক্তবাবু নিত্যেন্দ্র নাথ স্যান্যাল, শ্রীযুক্ত বাবু রাধামাধব চক্রবর্ত্তী শ্রীযুক্ত বাবু পতিতপাবন চক্রবর্ত্তী, শ্রীযুক্ত বাবু দামোদর মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু দেবেন্দ্রনাথ চক্রবর্ত্তী শ্রীযুক্ত বাবু শশিভূষণ বন্দ্যোপাধ্যায়—উকীল হুগলী শ্রীযুক্ত বাবু ক্ষীরোদপ্রসাদ চট্টোপাধ্যায় এম্ এম্ এস শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়—ডেপুটী মাজিষ্ট্রেট, শ্রীযুক্ত বাবু হরিপদ ভট্টাচার্য্য এম্ এ, শ্রীযুক্ত বাবু নিত্যগোপাল ভট্টাচার্য্য, শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় পাথুরিয়াঘাটা, গুরুদাস বন্দ্যোপাধ্যায় বি এ, বি, এল, উকীল নড়াইল, শ্রীযুক্ত বাবু প্রবোধচন্দ্র বন্দ্যোপাধ্যায় বিএ শ্রীযুক্ত বাবু তারাপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু যোগীন্দ্র চন্দ্র রায়—বড়বাজার, শ্রীযুক্ত বাবু পূর্ণানন্দ চট্টোপাধ্যায়, বড় গিরিশ বন্দ্যোপাধ্যায়—উকীল হাবড়া, সুপ্রসিদ্ধ ইণ্ডিয়ান মিরার কাগজের সম্পাদক শ্রীযুক্ত বাবু নরেন্দ্রকৃষ্ণ সেন, শ্রীযুক্ত বাবু কামাখ্যানাথ আচার্য্য, ডাক্তার শ্রীযুক্ত বাবু হরিপদ আচার্য্য—বেলুড় সুপ্রসিদ্ধ ডাক্তার বাবু জগবন্ধু বসু, শ্রীযুক্ত বাবু রাখালদাস রায় ডাক্তার, শ্রীযুক্ত বাবু গিরীন্দ্রচন্দ্র রায়, হেরম্বনাথ ঘোষ, দেবেন্দ্রনাথ বসু,—পাথুরিয়াঘাটা, শ্রীযুক্ত বাবু গোপাল কৃষ্ণ ঘোষ,—মুনসেফ শ্রীযুক্ত বাবু কালী প্রসন্ন ঘোষ,—জমিদার নড়াইল, শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ নাগ, শ্রীযুক্ত বাবু নন্দলাল ঘোষ, শ্রীযুক্ত বাবু আশুতোষ সরকার মিত্র, শ্রীযুক্ত বাবু বিজয়কেশব মিত্র বিএ, বি এল, শ্রীযুক্ত

বাবু চণ্ডীচরণ ঘোষ—বাগবাজার, শ্রীযুক্ত বাবু যদুনাথ সিংহ উকীল—হাবড়া, শ্রীযুক্ত মাখমলাল সিংহ—উকীল হাবড়া, শ্রীযুক্ত বাবু শ্রীকণ্ঠ রায়—হাবড়া শ্রীযুক্ত বাবু হরিদাস নাগ—উকীল শ্রীরামপুর, শ্রীযুক্ত বাবু শরদিন্দু রায় শ্রীরামপুর, শ্রীযুক্ত বাবু শ্যামলধন দত্ত এটর্ণি, শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র বসু, শ্রীযুক্ত বাবু মেজার গোপালচন্দ্র সিংহ—মণিপুর শ্রীযুক্ত বাবু নন্দলাল মল্লিক, শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন শীল, শ্রীযুক্ত বাবু গোষ্ঠবিহারী দত্ত, শ্রীযুক্ত বাবু আনন্দলাল মল্লিক, শ্রীযুক্ত বাবু আশুতোষ খাঁ জমিদার উলা, শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র দাঁ, শ্রীযুক্ত বাবু হরিধন দত্ত, শ্রীযুক্ত বাবু তিনকড়ি দাঁ শ্রীযুক্ত বাবু আশুতোষ পাল, শ্রীযুক্ত বাবু ভোলানাথ দাস, গোপালচন্দ্র দাস, শ্রীযুক্ত বাবু নন্দলাল হাজরা, শ্রীযুক্ত বাবু হরিদাস দে, শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র সা, শ্রীযুক্ত বাবু ভুবনচন্দ্র সা, শ্রীযুক্ত বাবু নারায়ণ চন্দ্র সিংহ, এবং অন্যান্য দেশ হিতৈষী মহোদয়গণ গ্রন্থকারকে আনুকূল্য প্রদানে বিশেষ উৎসাহিত করিয়াছেন। ইতি

১৫৫ নং বলরাম দেব ষ্ট্রীট
জোড়াসাঁকো,—কলিকাতা
২রা আশ্বিন সন ১২৯৭ সাল

গ্রন্থকার
শ্রী 'ম্বিকাচরণ জ্যোতিরত্ন

সূচিপত্র।

বিষয় পৃষ্ঠা

জ্যোতিষ সোপান।

ওঁ নমঃ শিবায়

নবাদিনবগ্রহেভ্যো নমঃ।
গ্রহরূপিজনার্দ্দনায় নমঃ

নৃসিংহঃ সূর্য্যরূপশ্চ রামচন্দ্রস্তু চন্দ্রমা।
জামদগ্ন্যো মহীপুত্রো বুধোহি বামনস্তথা।
হল যুধঃ সুরগুরুঃ শুক্রঃ শূকররূপধৃক্
শনৈশ্চরঃ কল্কিরূপী স্বর্ভানু র্মৎস্যরূপকঃ।
কূর্ম্মরূপ স্তথা কেতু র্বুদ্ধরূপশ্চ লগ্নপঃ।
সংসারতারণার্থায় গ্রহরূপী জনার্দ্দনঃ

নত্বা জ্যোতিষসোপানমম্বিকাচরণ স্মৃজং
অম্বিকাচরণ জ্যোতী রত্নঃ সংতনুতে ভৃশং।

দিবস ও মাস নির্ণয়

বঙ্গদেশের লোকেরা সন, শকাব্দা ও সম্বৎ এই তিন প্রকার অব্দ গণনা করিয়া সমস্ত শুভাশুভ কার্য্য নিষ্পন্ন করেন

সূর্য্যোদয় হইতে পুনঃ সূর্য্যোদয় পর্য্যন্ত যে সময় তাহাকে এক দিবস কহে এইরূপ ত্রিশ দিবসে যে মাস হয় তাহাকে সৌর সাবন মাস কহে, অর্থাৎ ত্রিশ অহোরাত্রে এক সাবন মাস হয় এই হেতু ১৫ দিবসে এক পক্ষ কহে সূর্য্য যত দিন এক রাশিতে অবস্থান করেন বা সূর্য্যের এক রাশি হইতে অন্য রাশিতে গমন বা সংক্রমণ পর্য্যন্ত যে সময় তাহাকে সৌরমাস কহে সুতরাং সৌরমাস ৩০ দিনের ন্যূনাধিক হইতে পারে শুক্ল প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত যে সময় তাহাকে চান্দ্রমাস কহে। বার সৌরমাসে এক বৎসর হয় বৎসর বারমাসে বিভক্ত যথা :—

১	অঙ্কে ...	বৈশাখ	৭	অঙ্কে	কার্ত্তিক
২	,, ,, ..	জ্যৈষ্ঠ	৮	,, ,,	অগ্রহায়ণ
৩	,, ,,	আষাঢ়	৯	,, ,, ...	পৌষ
৪	,, ,,	শ্রাবণ	১০	,, ,,	মাঘ
৫	,, ,,	ভাদ্র	১১	,, ,, ...	ফাল্গুণ
৬	,, ,,	আশ্বিন	১২	,, ,, ..	চৈত্র

ত্রিশ দিবসে একমাস, মাস দুই ভাগে বিভক্ত তাহার এক এক ভাগকে পক্ষ কহে, যথা শুক্ল পক্ষ ও কৃষ্ণ পক্ষ পক্ষ দুই ভাগে বিভক্ত, তাহার এক এক ভাগকে সপ্তাহ কহে।

সপ্তাহ সাত ভাগে বিভক্ত, তাহার এক এক ভাগকে দিবস কহে দিবস ৬০ ভাগে বিভক্ত, তাহার এক এক ভাগকে দণ্ড কহে দণ্ড ৬০ ভাগে বিভক্ত, তাহার এক এক ভাগকে পল কহে পল ৬০ ভাগে বিভক্ত, তাহার এক এক ভাগকে বিপল কহে বিপল ৬০ ভাগে বিভক্ত; তাহার এক এক ভাগকে অনুপল কহে

এক্ষণে বৎসর, মাস, পক্ষ, দিবস, দণ্ড পল, বিপল ও অনুপল লইয়া জ্যোতিষশাস্ত্রানুসারে যেরূপে গণনাশিক্ষা করিতে হয় তাহা সবিশেষ লিখিত হইতেছে সপ্ত দিবসের এক একটীর পৃথক পৃথক নাম আছে, যথা—

শিক্ষা প্রণালী

সপ্ত বারের অঙ্ক।

১ ...	অঙ্কে ...	রবি .	অর্থাৎ	রবিবার।
২ ...	,, ...	সোম ...	,,	সোমবার
৩	,,	মঙ্গল .	,,	মঙ্গলবার
৪ ...	,,	বুধ ..	,,	বুধবার।
৫	,,	বৃহস্পতি	,,	বৃহস্পতিবার
৬ ...	,,	শুক্র .	,,	শুক্রবার
৭	,,	শনি	,,	শনিবার।

একমাসে ৩০ দিবস এই ত্রিশ দিবসে ৩০ ত্রিশটী তিথি আছে

দা। যে সময় রবি হইতে চন্দ্র নির্গত হইতে থাকেন তাহা

শুক্লপক্ষ কহে, আর চন্দ্র যখন সূর্য্য মধ্যে প্রবেশ করিতে আরম্ভ করেন তাহাকে কৃষ্ণপক্ষ কহে

রবি হইতে চন্দ্র এক কলা নির্গত হইলে শুক্ল প্রতিপদ, দুইকলা বিনিঃসৃত হইলে শুক্ল দ্বিতীয়া এবং ইত্যাদি ক্রমে পঞ্চদশ কলা বিনিঃসৃত হইলে পৌর্ণমাসী হয়

আর রবিমধ্যে চন্দ্র এক কলা প্রবেশ করিলে কৃষ্ণ প্রতিপদ, দুইকলা প্রবেশ করিলে কৃষ্ণ দ্বিতীয় এবং ইত্যাদি ক্রমে পঞ্চদশ কলা প্রবেশ করিলে অমাবস্যা হয়

শুক্লতিথির অঙ্ক			কৃষ্ণ তিথির অঙ্ক		
১	অঙ্কে …	প্রতিপদ	১৬	অঙ্কে .	প্রতিপদ
২	,,	দ্বিতীয়	১৭	,,	দ্বিতীয়া
৩	,,	তৃতীয়া	১৮	,,	তৃতীয়
৪	,,	চতুর্থী	১৯	,,	চতুর্থী
৫	,,	পঞ্চমী	২০	,,	পঞ্চমী
৬	,,	ষষ্ঠী	২১	,,	ষষ্ঠি
৭	,,	সপ্তমী	২২	,,	সপ্তমী
৮	,,	অষ্টমী	২৩	,,	অষ্টমী
৯	,,	নবমী	২৪	,,	নবমী
১০	,,	দশমী	২৫	,,	দশমী
১১	,,	একাদশী	২৬	,,	একাদশী
১২	,,	দ্বাদশী	২৭	,,	দ্বাদশী
১৩	,,	ত্রয়োদশী	২৮	,,	ত্রয়োদশী
১৪	,,	চতুর্দ্দশী	২৯	,,	চতুর্দ্দশী
১৫	,,	পূর্ণিমা	৩০	,,	অমাবস্যা


নক্ষত্র শিক্ষার প্রণালী।

১	অঙ্কে	অশ্বিনী	১৫	অঙ্কে	স্বাতি
২	,,	ভরণী	১৬	,,	বিশাখা
৩	,,	কৃত্তিকা	১৭	,,	অনুরাধা
৪	,,	রোহিণী	১৮	,,	জ্যেষ্ঠা
৫	,,	মৃগশিরা	১৯	,,	মূলা
৬	,,	আর্দ্রা	২০	,,	পূর্ব্বাষাঢ়া
৭	,,	পুনর্ব্বসু	২১	,,	উত্তরাষাঢ়
৮	,,	পুষ্যা	২২	,,	শ্রবণা
৯	,,	অশ্লেষা	২৩	,,	ধনিষ্ঠা
১০	,,	মঘা	২৪	,,	শতভিষা
১১	,,	পূর্ব্বফল্গুনী	২৫	,,	পূর্ব্বভাদ্রপদ
১২	,,	উত্তরফল্গুনী	২৬	,,	উত্তরভাদ্রপদ
১৩	,,	হস্তা	২৭	,,	রেবতী
১৪	,,	চিত্রা			

রাশিশিক্ষার নিয়ম

১	অঙ্কে	মেষ	৭	অঙ্কে	তুলা
২	,,	বৃষ	৮	,,	বৃশ্চিক
৩	,,	মিথুন	৯	,,	ধনু
৪	,,	কর্কট	১০	,,	মকর
৫	,,	সিংহ	১১	,,	কুম্ভ
৬	,,	কন্যা	১২	,,	মীন

নিয়মস্থ চক্রে অঙ্কানুসারে স্বস্ব গৃহে দৃষ্টিপাত কর—



রাশি নির্ণয়

কোন্ কোন্ নক্ষত্রের যোগে কি কি রাশি হয় এবং কিরূপে জন্ম সময়ের রাশিচক্র স্থির করিতে হয় তাহার প্রমাণ ও অর্থ—

প্রমাণং—অশ্বিনী ভরণী কৃত্তিকা পাদৈকং-মেষঃ ১ কৃত্তিকা পাদত্রয়ং রোহিণী মৃগশিরা পাদদ্বয়ং বৃষঃ । ২ । মৃগশিরা পাদদ্বয়ং আর্দ্রা পুনর্ব্বসু পাদত্রয়ং মিথুনং ৩ পুনর্ব্বসু পাদৈকং পুষ্যা অশ্লেষা কর্কটঃ ৪ । মঘা পুর্ব্বফল্গুনী উত্তর

ফল্গুনী পাদৈকং সিংহঃ। ৫। উত্তরফল্গুনী পাদ ত্রয়ং হস্ত চিত্রা পাদদ্বয়ং কন্যা। ৬। চিত্রা পাদদ্বয়ং স্বাতি বিশাখা পাদত্রয়ং তুলা। ৭। বিশাখা পাদৈকং অনুরাধা জ্যেষ্ঠা বৃশ্চিকঃ। ৮। মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া পাদৈকং ধনুঃ। ৯। উত্তরাষাঢ়া পাদত্রয়ং শ্রবণা ধনিষ্ঠা পাদদ্বয়ং মকরঃ। ১০। ধনিষ্ঠা পাদদ্বয়ং শতভিষা পূর্ব্ব-ভাদ্রপদ পাদত্রয়ং কুম্ভঃ। ১১। পূর্ব্বভাদ্রপদ পাদৈকং উত্তরভাদ্রপদ রেবতী মীনঃ। ১২।

উক্ত পাদ শব্দার্থ

চারি ভাগের এক এক ভাগকে পাদ কহে। প্রত্যেক নক্ষত্রের পূর্ণ ভোগ্যাংশ চারিপাদ। যেমন এক টাকা চারি সিকিতে পূর্ণ হয় তেমনি প্রত্যেক নক্ষত্র চারিপাদে পূর্ণ হয়। অতএব নক্ষত্রের এক এক ভাগকে পাদ কহে; নক্ষত্রের চারি ভাগের এক ভাগকে এক পাদ, দুইভাগ দ্বিপাদ, তিন ভাগ ত্রিপাদ এবং চারি ভাগকে চতুষ্পাদ কহে। প্রত্যেক নক্ষত্রের চারি পাদ ৬০ দণ্ডে পূর্ণ হইলে এক এক পাদে ১৫ দণ্ড হয়। অতএব নক্ষত্রের এক পাদে ১৫ দণ্ড, দ্বিপাদে ৩০ দণ্ড, ত্রিপাদে ৪৫ দণ্ড এবং চতুষ্পাদে ৬০ দণ্ড হয়।

পাদের চিহ্ন; যথা—

এক পাদের চিহ্ন ... ... ।
দ্বিপাদের চিহ্ন ... ... ।।

ত্রিপাদের চিহ্ন ৸০
চতুষ্পাদের চিহ্ন ৸৴০

৯ নয় পদে এক একটী রাশি হয় ; যথা—

১ অশ্বিনী নক্ষত্রের ...	৬০ দণ্ডে..........	৸৴০ চারি পাদ
২ ভরণী নক্ষত্রের ...	৬০ দণ্ডে..........	৸৴০ চারি পাদ
৩ কৃত্তিকা নক্ষত্রের .	১৫ দণ্ডে..........	• এক পাদ।
		২০

এই নয় পাদে মেষ রাশি স্থির হইল

এইরূপ রাশি স্থির করিতে হইলে তিনটী নক্ষত্রের পাদ অর্থাৎ অংশ লইতে হইবে কোন কোনটীর পূর্ণ চারিপাদ, কোনটীর তিনপাদ, কোনটীর দুইপাদ, কোনটীর বা একপাদ একুনে ৯নয় পাদ হইলে একটী রাশি হইবে

উক্ত প্রমাণার্থ—

মেষরাশি।

১ অশ্বিনী নক্ষত্রের . ..	৬০ দণ্ডে ...	৸৴০ চারি পাদ
২ ভরণী নক্ষত্রের	৬০ দণ্ডে	৸৴০ চারি পাদ
৩ কৃত্তিকা নক্ষত্রের প্রথম	১৫ দণ্ডে . ... •	এক পাদ।
		২০

এই ৯ নয় পাদে মেষরাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'অ' কিম্বা 'ল'

মেষ রাশির লক্ষণ।

বচনম্—

ভবতি বিমলকেশী চাণ্ডত্যাগশীলেশ, নচ

ভবতি সম্বন্ধো নৈরপ্যানিত্যাসক্তি এগতি হিম শরীরে ভুক্তিবুভুক্ষুঃ প্রলাপী, স ভবতি পুরুষে-হৃষং মেষস্য শিষ্যঃ পুত্রঃ *

অস্যার্থঃ

যে ব্যক্তির মেষ রাশি হয়, তাহার কেশ নির্ম্মল, সে চপল ও বৈরাগ্যস্বভাব, কিন্তু অধিক ঐশ্বর্য্যশালী ও দরিদ্র হয় না এবং তাহার শরীর কফাধিক্য সম্পন্ন, ঐশ্বর্য্য নাই অথচ তৎসম্বন্ধে সে অনর্থক অনেক কথা কহিয়া থাকে।

মতান্তরে—

প্রহর্ষিতবদনঃ প্রিয়দর্শনো ধর্ম্মরতঃ পরস্ত্রী

---

* মেষাদি দ্বাদশ রাশির যে স্বভাবতঃ ফল লিখিত হই-তেছে উহাদের "পুণ্যবান ও পাপাচারী" ইত্যাদি রূপ বৈষ-ম্যের কারণ এই যে রাশির সম্পূর্ণ বা আংশিক ভোগ অনুসারে ফল ভাল মন্দ হইয়া থাকে এতদ্ব্যতীত কাহারও জন্ম রাশিতে কোন গ্রহ অবস্থান বা উহাকে দর্শন করিলে সেই রাশি ও গ্রহ উভয়েরই স্বভাবতঃ ফল কার্য্যকারী হওয়াতে লিখিত ফল গুলিক বৈলক্ষণ্য ঘটিতে পারে মনে করুন এক ব্যক্তির জন্মরাশি মেষ এবং ঐ রাশিতে বৃহস্পতি গ্রহ অবস্থান বা দৃষ্টি করিতেছেন; তাহা হইলে এই রাশি এবং গ্রহ উভয়েরই স্বভাবতঃ ফল তাহার উপর কার্য্যকারী হইবে এতদ্ভিন্ন এবিষয়ের অন্যান্য সূক্ষ্ম কথা এই পুস্তকের ভাগান্তরে সবিস্তার সমালোচনা করিবার ইচ্ছা রহিল।

রতঃ প্রিয়বাদী প্রথমবয়সি সক্রোধঃ প্রবাসরত শ্চতুষ্পাদঘাতকঃ বহুবৃত্তপূর্ব্বকঃ পানাসক্তঃ দর্পশীল এতানি গ্রহচিহ্নানি ভবন্তি। ৫ ১৫ ২৫। ৩৫ এষু বর্ষেষু অপমৃত্যুর্ভবতি। শুভগ্রহ নিরীক্ষিতো ভবতি তদা জীবতি ত্রিনবতি বর্ষানি, কার্ত্তিকে মাসি অমাবস্যায়াং ভরণীনক্ষত্রে মঙ্গলবারে দিবা প্রহরে গতে আমরোগেন বিনশ্যতি।

অস্যার্থঃ

যে ব্যক্তির মেষ রাশি হয় তাহার মুখমণ্ডল হর্ষ যুক্ত, সে প্রিয়দর্শন, ধার্ম্মিক পরস্ত্রীগমনকারী, প্রিয়বক্তা, শৈশবাবস্থায় রাগী, প্রবাসাভিলাষী, শিকারী, প্রচুরধনী, মদ্যপানে রত ও আত্মশ্লাঘাকারী হইয়া থাকে ৫ ১৫ ২৫। ৩৫ এই সকল বয়ঃক্রমে অস্বাভাবিক কারণে মৃত্যু হয় যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে ৯৩ বৎসরের কার্ত্তিক মাস অমাবস্যা মঙ্গল বার ভরণী নক্ষত্রে আমরোগ অর্থাৎ আমাশয় রোগাক্রান্ত হইয়া দিবা এক প্রহরের পর উক্ত বৎসরে পঞ্চত্ব প্রাপ্ত হয়

বৃষ রাশি

৩ কৃত্তিকা নক্ষত্রের শেষ	৪৫ দণ্ডে	৸০	ত্রিপাদ
৪ রোহিনী নক্ষত্রের .	৬০ দণ্ডে	৸/০	চারি পাদ
৫ মৃগশিরা নক্ষত্রের প্রথম ..	৩০ দণ্ডে .		দ্বিপাদ

এই ৯ নয় পাদে বৃষ রাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'উ' কিম্বা 'ব'

বৃষরাশির লক্ষণ।

রচনম্—

পৃথুলগলকপোলঃ স্থূলনেত্রোঽল্পবাদী, কুজন পরিসেবী প্রায়শঃ সৌখ্যমেধী, দ্বিজগুরু-জনভক্তঃ শ্লেষ্মবাতস্বভাবঃ, শিতকুটিলকচাগ্রো রাগশীলো বৃষাখ্যঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির বৃষ রাশি হয় তাহার কণ্ঠদেশ উন্নত, বিস্তৃতকপোল, সুগোল নেত্র, অল্পভাষী, কুসংসর্গী, সুখাভিলাষী, মেধাবী, ব্রাহ্মণ গুরু লোকের ভক্ত, শ্লেষ্মবাতযুক্ত-দেহ, কেশের অগ্রভাগ কটা, কুটিল, এবং কোপনি স্বভাবি হয়

মতান্তরে—

চক্ষুর্মণ্ডলং উপবৃংহিতগাত্রঃ ক্ষুধার্তঃ অল্পহারী ক্রোধী তেজস্বী দক্ষঃ বিচক্ষণঃ কুষ্ঠরোগী স্থিরবান্ ভাগ্যবান্ প্রবাসবর্দ্ধিতঃ স্ত্রীচপলঃ প্রেম-বাদী সৎকার্য্যানুরক্তঃ গোব্রাহ্মণভোজকঃ সত্য বাদী গ্রীবাকণ্ঠে তিলকং দক্ষিণপার্শ্বে শ্বেতরক্ত চিহ্নং এতানি গ্রহচিহ্নানি ভবন্তি। ৮। ১৮। ২৮ ৩৮। এষু বর্ষেষু অপমৃত্যু ভবতি আমরোগেন চতুষ্পাদঘাতেন বা। শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা জীবতি পঞ্চাশীতিবর্ষানি মার্গশীর্ষে

মাসি সিতে পক্ষে চতুর্দ্দশ্যাস্তিথৌ রোহিণী নক্ষত্রে দিবা প্রহরত্রয়ে শুক্রবারে শূলরোগেন বিনশ্যতি

অস্যার্থঃ

যে ব্যক্তির বৃষরাশি হয়, তাহার চক্ষু গোলাকার, এবং সে বর্দ্ধিত গাত্র, ক্ষুধার্ত্ত, অল্পাহারী, ক্রোধী, তেজস্বী, সকল কার্য্যে নিপুণ, ও বিজ্ঞ, চর্ম্ম রোগী কিম্বা কুষ্ঠ রোগী, ধীর প্রকৃতি, ভাগ্যবান, পরান্নে প্রতিপালিত, স্ত্রীলোক দেখিলেই চঞ্চল, মিষ্টভাষী, সংবাদ্যানুরক্ত, গো ব্রাহ্মণ প্রতিপালক, সত্যবাদী, ঘাড় অথবা কণ্ঠে শীর্ষাকৃতিচিহ্ন ও দক্ষিণপার্শ্বে শ্বেত বা রক্তবর্ণচিহ্নবিশিষ্ট হইয়া থাকে ৮ ১৮ ২৮ ৩৮ এই সকল বৎসর সময়ে অস্বাভাবিক কারণে মৃত্যু হয় এবং শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হইলে ৮৫ বৎসরে অগ্রহায়ণ মাসে শুক্লপক্ষের চতুর্দশী রোহিণী নক্ষত্র শুক্রবার দিবা তৃতীয় প্রহর সময়ে শূলরোগাক্রান্ত হইয়া যমনগরে গমন করেন

মিথুনরাশি

৫ মৃগশিরা নক্ষত্রের শেষ	৩০ দণ্ডে ...		দ্বিপাদ
৬ আর্দ্রা নক্ষত্রের	...৬০ দণ্ডে	... ৮/	চারিপাদ
৭ পুনর্ব্বসু নক্ষত্রের প্রথম	..৪৫ দণ্ডে ..	৮০	ত্রিপাদ
		২০	

এই নয় পাদে মিথুন রাশি হইয়া থাকে যাহার এই রাশি তাহার নামের প্রথম অক্ষর 'ক' কিম্বা 'ছ'।

মিথুন রাশির লক্ষণ।

বচনম্—

মৃদুকৃপচিতগাত্রশ্লিষ্টবিস্পষ্টবাক্যঃ, পবিজন-হিতকর্ত্তা পণ্ডিতো হাস্যযুক্তঃ। প্রকৃতিকফশরীরঃ শ্লেষ্মপিত্তপ্রপন্নো, ভবতি মিথুনরাশি গীতবাদ্যানুরক্তঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির মিথুন রাশি হয় তাঁহার শরীর অতি কোমল, কথা অস্পষ্ট, সে পরিজন বর্গের হিতকারী, পণ্ডিত ও হাস্য-যুক্ত, তাহার কফাধিক্য ও পিত্তশ্লেষ্মযুক্ত দেহ এবং সে গীতবাদ্যানুরাগী হইয়া থাকে

মতান্তরে—

প্রিয়দর্শনঃ আলস্যহীনঃ মিষ্টান্নপানযুতঃ চপলস্বভাবঃ গন্ধপুষ্পপ্রিয়ঃ আগমিকপণ্ডিতঃ পরার্থবস্তুরক্ষকঃ প্রথমবয়সি গুণবান্ পশ্চাদ্ধন-বান্ মৈথুনপ্রিয়ঃ সত্যবাদী শিরোরোগী কাশরোগী এতানি গ্রহচিহ্নানি ভবন্তি ৪। ১৪। ২৪। ৩৪ এষু বর্ষেষু অপমৃত্যুর্ভবতি শুভগ্রহনিরীক্ষিতো ভবতি ৭ তদা জীবতি বর্ষশতং পৌষে মাসি আর্দ্রা নক্ষত্রে কৃষ্ণৈকাদশ্যাং রাত্রৌ প্রহরে তে বুধবারে যক্ষ্মারোগেন বিনশ্যতি

অস্যার্থঃ—

যে ব্যক্তির মিথুন রাশি হয় সে দেখিতে সুন্দর, পরিশ্রমী, মিষ্ট দ্রব্য ও মিষ্টজল প্রিয়, চপলস্বভাব, গন্ধপুষ্পা দরক্ত, তন্ত্র শাস্ত্র ও অন্যান্য শাস্ত্রে পণ্ডিত, পরের বহু অর্থ ভক্ষাকারী, প্রথমবয়সে গুনবান, তৎপরে ধনবান, মৈথুন প্রিয়, সত্যবাদী, শিরোরুগ্ন ও কাশরোগীহইয়া থাকে ৪ ১৪ ২৪ ৩৪ এই সকল বয়ঃক্রমে আকস্মিক মৃত্যু হইয়া থাকে এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ১০০ বৎসরে পৌষ মাসে আর্দ্রা নক্ষত্রে কৃষ্ণপক্ষের একাদশী বুধবার রাত্রি এক প্রহরের পর যক্ষ্মারোগাক্রান্ত হইয়া মৃত্যুগ্রাসে পতিত হয়েন

কর্কটরাশি

১ পুনর্ব্বসু নক্ষত্রের শেষ ...... ১৫ দণ্ডে ... ১ একপাদ।
১ পুষ্যা নক্ষত্রের ... . ৬০ দণ্ডে ...... ৪ চারিপাদ।
১ অশ্লেষা নক্ষত্রের .... ৬০ দণ্ডে ...... ৪ চারিপাদ।

৯

এই সব পাদে কর্কট রাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'ড' কিম্বা হ

কর্কট রাশির লক্ষণ

বচনম্—

পবনকফশরীরো দেবদেহপ্রকাশঃ স্বয়মুপচিতবিত্তো দেবতাবিপ্রভক্তঃ কুলপতিবরতুল্যো মণ্ডলাকারমূর্ত্তি র্ভবতি বিপুলবিত্তঃ কর্কটো যস্য রাশিঃ।

অন্বয়ার্থঃ—

যে ব্যক্তির কর্কট রাশি হয় তাহার শরীর বায়ু ও কফ যুক্ত, দেহ অতি অপূর্ব্বশ্রীযুক্ত, সে স্বোপার্জ্জিত ধন ভোগ করে, দেবতাব্রাহ্মণে শ্রদ্ধা করে, বংশের শ্রেষ্ঠ হয় তাহার খর্ব্বাকার স্থূলদেহ এবং সে বিপুল ধনের অধিকারী হয়

মতান্তরে—

সর্ব্বসুখী সমর্থঃ বুদ্ধিমান্ ব্যবসায়ী বাল্যে দরিদ্রঃ পশ্চাদর্থবান্ দেবগুরুপূজকঃ বহুপোষকঃ ধর্ম্মবান্ বহুভাষী শূলরোগী বিষভোজী এতন্নিগ্রহচিহ্নানি ভবন্তি ।৪।১৪।২৪।৩৪ এষু বর্ষেষু অপমৃত্যুর্ভবতি অগ্নিভয় সর্পভয়ং বৃক্ষপতনাদ্ভয়ং শুভগ্রহদৃষ্টিতে ভবতি তদা পঞ্চনবতিবর্ষাণি জীবতি মাঘেমাসি কৃষ্ণৈক দশ্যাং পুনর্ব্বসু নক্ষত্রে সোমবারে দিবা প্রহরত্রয়োপরি জ্বররোগেন বিনশ্যতি।

অন্বয়ার্থঃ—

যে ব্যক্তির কর্কট রাশি হয় সে সর্ব্ব বিষয়ে সুখী, বলবান বুদ্ধিমান, ব্যবসায়ী, বাল্যাবস্থায় দরিদ্র, পরে ধনবান, দেবপূজানুরক্ত, বহুজনপ্রতিপালক, ধার্ম্মিক, বহুভাষী শূলরোগী বিষভোজী হইয়া থাকে ।১৪ ২৪ ৩৪ এই সকল বয়ঃক্রম সময়ে অস্বাভাবিক কারণে মৃত্যু হইয়া থাকে, এবং অগ্নিভয়, সর্পভয় ও বৃক্ষ হইতে পতন ভয় আছে যদি শুভগ্রহ দৃষ্টি

দৃষ্ট হয তাহা হইলে ৯৫ বৎসবে মাঘ মাসে পুনর্ব্বসু নক্ষত্র কৃষ্ণপক্ষেব একাদশী সোমবার দিবা তৃতীয় প্রহরের পব জ্বব রোগাক্রান্ত হইযা সমনসদনে গমন করেন

সিংহ রাশি।

১০ মঘানক্ষত্রের ... ৬০ দণ্ডে ... ... ৸৴০ চারিপাদ
১১ পূর্ব্বফল্গুনীনক্ষত্রের ৬০ দণ্ডে ... . ৸৴০ চারিপাদ।
১২ উত্তরফল্গুনীনক্ষত্রের প্রথম ১৫ দণ্ডে .. . একপাদ।

২০

এই ৯ নয পাদে সিংহ রাশি হইযা থাকে যাহার এই রাশি হয তাহার নামের প্রথম অক্ষর 'ম কিম্বা 'ঠ'।

সিংহরাশির লক্ষণ।

বচনম্—

উদরভবনতুষ্টঃ ক্রোধনো মাংসলুব্ধো, গহনগিরিগুহাযা মর্হকো বন্ধুহীনঃ। কপিল নয়নভঙ্গস্তুঙ্গং বক্ষঃ ক্ষতার্থে, ভবাত চ শূর-সবী পিশুনঃ সিংহরাশিঃ।

অন্বার্থঃ—

যে ব্যক্তির সিংহরাশি হয, সে উদরপরায়ণ, ক্রুদ্ধস্বভাব, মাংসলোলুপ, অরণ্যমধ্যে ও পর্ব্বতগুহাতে পূজ্য, সহায়হীন, কপিল বর্ণ, বক্রনযন, উচ্চবক্ষ, অসম্পূর্ণ-অভিলাষ, [illegible] ও ক্রূরস্বভাব হইযা থাকে

অন্যে—

তঃ বলবান্ বাগ্মী তেজস্বী শীঘ্রক্রোধী

রাজপূজিতঃ শ্রুতিধরঃ দেবগুরুপূজকঃ চপল দৃষ্টিঃ মৎস্যমাংসপ্রিয়ঃ ক্ষুধার্ত্তঃ বুদ্ধিমানে তানি গ্রহচিহ্নানি ভবন্তি ৫। ১৫। ২৫ ৩৫ এষুবর্ষেষু অপমৃত্যুর্ভবতি গ্রহণীগলগণ্ডচতুস্পাদ-হতঃ শিরোরোগী জ্বরাভিঘাতেন বা। যদা শুভগ্রহনিরীক্ষিতোভবতি তদা জীবতি অশীতি বর্ষানি ফাল্গুনেমাসি অমাবস্যাং রবিবারে মঘ-নক্ষত্রে মধ্যাহ্নে প্রমেহরোগেন বিনশ্যতি।

অস্যার্থঃ—

যে ব্যক্তির সিংহ রাশি হয়, সে ধার্ম্মিক, বলবান, বাক্-পটু, সত্বরক্রোধী রাজদ্বারে পূজনীয়, শ্রুতিধর, দেবগুরু পূজানুরক্ত, চঞ্চলদৃষ্টি, মৎস্যমাংসপ্রিয়, ক্ষুধার্ত্ত, বুদ্ধিমান হইয়া থকে ৫ ১৫ ২৫ ৩৫ এই সকল বয়ঃক্রম সময়ে আকস্মিক মৃত্যু হইয়া থাকে উদরাময়, গলগণ্ড, শিরোরোগ, জ্বর কিম্বা পশুকর্ত্তৃক মৃত্যু হয় যদি শুভ-গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে ৮০ বৎসরে ফাল্গুন মাসে আমাবস্যা রবিবারে মঘানক্ষত্রে মধ্যাহ্নসময়ে প্রমেহরোগ-ক্রান্ত হইয়া নিহত হয়

কন্যারাশি

১২ উত্তরফল্গুনী নক্ষত্রের শেষ	৪৫ দণ্ডে	৸০	ত্রিপদ
১৩ হস্তানক্ষত্রের	৬০ দণ্ডে	৸৴০	চারিপাদ
১৪ চিত্রানক্ষত্রের প্রথম	৩০ দণ্ডে	।০	দ্বিপাদ
		২০	

এই ৯ নয় পাদে কন্যারাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'প' কিম্বা 'থ'

কন্যারাশির লক্ষণ।

বচনম্—

বিমলমতিঃ সুশীলো দৈন্যযুক্তঃ কবির্বা, কৃশতনূ রতিযুক্তঃ ক্ষান্তিযুক্তস্বভাবঃ ভবতি নয়নরোগী ধার্ম্মিকঃ শীলযুক্তো, গুরুজনহিতকারী কন্যকা যস্য রাশিঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির কন্যারাশি হয় তাহার মন অতি নির্ম্মল সে সুশীল দৈন্যযুক্ত ও বক্তা হয় তাহার দেহ অতি কৃশ, সে মৈথুন প্রিয়, ক্ষমাবান চক্ষুরোগে আক্রান্ত, ধার্ম্মিক, শীলতাসম্পন্ন এবং গুরুজনের হিতকারী হয়

মতান্তরে—

জনপ্রিয়ঃ ক্ষুধার্তঃ রোগী শৃঙ্গারবান, ক্রূরঃ বহুভৃত্যপরিগ্রহঃ বুদ্ধিমান, বেদবিদৎপণ্ডিতঃ সর্ব্ববসনপ্রিয়ঃ বামপার্শ্বে শূলী এতানি গ্রহচিহ্নানি ভবন্তি। ৩। ১৩। ২৩। ৩৩ এষুবর্ষেষু অপমৃত্যুর্ভবতি অতিসারসান্নিপাতাদিভ্যঃ কৃষ্ণসর্পাদ্ভয়ং যদা শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা তানি বর্ষানি জীবতি চৈত্রেমাসি কৃষ্ণপ্রতিপদি,

হস্তানক্ষত্রে বুধবারে রাত্রৌ প্রহরত্রয়াৎ পরং গুল্মরোগেন বিনশ্যতি।

অস্যার্থঃ—

যে ব্যক্তির কন্যারাশি হয় সে জনপ্রিয়, ক্ষুধার্ত্ত, রোগী, মৈথুনপ্রিয়, খলস্বভাব, বহুভৃত্যযুক্ত, বুদ্ধিমান, বেদশাস্ত্রে পণ্ডিত, সর্ব্বপ্রকার বসনে পরিতুষ্ট ও বামপার্শ্বে বেদনাযুক্ত হয়। ৩ ১৩। ২৩। ৩৩। এই সকল বয়ঃক্রম সময়ে অপমৃত্যু হয় অতিসার সান্নিপাত কিম্বা কৃষ্ণসর্প হইতে ভীত হয়। কিন্তু যদি শুভগ্রহ কর্ত্তৃক লক্ষিত হয় তাহা হইলে ১০০ এক শত বর্ষ বয়ঃক্রমে চৈত্রমাসে কৃষ্ণপক্ষের প্রতিপদে হস্তা-নক্ষত্রে বুধবার রাত্রি তিন প্রহরের পর গুল্মরোগাক্রান্ত হইয়া মানবলীলা সম্বরণ করেন।

তুলারাশি।

১৪ চিত্রানক্ষত্রের শেষ ...	৩০ দণ্ডে ...	৷	দ্বিপাদ
১৫ স্বাতিনক্ষত্রের	৬০ দণ্ডে ...	৸৴০	চারিপাদ।
১৬ বিশাখানক্ষত্রের প্রথম .	৪৫ দণ্ডে ...	৸০	ত্রিপাদ।

২০

এই নয় পাদে তুলারাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'র' কিম্বা 'ত'

তুলারাশির লক্ষণ।

বচনম্—

ভবতি শিথিলগাত্রো নাতিদীর্ঘপ্রমাণো, জনয়তি পরিতোষং বান্ধবানাং সুহৃৎসু। অতি-

শয়বহুভোগী জ্যোতিষাং জ্ঞানযুক্তো ভবতি বিমলকেশী তৌলিকো যস্য রাশিঃ।

অন্বার্থঃ—

যে ব্যক্তির তুলারাশি হয় তাহার গাত্র অতি নরম, মধ্যমাকৃতি, সে বান্ধবগণের সন্তোষকারক, বহুভোগী, জ্যোতিষ শাস্ত্রজ্ঞ, নির্ম্মলকেশ হয়

মতান্তরে—

সৈন্যাধ্যক্ষঃ বলবান্ ক্ষিপ্রক্রোধী হৃদয়-রোগী কুষ্ঠী চপলস্বভাবঃ বিদ্বান্ পিতৃবৎসলঃ দেবগুরুপূজকঃ সর্ব্বধর্ম্মরতঃ পরোপকারী, বিবলবালকশ্চতুষ্পাদাহতশ্চ এতানি গ্রহচিহ্নানি ভবন্তি। ৩ ১৩ ২৩ ৩৩। এষু বর্ষেষু অপমৃত্যুর্ভবতি অতিসারসর্পাঘাত জ্বরেভ্যশ্চ বিভেতি যদা শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা বর্ষশতং জীবতি বৈশাখে মাসি কৃষ্ণপঞ্চম্যাং শুক্রবারে স্বাতিনক্ষত্রে দিবা প্রহরত্রয়োপরি বিষ্ণুপটে পাণ্ডুরোগেন বিনশ্যতি

অন্বার্থঃ—

যে ব্যক্তির তুলারাশি হয় সে সেনাপতি, ধনবান, সত্বরক্রোধী, হৃদয়রোগী, চর্ম্মরোগী, কুষ্ঠরোগী, চঞ্চলস্বভাব, বিদ্বান্, পিতৃবৎসল, দেবগুরুপূজানুরক্ত, সর্ব্বধর্ম্মানুরক্ত, পরোপকারী, বালকের সহিত কথা কহিতে অনিচ্ছুক, চতু

পাদ জন্তুকর্তৃক আহত হইয়া থাকে ৩১৩২৩৩৩ এই সকল বয়ঃক্রম সময়ে অপমৃত্যু হয় এবং সময়ে সময়ে অতিস্ব জ্বর ও সর্পাঘাত হইতে ভীত হয় কিন্তু যদি গুরু হ কর্তৃক লক্ষিত হয় তাহা হইলে একশত ১০০ বৎসর বয়ঃক্রম সময়ে বৈশাখ মাসে কৃষ্ণপক্ষের সং শুক্রবার স্বাতিনক্ষত্রে দিবা তিন প্রহরের পর বিষ্ণুসমক্ষে গাঙ্গুরোগা ক্রান্ত হইয় বিনষ্ট হয়।

বৃশ্চিক রাশি।

১৬ বিশাখা নক্ষত্রের শেষ	... ১৫ দণ্ডে	... এক পাদ
১৭ অনুরাধা নক্ষত্রের	... ৬০ দণ্ডে	৬/০ চারি পাদ
১৮ জ্যেষ্ঠা নক্ষত্রের	... ৬০ দণ্ডে	... ৬/০ চারি পাদ।
		২০

এই ৯ নয় পাদে বৃশ্চিক রাশি হইয়া থাকে। যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'ন কিম্বা য' হইবে

বৃশ্চিকরাশির লক্ষণ।

বচনম্—

বন্ধুজনধনদাতা স্ত্রীযু . সৌভাগ্যযুক্তো হ্যতিশয়মতিপূর্ণো রাজসেবানুরক্তঃ। অভিলষতি পরস্ত্রীং নিত্যমুদ্যোগযুক্তো, দৃঢ়মতি রতিশূরো বৃশ্চিকো যস্য রাশিঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির বৃশ্চিক রাশি হয় সে অতিশয় দাতা হয়, নারীর হস্তে সৌভাগ্য অর্পণ করে, অতিশয় মতিমান,

রাজসেবায় অনুরক্ত, পরস্ত্রীলাভের জন্য সর্ব্বদা চেষ্টিত, সর্ব্বদা উদ্যোগশীল, কঠিনহৃদয়, অতিশয় বলবান হয়

মতান্তরে—

উপচীতগাত্রঃ অঙ্গনানাং প্রেমোন্মত্তহৃদয়ঃ সদা রোগী স্থির বা ত্তঃ চিরকালক্রোধযুক্তঃ নিরক্ষরঃ পিত্তজনিত অর্শরোগী পশ্চাৎ সমৃদ্ধযোগঃ চতুষ্পদাহতঃ কৃষ্ণসর্পাদ্ভয়ং বৃক্ষপতনাদ্বা এতানি গ্রহ চিহ্নানি ভবন্তি । ৮। ১৮। ২৮। ৩৮। এষু বর্ষেষু অপমৃত্যুর্ভবতি বালগ্রহকুক্ষিরোগী যদা শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা অশীতিবর্ষাণি জীবতি জ্যৈষ্ঠেমাসি শুক্লপক্ষে নবম্যাং অনুরাধা নক্ষত্রে মঙ্গলবারে দিবা প্রহরে গতে আমরোগেন বিনশ্যতি

অস্যার্থঃ

যে ব্যক্তির বৃশ্চিক রাশি হয় সে দীর্ঘাকার, স্ত্রীলোকের প্রেমোন্মত্ত, সর্ব্বদা রোগগ্রস্ত, স্থিরসম্পত্তি, চিরকাল কোপন স্বভাব, মূর্খ, পিত্তজনিত অর্শরোগাক্রান্ত, পশ্চাৎ ধনী, পশু কর্ত্তৃক আহত, কৃষ্ণসর্প হইতে ভীত হয় এবং বৃক্ষ হইতে তাহার পতনভয় হইয়া থাকে ৮ ১৮ ২৮ ৩৮ এই সকল বয়ঃক্রম সময়ে অপমৃত্যু হয় সে কুক্ষিদেশে রোগগ্রস্ত এবং বালগ্রহজনিতরোগে * আক্রান্ত হয় কিন্তু

---

* শিশুদিগের পীড়াদায়ক গ্রহবিশেষকে বালগ্রহ বলে সূতিকা গৃহে এবং কখন কখন শিশুর ছয় সাত মাস

যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে ৮০ বৎসরে জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের নবমী অনুরাধা নক্ষত্র মঙ্গলবার দিবা এক প্রহরের পর আমরোগাক্রান্ত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়

ধনুরাশি।

১৯ মূলা নক্ষত্রের	...	৬০ দণ্ডে..	... ৮/০	চারি পাদ
২০ পূর্ব্বাষাঢ়া নক্ষত্রের		৬০ দণ্ডে ..	... ৮/০	চারি পাদ
২১ উত্তরাষাঢ়া নক্ষত্রের প্রথম		১৫ দণ্ডে	• ৫ক	পাদ
			২০	

এই ৯ নয় পাদে ধনুরাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'ধ' কিম্বা 'ভ'

ধনুরাশির লক্ষণ।

ধনুরিব গুণযুক্তঃ কীর্ত্তিভাক্ পূজনীয়ঃ কুলপতী রতিযুক্তো বন্ধুবর্গৈকপাত্রঃ। বহুধনজন যুক্তো দেববিপ্রসেবী, মৃদুগতিরসহিষ্ণুঃ কার্ম্মুকো যস্য রাশিঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির ধনুরাশি হয় সে ধনুর ন্যায় গুণসম্পন্ন, কীর্ত্তিমান পূজ্য, বংশের শ্রেষ্ঠ, রমণাসক্ত, বন্ধুবর্গের অতিশয়

বয়স পর্য্যন্ত শিশুর উপর উহার ক্ষমতা লক্ষিত হয় শিশু দিগের পেঁচো, চোযালে প্রভৃতি যে সমস্ত ভৌতিক রোগ জন্মিয়া থাকে তৎসমুদায়ই বালগ্রহজনিত জানিতে হইবে।

প্রিয়পাত্র, ধনবান বহুজনযুক্ত, দেববিপ্রসেবী, মৃদুস্বভাব ও অসহকারী হয়

মতান্তরে—

পবিত্রগতি ধৃতিমান, সত্যবাদী সদাদক্ষঃ পরস্ত্রীরতঃ বিষাদশীলঃ সুপণ্ডিতঃ মধ্যমেমধ্যস্থঃ পানাশক্তঃ দেবপ্রিয়ঃ এতানি গ্রহচিহ্নানি ভবন্তি। ৮। ১৮। ২৮। ৩৮ এষুবর্ষেষু অপমৃত্যু-র্ভবতি জ্বররোগগলরোগশিরোরোগোদরাময়া ভবন্তি যদা শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা জীবতি পঞ্চাশীতি বর্ষাণি আষাঢেমাসি কৃষ্ণ পক্ষে গুরুবারে প্রহরে গতে পূর্ব্বাষাঢ়ানক্ষত্রে বাতরোগেন বিনশ্যতি।

অস্যার্থঃ—

যে ব্যক্তির ধনুরাশি হয় সে পবিত্রপথে গমনকারী, বুদ্ধিমান, সত্যবাদী, সর্ব্বদা কার্য্যপটু, পরস্ত্রী-আসক্ত, বিষণ্ণচিত্ত, বিজ্ঞ, মধ্যবয়সে সুরাপায়ী ও দেবপ্রিয় হইয়া থাকে। ৮ ১৮ ২৮ ৩৮ এই সকল বয়ঃক্রমে অস্বাভাবিক কারণে মৃত্যু হয় জ্বর, গলরোগ, শিরো রোগ ও উদরাময় হয় কিন্তু যদি শুভগ্রহ কর্তৃক লক্ষিত হয় তাহা হইলে ৮৫ বৎসর বয়সে আষাঢ় মাস কৃষ্ণপক্ষ বৃহস্পতিবার পূর্ব্বাষাঢ়া নক্ষত্র এক প্রহরের পর বাতরোগে বিনষ্ট হয়

মকররাশি।

২১ উত্তরাষাঢ়া নক্ষত্রের শেষ	৪৫ দণ্ডে .. ৬০	ত্রিপাদ।
২২ শ্রবণা নক্ষত্রের	৬০ দণ্ডে .. ৬/০	চারিপাদ
২৩ ধনিষ্ঠা নক্ষত্রের প্রথম	৩০ দণ্ডে ..	দ্বিপাদ।
	২০	

এই ৯ নয় পাদে মকর রাশি হইয়া থাকে। যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর খ' কিম্বা য'

মকর রাশির লক্ষণ।

বচনম্

অভিলষতি পরস্ত্রীং লব্ধসম্পত্তিভোগী কুলপতি বিরতুল্যো মৈথুনপ্রীতিযুক্তঃ। কৃশ মতিতনুযুক্তো বন্ধুবর্গৈকপাত্রো, ভবতি মকর রাশি মানবো বীরভাবঃ।

অস্যার্থঃ—

যে ব্যক্তির মকররাশি হয় সে সর্ব্বদা পরস্ত্রী সম্ভোগে অভিলাষ করে, লব্ধসম্পত্তি ভোগ করে, কুলপতি তুল্য মান্য, স্ত্রীসম্ভোগে প্রীতিলাভ করে, তাহার মনের ভাব ও আকৃতি কৃশ, বন্ধুবর্গের একমাত্র প্রিয়পাত্র এবং বীর-স্বভাব হয়।

মতান্তরে—

মুখরো মৌনশীলঃ বহুপোষকঃ অর্থবান্ বিচক্ষণঃ সত্যবান্ ব্যবসায়ী গন্ধপুষ্পপ্রিয়ঃ ক্ষিপ্রক্রোধী পরস্ত্রীরতঃ বহুরাজপূজকঃ রক্তপিত্তজনিত

রোগ এতানি গ্রহচিহ্নানি ভবন্তি ৩ ১৩। ২৩। ৩৩ এষু বর্ষেষু অপমৃত্যু র্ভবতি আমরোগ-মূত্রকৃচ্ছ-অর্শবাতরোগ ভবন্তি যদ শুভগ্রহ নিরীক্ষিতো ভবতি তদা চতুঃষষ্ঠী বর্ষানি জীবতি শ্রাবণেমাসি কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাং রাত্রৌ দ্বিতীয় প্রহরে ধনিষ্ঠানক্ষত্রে শনিবারে জ্বররোগেন বিনশ্যতি।

অস্যার্থঃ—

যে ব্যক্তির মকর রাশি হয় সে বাক্পটু কিন্তু সর্ব্বদা মৌনভাবে থাকে, বহুজনপ্রতিপালক ধনবান, বিজ্ঞ, সত্য-বাদী, ব্যবসায়ী, গন্ধপুষ্পপ্রিয়, সত্বরক্রোধী, পরস্ত্রী আসক্ত, রাজদ্বারে মাননীয়, রক্তপিত্তরোগ ক্রান্ত হয় ৩ ১৩। ২৩ ৩৩ এই সকল বয়ঃক্রম সময়ে অপমৃত্যু হয় আমরোগ, মূত্রকৃচ্ছ, অর্শ ও বাতরোগ হইয়া থাকে কিন্তু শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ৬৪ বৎসর বয়সে শ্রাবণ মাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী ধনিষ্ঠানক্ষত্র শনিবার রাত্রি দ্বিতীয়প্রহরে জ্বর ও উক্ত রোগাক্রান্ত হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হয়।

কুম্ভরাশি।

২৩ ধনিষ্ঠা নক্ষত্রের শেষ	৩০ দণ্ডে	॥	দ্বিপাদ
২৪ শতভিষা নক্ষত্রের	৬০ দণ্ডে	৸৵০	চারিপাদ
২৫ পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের প্রথম	৪৫ দণ্ডে	৸০	ত্রিপাদ
			২০

এই ৯ নয় পাদে কুম্ভরাশি হইয়া থাকে যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'গ' কিম্বা 'শ'

কুম্ভরাশির লক্ষণ

উরগইব সহিষ্ণুঃ সুন্দরশোভিত স্যঃ, স্থির-ধনোঽভিমানী মানবঃ শুদ্ধচিত্তঃ বহুজনপতি র্ভোগী জ্ঞাতিবর্গেষু মোদী, বুধজনহিতকারী কুম্ভরাশির্মনুষ্যঃ

অস্যার্থঃ—

যে ব্যক্তির কুম্ভরাশি হয়, সে ভুজঙ্গসদৃশ সহকারী, সুপুরুষ, সুন্দরমুখ, স্থিরসম্পত্তি, অভিমানী নির্ম্মলচিত্ত, বহুজনের অধিপতি, ভোগী, জ্ঞাতিবর্গের আনন্দদায়ী এবং পণ্ডিতগণের হিতকারী হয়

মতান্তরে—

ধর্ম্মবিৎ স্থিরচিত্তঃ ধনবান্ সুপণ্ডিতঃ ব্যবসায়ী উপচিতভোগী মিষ্টভাষী গুণবান্ সত্বরক্রোধী ক্ষুধার্ত্তঃ নিদ্রালুঃ প্রচুরভূতি বেতানি গ্রহচিহ্নানি ভবন্তি ৮ ১৮ ২৮ ৩৮ এষুবর্ষেষু অপমৃত্যু র্ভবতি। আমরোগ মূত্রকৃচ্ছার্শবাতরোগা ভবন্তি যদা শুভগ্রহনিরীক্ষিতো ভবতি তদা জীবতি দ্বিনবতিবর্ষাণি ভাদ্রেমাসি কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যান্তিথৌ শতভিষানক্ষত্রে সোমবারে দিবা প্রহরে মৃতে ক্লিশ্যতি।

অস্যার্থঃ

যাহার কুম্ভরাশি হয় সে ধার্ম্মিক, স্থিরচিত্ত, ধনবান, পণ্ডিত, ব্যবসায়ী, সঞ্চিতধনভোগী, মিষ্টভাষী, গুণবান, সত্ত্বরক্রোধী, ক্ষুধার্ত্ত, নিদ্রালু প্রচুর সম্পত্তির অধিকারী হয় ৮ ১৮ ২৮ ৩৮ এই সকল বয়ঃক্রমে অপমৃত্যু হইয়া থাকে আমাশয়, মূত্রকৃচ্ছ, অর্শ কিম্বা বাতরোগ হইয়া থাকে কিন্তু যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে ৯২ বৎসরে ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী শতভিষানক্ষত্র সোমবার দিবা একপ্রহরের পর প্রাণত্যাগ করেন

মীনরাশি।

২৫. পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের শেষ	. ১৫ দণ্ড	.	একপাদ
২৬ উত্তরভাদ্রপাদ নক্ষত্রের	...৬০দণ্ডে	.৸৴০	চারিপাদ।
২৭ রেবতী নক্ষত্রের	...৬০ দণ্ডে	..৸৴০	চারিপাদ
			২০

এই ৯ নয়পাদে মীন রাশি হইয়া থাকে * যাহার এই রাশি হয় তাহার নামের প্রথম অক্ষর 'দ' কিম্বা 'চ

* প্রত্যেক রাশির নিম্নে লিখিত হইয়াছে যে "এই নয় পাদে .....রাশি হইয়া থাকে" এস্থলে আরও জানিতে হইবে যে উক্ত নয় পাদের মধ্যে যে কোন পাদে কাহারও জন্ম হইলে তাহার সেই জন্মরাশি হইবে "যথা— পূর্ব্বভাদ্রপদের শেষ একপাদ, উত্তরভাদ্রপদের ৪ পাদ ও রেবতীর ৪ পাদ এই নয় পাদের মধ্যে যে কোন পাদে জন্ম হইলে মীনই জন্মরাশি হইবে

মীনরাশির লক্ষণ।

বচনম্—

প্রচুরধনজনাঢ্যো দেবকার্য্যেষু ভক্তঃ, সুচির-কুটিলদেহী পণ্ডিতঃ খ্যাতনামা অভিভবতি সপত্নান্ চারুকান্তির্বিনোদী, কনকরজতভোগী পণ্ডিতো মীনরাশিঃ

অস্যার্থঃ—

যে ব্যক্তির মীন রাশি হয় সে বিপুলধনী, বহুজনের অধিপতি, দৈবকার্য্যে শ্রদ্ধাবান, দীর্ঘজীবী, কুটিলদেহী, পণ্ডিত বলিয়া গণ্য খ্যাতিভাজন, শত্রু পরাভবকারী, মনোহরকান্তি, আনন্দযুক্ত, সুবর্ণরজতভোগী ও বিদ্যাবান হয়।


মতান্তরে

অর্থবান্ মনুষ্যপ্রিয়ঃ বহুভৃত্যপূরক উদর-রোগী পরস্ত্রীরতঃ ক্ষিপ্রক্রোধী দেবগুরুপূজকঃ গন্ধমাল্যপ্রিয়ঃ শ্রুতিধরঃ সুন্দরদেহ এতানি গ্রহচিহ্নানি ভবন্তি ৮। ১৮। ২৮। ৩৮। এষুবর্ষেষু অপমৃত্যুর্ভবতি অতিসারকুক্ষীরোগবাতব্যাধি যুতঃ যদা শুভগ্রহনিরীক্ষিতোভবতি তদা বর্ষাণি শতানি জীবতি আশ্বিনেমাশি কৃষ্ণেপক্ষে চতুর্দশ্যাং পূর্ব্বফল্গুণী নক্ষত্রে গুরুবারে জ্বররোগেন আমরোগেন বা বিনশ্যতি

অস্যার্থঃ—

যাহার মীনরাশি হয় সে ধনী, জনপ্রিয়, বহুভৃত্য পরিবৃত উদররোগী, পরস্ত্রীরত, সর্ব্বক্রোধী, দেবগুরু পূজানুরক্ত, সুগন্ধিদ্রব্যপ্রিয় শ্রুতিধর ও সুশ্রী হইয়া থাকে ৮ ১৮।২৮ ৩৮ এই সকল বর্ষঃক্রমে অপমৃত্যু হইয়া থাকে অতিসার, কুক্ষীরোগ কিম্বা বাতরোগ হয় কিন্তু যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে ১০০ একশত বৎসরে আশ্বিনমাসের কৃষ্ণপক্ষের চতুর্দ্দশী পূর্ব্বফল্গুনীনক্ষত্র বৃহস্পতিবারে জ্বর কিম্বা আমরোগাক্রান্ত হইয়া যমনসদনে গমন করেন

পূর্ব্বোক্ত প্রমাণানুযায়ী জ্যোতিষ চক্র।



কোন্ নক্ষত্রে জন্মগ্রহণ করিলে কি গণ হয় তাহার বচন ও অর্থ।

গণ তিন প্রকার ; যথা—দেবগণ, নরগণ ও রাক্ষসগণ

বচনম্—

হস্তাস্বাতি মৃগাশ্বিনী হরিগুরু পৌষ্ণানুরাধ দিতিশ্চার্দ্রা রোহিনী চোত্তরাণি ভরণী পূর্ব্বাণি-ভানিত্রয়ং। জ্যেষ্ঠাশ্লেষবিশাখমূলবরুণাবস্বগ্নি চিত্রামঘাঃ কথ্যন্তে মুনিভির্যথাক্রম গণী দেবা নরারাক্ষসঃ।

অস্যার্থঃ—

দেবগণ—হস্তা স্বাতি, মৃগশিরা, অশ্বিনী, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধ ও পুনর্ব্বসু

নরগণ আর্দ্রা, রোহিণী, উত্তরফল্গুনী, উত্তরভাদ্রপদ, উত্তরাষাঢ়া, ভরণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদ

রাক্ষসগণ—জ্যেষ্ঠ, অশ্লেষা, বিশাখা মূলা, শতভিষা, ধনিষ্ঠা, কৃত্তিকা, চিত্রা ও মঘ

উক্ত গণত্রয়সম্বন্ধীয় নক্ষত্রগুলি অঙ্কপাত দ্বারা নিম্নে লিখিত হইল যথা

দেবগণ	১৩, ১৫, ৫, ১, ২২, ৮, ২৭, ১৭, ৭

নবগণ	৬, ৪, ১২ ২১, ২৬, ২. ১১, ২০, ২৫
রাক্ষসগণ	১৮, ৯, ১৬, ১৯, ২৪, ২৩, ৩, ১৪ ১০

বর্ণপ্রকরণ।

বর্ণ চারিপ্রকার, যথা—বিপ্রবর্ণ, ক্ষত্রিয়বর্ণ, বৈশ্যবর্ণ ও শূদ্রবর্ণ

কোন্ রাশিতে জন্ম হইলে কি বর্ণ হইবে নিম্নে তাহা বিশেষ করিয়া বর্ণিত হইল

বচনম্—


কর্কিমীনালয়োবিপ্রাঃ ক্ষত্রাঃ সিংহতুলা হয়াঃ।
বৈশ্যাঃ কুম্ভাজযুগ্মশ্চ, শূদ্রা বৃষমৃগাঙ্গনাঃ

তস্যার্থঃ—

মীন কর্কট বৃশ্চিক	বিপ্রবর্ণ	সিংহ তুলা ধনু	ক্ষত্রিয়বর্ণ
কুম্ভ মিথুন মেষ	বৈশ্যবর্ণ	মকর বৃষ কন্যা	শূদ্রবর্ণ

উক্ত বর্ণানুযায়ী নিম্ন চক্রে স্ব স্ব গৃহে

দৃষ্টিপাত কর ;—



ইংরাজী সময়কে বাঙ্গলা সময়ে প্রবর্তিত করিবার নিয়ম

৬০	অনুপলে	১ বিপল।
৬০	বিপলে	১ একপল
৬০	পলে	১ একদণ্ড
৬০	দণ্ডে	১ একদিবারাত্র।
১ একসেকেণ্ডে		২ ০ বিপল

১ এক মিনিটে বা ৬০ সেকেণ্ডে	... .	২ ০ পল
১ এক ঘণ্টা বা ৬০ মিনিটে	.. ..	২ ০ দণ্ড
২৪ ঘণ্টা বা ৬০ দণ্ডে	... ...	১ একদিবারাত্র

সূর্য্য উদয় হইতে দিব দুইপ্রহর বা বার ঘটিকার মধ্যে জন্ম হইলে ইংরাজী সময়কে কিরূপে বাঙ্গলা দণ্ডপলাদি করিতে হয় তাহার নিয়ম যথা —

দুই প্রহর বা বার ঘটিকার মধ্যে যে ঘণ্টায় যে মিনিটে বা যে সেকেণ্ডে জন্ম হইবে সেই ঘণ্টা সেই মিনিট বা সেই সেকেণ্ডকে ২ ০ আড়াইগুণ করিলে যে গুণফল হইবে তাহা হইতে সেই দিবসের নিশার্দ্ধ অর্থাৎ রাত্রিমানের অর্দ্ধেক বিয়োগ করিলে যে ফল হইবে তাহাই বাঙ্গালা দণ্ড, পল ও বিপল

দিনমান ও নিশামান।

পঞ্জিকাতে দিনমানকে দিবা ও নিশামানকে রাত্রি বলিয়া উল্লিখিত আছে

দিনমান যত দণ্ড যত পল হইবে তাহা হইতে ৬০ বিয়োগ করিলে যে ফল হইবে তাহাই নিশামান

দিবারাত্র দণ্ড = ৬০ ০

তন্মধ্যে দিনমান — ৩২ ২৮ পল

বিয়োগফল ২৭ ৩২ ইহাই নিশামান,

ইহাকে ২ দুই দিয়া ভাগ করিলে যে ভাগফল হইবে তাহাই নিশার্দ্ধ

দণ্ড পল

২৭ ৩২

২) ২৭ (১৩
২৬

১
৬০

৬০
৩২

---

২) ৯২ (৪৬
৮

১২
১২

অতএব নিশার্দ্ধ ১৩ দণ্ড ৪৬ পল।

১ম কোষ্ঠীর উদাহরণ।

সন ১২৯৩ সাল, শকাব্দা ১৮০৮

২৭শে বৈশাখ রবিবার ইংরাজী দিবা ৮ ঘটিকা ১০ মিনিট ১২ সেকেণ্ডে জন্ম হইলে বাঙ্গালা কত দণ্ড, কত পল ও কত বিপল হইবে তাহা নিম্নে দৃষ্টিপাত করিলে বুঝিতে পারিবে—

	দণ্ড	পল	বিপল
৮ ঘটায়			
৮ × ২॥	২০	০	০
১০ মিনিটে			
১০ × ২ —	০	২৫	০
১২ সেকেণ্ডে			
১২ × ২॥	০	০	৩০
যোগফল	২০	২৫	৩০
নিশার্দ্ধ	১৩	৪৬	০
বিয়োগফল	৬	৩৯	৩০

অতএব উল্লিখিত তারিখের উক্ত ইংরাজী সময় বাঙ্গালা ৬ দণ্ড ৩৯ পল ৩০ বিপল জাতদণ্ড অর্থাৎ জন্মসময়

দিবা দুই প্রহরের পর অর্থাৎ বারটার পর সূর্য্যাস্ত বা সন্ধ্যার মধ্যে জন্ম হইলে ইংরাজী সময়কে বাঙ্গলা দণ্ড, পল ও বিপল করিবার নিয়ম; যথা—

দুই প্রহর বা বারটার পর যে ঘণ্টায় যে মিনিটে বা সেকেণ্ডে জন্ম হইয়াছে তাহাকে ২॥০ আড়াই গুণ করিলে যে গুণফল হইবে তাহাকে জন্মদিনের দিনমানের অর্দ্ধাংশের সহিত যোগ করিলে বাঙ্গালা জাতদণ্ড, পল ও বিপল হইবে

২য় কোষ্ঠীর উদাহরণ।

সন ১২৯২ সাল, শকাব্দা ১৮০৭

২৫শে জ্যৈষ্ঠ শনিবার দিবা ইংরাজী ১ একটা ১৩ মিনিট ২৮ সেকেণ্ডে জন্ম হইলে বাঙ্গালা কত দণ্ড, কত পল ও কত বিপল হইবে তাহা নিম্নে দৃষ্টিপাত করিলে বুঝিতে পারিবেন,—

২৫শে জ্যৈষ্ঠের দিনমান ৩৩ ২১; ইহাকে দুই দিয়া ভাগকরিলে যে ভাগফল হইবে তাহাই দিনার্দ্ধ

দণ্ড পল।
২) ৩৩—২১ (১৬
৩২
————
১
৬০
————
৬০
২১
————
২)৮১ (৪০
৮০
————
১
৬০
————
২)৬০ (৩০ অতএব দিনার্দ্ধ ১৬দণ্ড ৪০ প
৬০ ৩০ বিপল।
————

	দণ্ড	পল	বিপল	অনুপল
দিনার্দ্ধ	১৬	৪০	৩০	০
ঘণ্টায়				
১×২	২	৩০	০	০
৩ মিনিটে				
১৩×২	০	৩২	৩০	০
২৭ সেকেণ্ডে				
২৭×২।০	০	১	৭	৩০
যোগফল	১৯	৪৪	৭	৩০

অতএব উল্লিখিত তারিখের উক্ত ইংরাজী সময় বাঙ্গলা ১৯ দণ্ড ৪৪ পল ৭ বিপল ৩০ অনুপল জাতদণ্ড অর্থাৎ জন্ম সময়

সূর্য্যাস্ত হইতে রাত্রি দুই প্রহর বা ১২ ঘটিকার মধ্যে জন্ম হইলে ইংরাজী সময়কে বাঙ্গলা দণ্ড পল ও বিপল করিবার নিয়ম ; যথা—

রাত্রি দুই প্রহরের মধ্যে যে ঘণ্টা যে মিনিটে ও যে সেকেণ্ডে জন্ম হইবে সেই ঘণ্টা মিনিট ও সেকেণ্ডকে ২।০ আড়াই গুণ করিলে যে গুণফল হইবে তাহা হইতে সেই দিনের দিনার্দ্ধ অর্থাৎ দিনমানের অর্দ্ধেক বিযোগ করিলে যে ফল হয় তাহাই বাঙ্গালা দণ্ড, পল ও বিপল হইবে। ০

৩য় কোষ্ঠীর উদাহরণ।

সন ১২৯২ সাল, শকাব্দা ১৮০৭।

উই আষাঢ় মঙ্গলবার রাত্রি ইংরাজী ৮টা ৩৬ মিনিটে

জন্ম হইলে বাঙ্গলা কত দণ্ড, কত পল ও কত বিপল হইবে তাহা নিম্নে দৃষ্টিপাত করিলে বুঝিতে পারিবেন ;———

উক্ত তারিখের দিনমান ৩৩।৪০ ; সুতরাং দিনার্দ্ধ ১৬ দণ্ড ৫০ পল।

	দণ্ড	পল
৮ ঘণ্টায়		
৮×২।০	২০	০
৩৬ মিনিট		
৩৬×২।০	১	৩০
যোগফল	২১	৩০
দিনার্দ্ধ	১৬	৫০
বিয়োগফল	৪	৪০

অতএব রাত্রিজাতদণ্ড ৪ ৪০ পল

ইহাতে দিনমান যোগ করিলে উদয়াবধি জাতদণ্ড স্থির হইবে, যথা—

রাত্রিজাত দণ্ড—— ৪ ৪০

দিনমান————৩৩ ৪০

৩৮ ২০ উদয়াবধি জাতদণ্ড

রাত্রি দুই প্রহর বা বারটার পর সূর্য্যোদয়-মধ্যে জন্ম হইলে সেই ইংরাজী সময়কে বাঙ্গালা দণ্ড, পল ও বিপল করিবার নিয়ম ; যথা—

রাত্রি দুই প্রহর বা বারটার পর যে ঘণ্টা যে মিনিট যে সেকেণ্ডে জন্ম হইয়াছে তাহাকে ২ ॥ আড়াই গুণ করি

যে গুণফল হইবে তাহার সহিত সেই দিনের নিশার্দ্ধ যোগ করিলে যে যোগফল হইবে তাহাই বাঙ্গলা দণ্ড পল ও বিপল

৪র্থ কোষ্ঠীর উদাহরণ

সন ১২৯৩ সাল, শকাব্দা ১৮০৮

১৫ই শ্রাবণ শুক্রবার রাত্রি ইংরাজী ৪টা ২২ মিনিট ২০ সেকেণ্ডে জন্ম হইলে বাঙ্গলা দণ্ডপলাদি কত হইবে নিম্নে দৃষ্টিপাত করিলে বুঝিতে পারিবেন,——
উক্ত তারিখের দিনমান ৩২ ৫০, নিশামান ২৭ ১০, সুতরাং ১৩ দণ্ড ৩৫ পল

নিশার্দ্ধ	দণ্ড	পল	বিপল
৪ ঘণ্টায়			
৪ × ২ ০	১০	০	০
২২ মিনিটে			
২২ × ২ ০	০	৫৫	০
২০ সেকেণ্ডে			
২০ × ২ ০	০	০	৫০
নিশার্দ্ধ	১৩	৩৫	০
যোগফল	২৪	৩০	৫০

জাতদণ্ড অর্থাৎ রাত্রি কালের জন্মসময়
২৪ দণ্ড ৩০ পল ও ৫০ বিপলে দিনমান যোগ করিলে উদয়াবধি জাতদণ্ড স্থির হইবে

রাত্রিজাত দণ্ড———২৪ ৩০ ৫০
দিনমান ————৩২ ৫০ ০

যোগফল ৫৭।২০ ৫০ উদয়াবধি জাতদণ্ড
নিশার্দ্ধ অর্থাৎ উদয়াবধি জন্মসময়

কোষ্ঠীর শিরোভাগে জন্মশকাব্দা, জন্মমাস, জন্মতারিখ, জন্মদণ্ড, পল ও বিপল যে নিয়মে লিখিত থাকে প্রথমে সেই নিয়ম তৎপরে জন্মশকাব্দাদির সঙ্কেত লিখিত হইতেছে ; যথা—

প্রথমে জন্মশকাব্দা তৎপরে জন্মমাসের পূর্ব্বমাসাঙ্ক তৎপরে জন্মতারিখের পূর্ব্বতারিখ সর্ব্বশেষে জন্মসময়ের দণ্ড, পল প্রভৃতি ক্রমান্বয়ে রাখিতে হয়

বৈশাখ মাসে জন্ম হইলে শকাঙ্কের পর পূর্ণচ্ছেদ দিয়া মাসের ঘরে শূন্য রাখিবে, তাহা হইলে বৈশাখ মাসে জন্ম বুঝাইবে কারণ বৈশাখ মাসের পূর্ব্বে মাসাঙ্ক থাকে না এই হেতু মাসের ঘরে শূন্য পড়িল জ্যৈষ্ঠমাসে শকাঙ্কের পর পূর্ণচ্ছেদ দিয়া মাসের ঘরে ১ এক অঙ্ক রাখিলে জ্যৈষ্ঠ মাস বুঝাইবে

মাস বুঝাইতে হইলে এইরূপ লিখিতে হইবে—

বৈশাখ	...	১৮০৮ ০
জ্যৈষ্ঠ	...	১৮০৮ ১
আষাঢ়	...	১৮০৮ ২
শ্রাবণ	...	১৮০৮

ভাদ্র	,,	১৮০৮ ৪
আশ্বিন	,,	১৮০৮ ৫
কার্ত্তিক	,,	১৮০৮ ৬
অগ্রহায়ণ	,,	১৮০৮ ৭
পৌষ	,,	১৮০৮ ৮
মাঘ	,,	১৮০৮ ৯
ফাল্গুন	,,	১৮০৮ ১০
চৈত্র	,,	১৮০৮ ১১

মাসাঙ্কের পর পূর্ণচ্ছেদ দিয়া জন্মতারিখের পূর্ব্বতারিখ লিখিতে হয় ইহা নিম্নস্থ উদাহরণ দ্বারা স্পষ্ট বুঝা যাইবে

১লা তারিখে জন্ম হইলে মাসের অঙ্কের পর পূর্ণচ্ছেদ দিয়া শূন্য রাখিবে

	শকাব্দা	মাস	দিন
১ লা	১৮০৮	০	০ ।
২ রা	,,	,,	১
৩ রা	,,	,,	২
৪ ঠা	,,	,,	৩
৫ ই	,,	,,	৪
৬ ই	,,	,,	[illegible]
৭ ই	,,	,,	৬
৮ ই	,,	,,	৭
৯ ই	,,	,,	
১০ ই	,,	,,	
১১ ই	,,		

			শকাব্দা	মাস	দিন
১২ ই	.	..	,,	,,	১১
১৩ ই	...	...		,,	১২
১৪ ই			,,	,,	১৩
১৫ ই	...	.	,,	,,	১৪
১৬ ই	..	.	,,	,,	১৫
১৭ ই	...	..	,	,	১৬
১৮ ই	..	...	,,	,,	১৭
১৯ শে	...	...	,,	,,	১৮
২০ শে	...	...	,,	,	১৯
২১ শে	...	...	,,	,,	২০
২২ শে	...	.	,	,	২১
২৩ শে	...		,,	,	২২
২৪ শে	...	..	,,	,,	২৩
২৫ শে	...	..	.	,,	২৪
২৬ শে	..	.	,,	,,	২৫
২৭ শে	.	.	,,	,,	২৬
২৮ শে	...	.	,,	,,	২৭
২৯ শে		.	,,	,,	২৮
৩০ শে	..	.	,,	,,	২৯
৩১ শে	.	..	,,	,	৩০
৩২ শে		...	,,	,,	৩১

পূর্ব্বতারিখাঙ্কেরপর পূর্ণচ্ছেদ দিয়া জন্মসময়ের দণ্ড, পল, প্রভৃতি রাখিতে হয়

শকাব্দা,	মাস,	দিন,	দণ্ড,	পল
১৮০৮	০	০	৪	৮

১ম কোষ্ঠীর উদাহরণ।

শকাব্দা ১৮০৮। ০ ২৬ ৬ ৩৯ ৩০

শকাব্দের পর মাসাঙ্কে শূন্য আছে। ইহাতে নিয়মানুসারে বুঝিতে হইবে বৈশাখ মাসে জন্ম হইয়াছে। ইহা কারণ এই যে বৈশাখ মাসের পূর্ব্বমাস চৈত্র মাসের ঘরে চৈত্র মাসের অঙ্ক ১২ লেখা উচিত। কিন্তু চৈত্র মাসে একবৎসর পূর্ণ হইয়া যাওয়াতে মাসের ঘরে শূন্য রাখিতে হইবে। ২৬ এই যে অঙ্কটী লেখা হইয়াছে, ইহাতে বুঝিতে হইবে, বৈশাখের ২৭ শে জন্ম হইয়াছে কারণ যে জন্ম হয় তাহার পূর্ব্ব তারিখ লিখিতে হয় তারিখে জন্ম হওয়াতে স্পষ্ট বুঝিতে হইবে যে তারিখের অহোরাত্র ৬০ দণ্ড গত হইয়াছে কিন্তু তারিখের কিয়দংশ মাত্র গত হইয়াছে অতএব ২৭ না লিখি ২৬ লিখিতে হইবে। ২৬ এই অঙ্কেরপর ৬ ৩৯। ৩০ এই যে অঙ্কগুলি লিখিত আছে ইহাদ্বারা বুঝিতে হইবে যে ২৭শে তারিখের ৬ দণ্ড ৩৯ পল ৩০ বিপল সময়ে জন্ম হইয়াছে।

২য় কোষ্ঠীর উদাহরণ।

শকাব্দা ১৮০৭। ১। ২৪ ১৯ ৪৪ । ৩০

এস্থলে শকাব্দার পর মাসের ঘরে ১ এই যে অঙ্কটী আছে ইহাদ্বারা বুঝিতে হইবে যে জ্যৈষ্ঠমাসে জন্ম হইয়াছে যেহেতু চৈত্রমাসে পূর্ব্বশক পূর্ণ হওয়ায় যে নূতন

আরম্ভ হইয়াছে জ্যৈষ্ঠ মাসে জন্ম হওয়াতে সেই শকের এক মাস মাত্র (বৈশাখ) গত হইয়াছে। আর ১ এই অঙ্কের পর ২৪ ১৯ ৪৪ ৭ ৩০ এই যে অঙ্কগুলি আছে ইহাদ্বারা ১ম উদাহরণে বিবৃত নিয়মানুসারে বুঝিতে হইবে ২৫ শে জ্যৈষ্ঠের ১৯ দণ্ড ৪৪ পল ৭ বিপল ৩০ অনুপল সময়ে জন্ম হইয়াছে।

৩য় কোষ্ঠীর উদাহরণ।

শকাব্দা ১৮০৭। ২ ৯। ৩৮। ২০

এস্থলে নিয়মানুসারে বুঝিতে হইবে যে ১০ই আষাঢ়ের ৩৮ দণ্ড ২০ পল সময়ে জন্ম হইয়াছে।

[illegible]ষ্ঠীর উদাহরণ।

২ শে ... [illegible] ৮ ৩ ১৪ ৫৭ ২০ ৫০

৩ শে [illegible] পূর্বোক্ত নিয়মানুসারে বুঝিতে হইবে যে ১৫ই [illegible] দণ্ড ২০ পল ৫০ বিপল সময়ে জন্ম হইয়াছে

এই প্রকার নিয়মানুসারে জন্মমাস জন্মদিন ও জাত দণ্ড এবং পল ইত্যাদি নির্দেশ করিতে হয়

জন্ম সময়ের রাশিচক্রে স্থির করিবার নিয়ম।

২ যে তারিখে জন্ম হইবে সেই তারিখের জাতদণ্ড হইতে পূর্ব্বসংক্রান্তির দণ্ডপলাদি পর্য্যন্ত সময়মধ্যে যে গ্রহ যে নক্ষত্র বা রাশিতে গিয়াছে পঞ্জিকা দেখিয়া সেই নক্ষত্রে বা সেই রাশিতে সেই গ্রহকে স্থাপন করিবে ইহাকেই জন্মসাময়িক রাশিচক্রসংস্থাপন কহে এস্থলে কোন্ কোন্ নক্ষত্রযোগে কিকি রাশি হয় তৎসম্বন্ধীয় পূর্ব্বোক্ত

প্রমাণ তদর্থ ও পূর্ব্বপ্রদর্শিত জ্যোতিষচক্রটী বিশেষ প্রয়োজনীয় (৬ ও ৩১ পৃষ্ঠা দেখুন)

জন্মতারিখের জাতদণ্ড হইতে পূর্ব্বসংক্রান্তির দণ্ড পলাদি পর্য্যন্ত সময়ের মধ্যে রাশিবিশেষে গ্রহবিশেষের অবস্থান নিরূপণ করিবার সময় জাতদণ্ড হইতে আরম্ভ করিয়া ক্রমশঃ পশ্চাদ্দিকে পূর্ব্বসংক্রান্তি পর্য্যন্ত যাইতে হইবে আর এক কথা এই যে রাশিচক্রে যে গ্রহ একবার স্থাপিত হইবে তাহার পুনঃ স্থাপনের আবশ্যক নাই মনে করুন কোন মাসের ২৫শে তারিখে এক ব্যক্তির জন্ম হইয়াছে যদি শুক্র-গ্রহ সেই মাসের ২৪শে তারিখে ৪ অঙ্কে আবার ২রা তারিখে ৩অঙ্কে থাকে তাহা হইলে সেই ব্যক্তির কোষ্ঠীর রাশিচক্রে শুক্রের ■ অঙ্কে অবস্থান লিখিতে হইবে

গ্রহগণের সঞ্চারকালে অর্থাৎ এক রাশি হইতে অন্য রাশিতে গমনের সময় কোন্ কোন্ নক্ষত্রে তাঁহারা যাইতেছেন তাহা জানিবার নিয়ম।

নবগ্রহমধ্যে দৃষ্টান্তের জন্য যে কোন গ্রহ ধরা যাইতে এখানে আমরা শুক্রগ্রহ লইলাম। শুক্র মীন রাশি হইতে মেষরাশিতে আসিলেন অশ্বিনী ৮/০, ভরণী ৮/০ কৃত্তিকা ■ এই নয় পাদে মেষ রাশি হয় সুতরাং শুক্র মেষরাশিতে আসিয়া অশ্বিনী নক্ষত্রে থাকিলেন তাহার পর ভরণীতে


তদনন্তর কৃত্তিকা নক্ষত্রে যাইবেন যখন শুক্র মেষরাশি হইতে বৃষ রাশিতে আসিবেন তখন তিনি প্রথমে কৃত্তিকা পরে রোহিণী তদনন্তর মৃগশিরাতে যাইবেন যেহেতু কৃত্তিকা ৸০ রোহিণী ৸৵০ মৃগশিরা ॥০ এই নয় পাদে বৃষ রাশি হয় যখন শুক্র বৃষ রাশি হইতে মিথুন রাশিতে যাইবেন তখন তিনি প্রথমে মৃগশিরা পরে আর্দ্রা তদনন্তর পুনর্ব্বসুতে যাইবেন যেহেতু মৃগশিরার শেষ ০ আর্দ্রার ৸৵০ পুনর্ব্বসুর ৸০ এই নয় পাদে মিথুন রাশি হয় যখন শুক্র মিথুন রাশি হইতে কর্কট রাশিতে যাইবেন তখন তিনি প্রথমে পুনর্ব্বসু পরে পুষ্যা তদনন্তর অশ্লেষাতে যাইবেন যেহেতু পুনর্ব্বসুর শেষ ০ পুষ্যার ৸৵০ অশ্লেষার ৸৵০ এইনয় পাদে কর্কট রাশি হয় এই প্রকার সমস্ত রাশিতে হইবে রাশি নির্ণয়সম্বন্ধীয় প্রমাণ, তদর্থ ও পূর্ব্বপ্রদর্শিত জ্যোতিষচক্রটী উত্তমরূপে শিক্ষা করিলে ইহা সহজেই বুঝিতে পারিবেন।

"শুক্র ০ দণ্ডে মেষে" এই প্রকার পঞ্জিকাতে লিখিত হয় সেস্থলে নক্ষত্রের উল্লেখ থাকেনা, কারণ মেষে যাইলেই অশ্বিনীতে যাইবেন কিন্তু যখন মেষে আসিয়া ভরণী নক্ষত্রে যাইবেন তখন "শুক্র দণ্ডে ২" এই প্রকার পঞ্জিকাতে উথিত হয়।

১ম কোষ্ঠীর জন্মসময়ের রাশিচক্রসংস্থাপনের উদাহরণ।

সন ১২৯৩ সাল (এই সালের পঞ্জিকা খুলিয়া মিলাইয়া দেখুন)

শকাব্দা ৮০৮ ০ ২৬ ৬ ৩৯ ৩০



ইহার মিথুন রাশি, (১২ পৃষ্ঠায় মিথুনরাশির ফল দেখুন)

২৭শে বৈশাখ রবি ৩৩ দণ্ড ১৪ পলের পর ৩ অঙ্কে অর্থাৎ কৃত্তিকা নক্ষত্রে যাইবেন কিন্তু ৬ দণ্ড ৩৯ পল ৩০ বিপলে জন্ম হইয়াছে, তজ্জন্য 'র অর্থাৎ রবি ২অঙ্কে অর্থাৎ ভরণীনক্ষত্রে মেষরাশিতে লেখা হইল র ২

উক্ত তারিখে ৯ দণ্ড ১৬ পল ১৫ বিপল পর্য্যন্ত মিথুন রাশি তজ্জন্য চ অর্থাৎ চন্দ্র ৭অঙ্কে অর্থাৎ পুনর্ব্বসু নক্ষত্রে মিথুনরাশিতে লেখা হইল চ ৭

২৬শে বৈশাখ কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই।

২৫শে বৈশাখে বুধ মেষরাশিতে গিয়াছেন তজ্জন্য বু অর্থাৎ বুধ ১অঙ্কে অর্থাৎ অশ্বিনীনক্ষত্রে মেষরাশিতে লেখা হইল বু ১

২৪শে, ২৩শে ও ২২শে বৈশাখ কোন গ্রহ স্থানপরিবর্ত্তন করেন নাই

২১ শে বৈশাখ শুক্র ৬অঙ্কে অর্থাৎ উত্তরভাদ্রপদনক্ষত্রে গিয়াছে। তজ্জন্য 'শু' অর্থাৎ শুক্র মীনরাশিতে উক্তনক্ষত্রে লেখা হইল শু ২৬

২০ শে বৈশাখ কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই

১৯ শে বৈশাখ মঙ্গল ১১অঙ্কে অর্থাৎ পূর্ব্বফল্গুনী নক্ষত্রে গিয়াছেন তজ্জন্য 'ম' অর্থাৎ মঙ্গল সিংহ রাশিতে উক্ত নক্ষত্রে লেখা হইল ম ১১

১৮ই, ১৭ই, ১৬ই, ১৫ই ১৪ই, ১৩ই, ১২ই, ১১ই, ১০ই, ৯ই, ৮ই ৭ই, ৬ই, ৫ই, ৪ঠা ৩রা, ২রা ১লা বৈশাখ এবং সংক্রান্তি দিবস পর্য্যন্ত কোন গ্রহ কোন নক্ষত্রে বা রাশিতে গমন করেন নাই, তজ্জন্য পঞ্জিকাস্থ চৈত্রমাসের রাশিচক্রে যে গ্রহ যে স্থানে আছেন সেই গ্রহ সেই স্থানেই লিখিত হইল।

কোষ্ঠী প্রস্তুত করিতে হইলে জন্মতারিখ লিখিতে হয়, কোন কোন স্থলে পূর্ব্বতারিখ কিম্বা পরতারিখ আবশ্যক হয়। কারণ যে নক্ষত্রে [illegible] তাহার পরিমাণদণ্ড প্রয়োজনীয়।

১ম কোষ্ঠীতে জাতব্যক্তির পুনর্ব্বসুনক্ষত্রে জন্ম হইয়াছে পুনর্ব্বসু নক্ষত্র পূর্ব্বতারিখে অর্থাৎ ২৬ শে বৈশাখ ২৬ দণ্ড ১০ পলের পর আরম্ভ হওয়ায় পূর্ব্ব দিন এবং জন্মদিন মিলা[illegible] যথা—

	দিবা ৩২	২৫		দিবা ৩২	১৫
৭	৩	৮	১	৭	
৫	২৬	৩০	৬	২৩	
৫২	৫০	৫৯	৩৬	২৫	
৩২	০	২৬	৫৫	৩	
	পূর্ব্বাহ্ণ			অপরাহ্ণ	

২য় কোষ্ঠীর জাতব্যক্তির জন্মসময়ের দিন ও রাশিচক্রে সংস্থাপনের উদাহরণ

(সন ১২৯২ সালের পঞ্জিকা খুলিয়া দিখাইয়া দেওয়া গেল)

শকাব্দা ১৮০৭ ১ ২৪ ১৯ ৪৪ ৭

২৫শে জ্যৈষ্ঠ রবি ১০ দণ্ড ৫০ পলের পর ৫ অঙ্কে অর্থাৎ মৃগশিরা নক্ষত্রে গিয়াছেন তজ্জন্য 'র' অর্থাৎ রবি উক্ত নক্ষত্রে বৃষরাশিতে লেখা হইল র ৫

উক্ত তারিখে ২২দণ্ড ৪২ পল পর্য্যন্ত কুম্ভরাশি তজ্জন্য চ অর্থাৎ চন্দ্র ২৫ অঙ্কে অর্থাৎ পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে কুম্ভরাশিতে লিখিত হইল চ ২৫

২৪ শে জ্যৈষ্ঠ কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই

তার, ২৩ শে জ্যৈষ্ঠ মঙ্গল ৩ অঙ্ক অর্থাৎ কৃত্তিকা নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য 'ম' অর্থাৎ মঙ্গল উক্ত নক্ষত্রে মেষরাশিতে স্থিত হইল ম ৩

২২ শে জ্যৈষ্ঠ শুক্র মিথুনরাশিতে গিয়াছেন ...

হইল শু ৫

১ শে জ্যৈষ্ঠ কোন গ্রহ স্থান পরিবর্তন করেন …ওন

১০ শে জ্যৈষ্ঠ বুধ বৃষরাশিতে গিয়াছেন, তজ্জন্য 'বু'


১২ বুধ বৃষরাশিতে ৩ অঙ্কে অর্থাৎ কৃত্তিকা নক্ষত্রে লেখা

ল বু ৩

১৯শে, ১৮ই, ১৭ই, ১৬ই, ১৫ই, ১৪ই, ১৩ই, ১২ই, ১১ই,
০ই, ৯ই, ৮ই, ৭ই, ৬ই, ৫ই, ৪ঠা, ৩রা, ২রা ১লা জ্যৈষ্ঠ
এবং সংক্রান্তি দিবস পর্য্যন্ত কোন গ্রহ কোন নক্ষত্রে বা
রাশিতে গমন করেন নাই তজ্জন্য পঞ্জিকাস্থ বৈশাখ
মাসের রাশিচক্রে যে গ্রহ যে রাশিতে আছেন তদনুযায়ী
লেখা হইল

জাতব্যক্তির পূর্ব্ব ভাদ্রপদ নক্ষত্রে জন্ম হইয়াছে। ২৪ শে জ্যৈষ্ঠ পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র ৬৫ দণ্ড ৩১ পলের পর আরম্ভ হওয়ার পূর্ব্বদিন ও জন্মদিন লেখা হইল ; যথা—

	দিবা ৩৩ । ২১				দিবা ৩০ । ২১		
২৮	৬	২৪	১	৭	২৫	২	
২১		৩৫	৩৭	২৩	৩৮	৩৬	
৩০			৫৬	১০	২৩	১৫	
	১৭			৫০	৩	২৫	
	১৮	১	৪				
৭		পূর্ব্বাহঃ			জাতাহঃ		



ইহার কুম্ভ রাশি, (২৬ পৃষ্ঠায় কুম্ভরাশির ফল দেখুন)।

তৃতীয় কোষ্ঠীর জাত ব্যক্তির জন্মসময়ের দিন ও রাশিচক্র সংস্থাপনের উদাহরণ

(সন১২৯২ সালের পঞ্জিকা খুলিয়া মিলাইয়া দেখুন)

শকাব্দা ১৮০৭২৯৩০২০

রাত্রিজন্ম সময় ৪ দণ্ড ৪০ পল

১০ই আষাঢ় ৭ দণ্ড ৫ পলের পর বিশাখা নক্ষত্র আরম্ভ হইয়াছে তজ্জন্য 'চ' অর্থাৎ চন্দ্র ১৬ঘর অর্থাৎ বিশাখা নক্ষত্রে তুলারাশিতে লেখা হইল চ ১৬

৯ই আষাঢ় মঙ্গল রোহিণীনক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য

শুক্র ৫।৭ মঙ্গল ৪অঙ্কে অর্থাৎ রোহিণীনক্ষত্রে বৃষরাশিতে
হইল ইল ম ৪

১শে আষাঢ় বুধ আর্দ্রা নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য 'বু'
বুধ ৬অঙ্কে আর্দ্রা নক্ষত্রে মিথুনরাশিতে লিখিত
১০শে বু ৬

১২ বুধই কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই

ল ৬ই আষাঢ় শুক্র পুনর্ব্বসু নক্ষত্রে গিয়াছেন তজ্জন্য
১ অর্থাৎ শুক্র মিথুনরাশিতে ৭অঙ্কে অর্থাৎ পুনর্ব্বসু
ইক্ষত্রে লেখা হইল শু ৭

৫ই আষাঢ় কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই

৪ঠা আষাঢ় রাহু উত্তরফল্গুনী নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য
'রা' অর্থাৎ রাহু কন্যারাশিতে ১২অঙ্কে অর্থাৎ উত্তর
ফল্গুনী নক্ষত্রে লিখিত হইল রা ১২


৩রা ২রা আষাঢ় কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন
নাই

১লা আষাঢ় শনি আর্দ্রা নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য 'শ'
অর্থাৎ শনি ৬অঙ্কে অর্থাৎ আর্দ্রা নক্ষত্রে মিথুনরাশিতে
লিখিত হইল শ ৬

২৮ পত্রিকাস্থ জ্যৈষ্ঠমাসের রাশিচক্রে যে গ্রহ যে রাশিতে
২৯ এবং যে নক্ষত্রে আছেন, সেই গ্রহ সেই নক্ষত্রে সেই
৩ রাশিতে লিখিত হইল

জাতব্যক্তি বিশাখানক্ষত্রে জন্ম হইয়াছে এই জন্ম-
নক্ষত্র পর দিবসে ৮ তাং বুধবার ১০ দণ্ড ৯ পল পর্য্যন্ত
আছে, তজ্জন্য ইহা বিশেষ প্রয়োজনীয় হওয়ায় লিখিত
হইল সংখ্যা—

	দিবা ৩৩ ৪০			দিবা ৩০ ৩	
৩	১৫	২১	৪	১৬	
১১	৭	৫৩	১২	১০	
১৭	৫	৪৯	১৬	১৯	
৩৩	০	১০	১১	২	
	জাতাহঃ			পরাহঃ	



জাত ব্যক্তির তুলারাশি হওয়ায় ১৯ পৃষ্ঠায়
তুলারাশির ফল দেখুন

কোষ্ঠীর জাতব্যক্তির জন্মসময়ের দিন ও রাশিচক্র স্থাপনের উদাহরণ।

(১২৯৩ সালের পঞ্জিকা খুলিয়া মিলাইয়া দেখুন)

শকাব্দা ১৮ ৮ ৩ ১৪ ৫৭ ২০ ৫০

নিশাজন্মসময় ২৪ ৩০ ৫০

১৫ ই শ্রাবণ ১০ দণ্ড ৪২ পলের পর কর্কটের চন্দ্র [illegible] দণ্ড ৫৭ পলের পর পুষ্যা নক্ষত্র আরম্ভ হইয়াছে তজ্জন্য চ অর্থাৎ চন্দ্র ৮ অঙ্কে অর্থাৎ পুষ্যানক্ষত্রে কর্কটরাশিতে লিখিত হইল চ ৮

উক্ত তারিখে 'র' অর্থাৎ রবি ৮ অঙ্কে অর্থাৎ পুষ্যা নক্ষত্রে কর্কট রাশিতে লিখিত হইল র ৮

১৪ ই শ্রাবণ মঙ্গল চিত্রা নক্ষত্রে গিয়াছেন তজ্জন্য ম' অর্থাৎ মঙ্গল ১৪অঙ্কে অর্থাৎ চিত্রানক্ষত্রে কন্যারাশিতে লিখিত হইল ম ১৪

১৩ ই শ্রাবণ কোন গ্রহ স্থান পরিবর্তন করেন নাই

১১ ই শ্রাবণ বৃহস্পতি হস্তা নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য বৃ অর্থাৎ বৃহস্পতি ১৩অঙ্কে অর্থাৎ হস্তানক্ষত্রে কন্যা রাশিতে লিখিত হইল বৃ ১৩

১২ই ও ১০ই শ্রাবণ কোন গ্রহস্থান পরিবর্তন করেন নাই

৯ই শ্রাবণ শুক্র আর্দ্রা নক্ষত্রে গিয়াছেন, তজ্জন্য 'শু' অর্থাৎ শুক্র ৬অঙ্কে অর্থাৎ আর্দ্রানক্ষত্রে মিথুনরাশিতে লিখিত হইল। শু ৬


৮ই, ৭ই ও ৬ই শ্রাবণ কোন গ্রহ স্থান পরিবর্ত্তন করেন নাই

৫ই শ্রাবণ বুধ সিংহরাশিতে গিয়াছেন তজ্জন্য 'বু' অর্থাৎ বুধ ১০অঙ্কে অর্থাৎ মঘানক্ষত্রে সিংহরাশিতে লিখিত হইল বু ১০

৪ঠা, ৩রা ২রা ও ১লা শ্রাবণ পর্য্যন্ত কোন গ্রহ কোন নক্ষত্রে বা রাশিতে স্থান পরিবর্ত্তন করেন নাই তজ্জন্য পঞ্জিকায় আষাঢ় মাসের রাশিচক্রে যে গ্রহ যে স্থানে আছেন সেইরূপ লিখিত হইল

জাত ব্যক্তির পুষ্যানক্ষত্রে জন্ম হইয়াছে এই জন্মনক্ষত্র পর দিবস অর্থাৎ শনিবার ২১ দণ্ড ১৬ পল পর্য্যন্ত আছে, তজ্জন্য ইহা বিশেষ প্রয়োজনীয় হওয়ায় লিখিত হইল, যথা

	দিবা৩২	৫০		দিবা ৩২	৪৭
৬	৭	১৫	৭	৮	১৬
২৯	২৪	৩৩	৩০	২১	২৫
১	৫৭	৫৪	১৬	১৬	৫৯
৪৩	শং	১৫	৩	নাং	১৬
	জাতাহঃ			পর হঃ	



জাত ব্যক্তির কর্কটরাশি হইয়াছে (১৪ পৃষ্ঠায় কর্কটরাশির ফল দেখুন।)

উদয় ও অস্তের নিয়ম।

বচনম্

উদয় সপ্তমেরাশৌ রবেরস্তং বিদুর্বুধাঃ

অন্বয়ার্থঃ—

রবি যে রাশিতে উদয় হয়েন সেই রাশি আরম্ভ করিয়া সপ্তম রাশিতে অস্ত হয়েন

রবি কি কি রাশিতে উদয় ও কি কি রাশিতে অস্ত হয়েন তাহার বিবরণ

বৈশাখ মাসে মেষ রাশিতে অর্থাৎ মেষলগ্নে উদয়			তুলারাশিতে অর্থাৎ তুলালগ্নে অস্ত
জ্যৈষ্ঠ	বৃষে	,,	বৃশ্চিকে
আষাঢ় ,,	মিথুনে	,,	ধনুতে ,,
শ্রাবণ ,,	কর্কটে	,,	মকরে ,,
ভাদ্র ,,	সিংহে	,,	কুম্ভে
আশ্বিন ,,	কন্যায়	,,	মীনে
কার্তিক ,,	তুলায়		মেষে ,,
অগ্রহায়ণ ,,	বৃশ্চিকে	,,	বৃষে ,,
[illegible]	ধনুতে	,,	মিথুনে ,,
[illegible] ,,	মকরে	,,	কর্কটে ,,
[illegible]ন ,,	কুম্ভে	,,	সিংহে ,,
[illegible] ,,	মীনে	,,	কন্যায় ,,

[illegible]দবসে জন্ম হইলে উদয় লগ্নের ভুক্ত ভোগ্য কাল নির্ণয় [illegible]তে হইবে ভুক্ত শব্দে বুঝিতে হইবে যাহা [illegible] যাছে আর ভোগ্য শব্দে যাহা অবশিষ্ট আছে দিবসে [illegible] হওয়ায় ১ম ও ২য় কোঠায় উদয়লগ্নের ভুক্ত ভোগ্য কাল পশ্চাৎ লিখিত হইল

রাত্রিতে জন্মহইলে অস্ত লগ্নের ভুক্ত ও ভোগ্য কাল নির্ণয় করিতে হইবে। রাত্রে জন্ম হওয়ায় ৩য় ও ৪র্থ কোষ্ঠীর অস্তলগ্নের ভুক্ত ও ভোগ্য কাল পশ্চাৎ লিখিত হইল

বৈশাখাদি দ্বাদশ মাসের কিম্বা মেষাদি দ্বাদশ রাশির দিনভুক্তি অর্থাৎ দৈনিকগতি স্থূলরূপে গণনা করিবার

নিয়ম

লগ্নের পরিমানদণ্ডের দ্বিগুণ প্রথম দিনের রবিভুক্তি এই প্রথম দিনের রবিভুক্তির দ্বিগুণ দ্বিতীয়দিনের রবিভুক্তি এই দ্বিতীয়দিনের রবিভুক্তিতে প্রথম দিনের রবিভুক্তি যোগ করিলে তৃতীয় দিনের রবিভুক্তি হইবে এই তৃতীয় দিবসের রবিভুক্তিতে প্রথম দিনের রবিভুক্তি যোগ করিলে চতুর্থ দিনের রবি ভুক্তি হইবে এই প্রকার নিয়মে ৩০ দিন রবিভুক্তি গণনা করিতে হয়

কিন্তু এই রবিভুক্তি নির্ণয় কালে স্মরণ রাখা কর্তব্য দণ্ডকে পল পলকে বিপল ও বিপলকে অনুপল ধরিতে হইবে যথাঃ মেষ লগ্নের পরিমাণ ৪।৭ ও ৭পল ৭বিপল, ইহার দ্বিগুণ ৮দণ্ড ১৪ পল ১৪ বিপল না হইয়া ৮পল ১৪ বিপল ১৪ অনুপল হইবে সকল দিবসের রবিভুক্তি নায় এই প্রকার নিয়ম অবলম্বন করিতে হয় কিন্তু যদি কোন স্থলে ৬০ এর অধিক পল থাকে তাহা হইলে তাহাকে ৬০ দিয়া ভাগ করিয়া দণ্ডে পরিণত করিতে হইবে

লগ্নের পরিমাণ দণ্ড ও প্রথম দিনের উদয় লগ্নের রবিভুক্তি

বৈশাখ।

	দণ্ড	পল	বিপল	অনু
মেষলগ্নের পরিমাণ	৪	৭	৭	০
প্রথম দিনের রবিভুক্তি	০	৮	১৭	১৪

জ্যৈষ্ঠ।

বৃষলগ্নের পরিমাণ	[illegible]	৪৯	৫০	[illegible]
প্রথম দিনের রবিভুক্তি	[illegible]	৯	৩৯	৪০

আষাঢ়।

মিথুনলগ্নের পরিমাণ	৫	২৯	২০	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১০	৫৮	৪০

শ্রাবণ।

কর্কটলগ্নের পরিমাণ	৫	৪১	২৬	[illegible]
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	২২	৫২

লগ্নের পরিমাণ দণ্ড ও প্রথম দিনের অস্ত লগ্নের রবিভুক্তি।

বৈশাখ

	দণ্ড	পল	বি	অনু
তুলালগ্নের পরিমাণ	৫	৩৫	৩৬	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	২১	১২

জ্যৈষ্ঠ

বৃশ্চিকলগ্নের পরিমাণ	৫	৪০	৫৭	০
প্রথমদিনের রবিভুক্তি	০	১১	২১	৫৪

আষাঢ়

ধনুলগ্নের পরিমাণ	৫	১৭	৩৯	[illegible]
প্রথমদিনের রবিভুক্তি	০	১০	৩৫	১৮

শ্রাবণ

মকরলগ্নের পরিমাণ	৪	৩২	৫৮	[illegible]
প্রথম দিনের রবিভুক্তি	০	৯	৫	৫৭

ভাদ্র				
সিংহলগ্নের পরিমাণ	৫	৩২	৩১	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	৫	২
আশ্বিন।				
কন্যালগ্নের পরিমাণ	৫	২৯	২০	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১০	৫৮	৪০
কার্ত্তিক।				
তুলালগ্নের পরিমাণ	৫	৩৫	৩৩	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	১১	১২
অগ্রহায়ণ				
বৃশ্চিকলগ্নের পরিমাণ	৫	৪০	৫৭	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	২১	৫৪

ভাদ্র।				
কুম্ভলগ্নের পরিমাণ	৩	৫৭	২৬	০
প্রথম দিনের রবিভুক্তি	০	৭		
আশ্বিন				
মীনলগ্নের পরিমাণ	৩	৪৬		
প্রথম দিনের রবিভুক্তি	০	৭		
কার্ত্তিক				
মেষলগ্নের পরিমাণ	[illegible]	৭		
প্রথম দিনের রবিভুক্তি	০	৮	১৪	
অগ্রহায়ণ				
বৃষলগ্নের পরিমাণ	৪	৪১		
প্রথম দিনের রবিভুক্তি	০	৯	৩৯	

পৌষ।

ধনুলগ্নের পরিমাণ	৫	১৭	৩৯	
প্রথম দিনের রবিভুক্তি	০	১০	৩১	১৮

মাঘ

মকরলগ্নের পরিমাণ	৪	৩২	৫৮	
প্রথম দিনের রবিভুক্তি	০	৯	৫	৫৬

ফাল্গুন

কুম্ভলগ্নের পরিমাণ	৩	৫৭	২৬	
প্রথম দিনের রবিভুক্তি	০	৭	৫৪	৫২

চৈত্র।

মীনলগ্নের পরিমাণ	৩	৪৬	৪০	০
প্রথম দিনের রবিভুক্তি	০	৭	৩৩	২০

পৌষ।

মিথুনলগ্নের পরিমাণ	৫	২৯	২০	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১০	৫৮	৪০

মাঘ।

কর্কটলগ্নের পরিমাণ	৫	৪১	২৬	০
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	২২	৫২

ফাল্গুন

সিংহলগ্নের পরিমাণ	৫	৩২	৩১	
প্রথম দিনের রবিভুক্তি	০	১১	৫	২

চৈত্র

কন্যালগ্নের পরিমাণ	৪	২৯	২০	০
প্রথম দিনের রবিভুক্তি	১	১০	৫৮	৪১

প্রত্যেক মাসের যেরূপ রবিভুক্তি অর্থাৎ দৈনিক গতি লিখিত হইল উহা ৩০ দিনে মাস পূর্ণ হইলে হইবে যে মাস ২৮, ২৯, ৩১ বা ৩২ দিনে পূর্ণ হইয়া থাকে তাহার রবিভুক্তি নিরূপণ করিবার প্রণালী অতিশয় কঠিন এজন্য তাহা এস্থলে ব্যক্ত করিলাম না

অতিসহজে প্রতিদিনের রবিভুক্তি জানিবার নিয়ম।

পঞ্জিকাকারক মহাশয়েরা কুলপঞ্জিকায় প্রাত্যহিক রবিভুক্তি লিখিয়া থাকেন যেস্থলে বাঙ্গালা তারিখ, ইংরাজী তারিখ এবং মুসলমান তারিখ লিখিয়া থাকেন তাহার নিম্নে প্রতিদিনের রবিভুক্তি লিখিত থাকে

অন্যপ্রকার।

জন্মমাসের প্রথম দিনের রবিভুক্তি অর্থাৎ দৈনিক গ জন্মতারিখ দিয়া পূরণ করিলে, গুণফল পল, বিপল ও অ হইবে কিন্তু সেই অনুপল যদি ৬০এর অধিক হয়, হইলে সেই অনুপলকে ৬০ দিয়া হরণ করিলে যাহা হইবে তাহা বিপলে যোগ করিবে। তাহাতে যদ্যপি বিপল ৬০এর অধিক হয়, তাহা হইলে পুনর্ব্বার তা ৬০ দিয়া হরণ করিবে তদনন্তর লব্ধাঙ্ক পলে যোগ করি রূপ করিলে যদি ৬০এর অধিক হয়, তবে তাহাকে ৬০ হরণ করিয়া দণ্ড বাহির করিতে হইবে এই দণ্ড বিপল ও অনুপল জন্মতারিখের রবিভুক্তি অর্থাৎ মাসের তারিখ হইতে জন্মতারিখ পর্যন্ত রবির দৈনিক গতি

লগ্ন শব্দার্থ ব্যাখ্যা।

বচনম্

রাশীনামুদয়ে লগ্নং।

অস্যার্থঃ—

জ্যোতিষচক্রের যে যে স্থানে মেষাদি দ্বাদশরাশি চিহ্নিত আছে, সূর্য্য ক্রমান্বয়ে যতক্ষণ না সেই সেই স্থানে গমন করেন ততক্ষণ সেই সেই স্থান অন্ধকারে আচ্ছন্ন থাকে রাশিদিগের এইরূপ অন্ধকারে আচ্ছন্ন ও অপ্রকাশিত থাকাকেই অস্ত কহে সূর্য্য সমাগমে অন্ধকার দূরীভূত হইলে সেই সেই স্থান আলোকিত বা প্রকাশিত হয় রাশিদিগের উদয় অর্থাৎ এইরূপে সূর্য্যকিরণে আলোকিত হওয়াকেই লগ্ন কহে যখন সূর্য্য কোন রাশির ঠিক উপরে থাকেন তখনই তাহার কিরণজাল সেই রাশির কুক্ষিতলে লম্বভাবে পতিত হয় সুতরাং যখন সূর্য্য কোন পরিধির ঠিক উপরে অবস্থান করিয়া লম্বভাবে কিরণ বর্ষণ প্রথম [illegible] সেই রাশিকে আলোকময় করেন সেই সময়কেই রবি[illegible] কহে লম্বভাবে কিরণ বর্ষণ করেন এ কথা বলিবার [illegible]ণ এই যে সূর্য্য যখন কোন রাশিতে থাকেন তখন [illegible]র অব্যবহিত পরবর্ত্তী রাশিতে তাহার কিরণজাল ব[illegible] [illegible]ভাবে পতিত হইয়া তাহাকে আলোকিত করিতে পারে পরি[illegible] এরূপ বক্রভাবে পতিত সূর্য্যরশ্মি দ্বারা রাশিদিগের প্রথম[illegible] আলোকিত হওয়া উদয় শব্দের অর্থ নহে। মেষাদি [illegible]দশরাশি যে ক্রমানুসারে জ্যোতিষচক্রে চিহ্নিত আছে [illegible]র্য্য সেই ক্রমানুসারে একরাশি হইতে অন্য রাশিতে

গমন করিয়া ক্রমান্বয়ে প্রত্যেক রাশিকে আলোকিত করিয় থাকেন আর একটী বিশেষ কথা এই যে সূর্য্যের কোন এক রাশিতে অবস্থানকালেও তাহার দৈনিকগতিনিবন্ধন তৎকর্তৃক দ্বাদশটী রাশি প্রতিদিন ক্রমান্বয়ে প্রকাশিত ব আলোকিত হইতেছে সুতরাং যখনই সূর্য্য কোন রাশির ঠিক উপরে থাকিয়া লম্বভাবে কিরণ বর্ষণ দ্বারা সেই রাশিকে আলোকিত করিবে তখনই সেই রাশির উদয় অর্থাৎ লগ্ন যখন কোন রাশি এইরূপে আলোকিত হয় সেই সময় (লগ্ন) জাত জীবজন্তু বৃক্ষ লতাদি সেই রাশির বা সেই রাশিতে জীবজন্তু উদ্ভিজ্জাদি যা কিছু আছে তাহাদের গুণধর্ম্ম প্রাপ্ত হয় কিন্তু যেহেতু সূর্য্য কোন রাশিতে থাকিয়া দৈনিক গতিদ্বারা প্রতিদিন সেই রাশির এক এক অংশ অতসর হইতেছে, যে পরিমাণে কোন রাশির অল্প বা অধিক অংশ সূর্য্য দ্বারা অতিক্রান্ত হইবে সেই পরিমাণে লগ্নগত ফলের তারতম্য হইবে এইজন্য লগ্ন এক হইলেও সকল স্থলে ফল এক হয় না আর এক কথা এই যে কোন রাশির উদয় কালে যদি কোন গ্রহ সেই রাশির বা তাহার অংশ বিশেষের উপর সবল ভাবে দৃষ্টি করে তাহা হইলে তন্মুহূর্ত্তজাত ব্যক্তি সেই রাশি ও গ্রহ উভয়েরই গুণ প্রাপ্ত হইবে

১ম কোষ্ঠীর জাত ব্যক্তির দিবসে জন্ম হইলে যায় উদয়লগ্নের রবিভুক্তি করিবার প্রণালী।

জন্মতারিখ—২৭শে বৈশাখ

বৈশাখ মাসের প্রথম দিনের উদয়লগ্নের রবিভুক্তি

অর্থাৎ দৈনিক গতি পল বিপল অনুপল

	পল	বিপল	অনুপল
	৮	১৪	১৪
			২৭
৩ দণ্ড	৪২	২৪	১৮

১৪
২৭

৯৮
২৮
---
৬০) ৩৭৮ (৬ বিপল
৩৬০
---
১৮ অনুপল

৩০৮
৬
---
৬০) ৩৮৪ (৬ পল
৩৬০
---
২৪ বিপল

২৭
৮

২১৬
৬
---
৬০) ২২২ (৩ দণ্ড
১৮০
---
৪২ পল

অতএব ৩ দণ্ড ৪২ পল ২৪ বিপল ১৮ অনুপল উদয়লগ্নের রবিভুক্তি

২য় কোষ্ঠীর জাত ব্যক্তির দিবসে জন্ম হও যায় উদয়লগ্নের রবিভুক্তি নির্ণয়।

জন্মতারিখ—২৫শে জ্যৈষ্ঠ

জ্যৈষ্ঠ মাসের প্রথম দিনের উদয়লগ্নের রবিভুক্তি অর্থাৎ দৈনিকগতি ৯ পল ৩৯ বিপল ৪০ অনুপল

নির্দেশ রবিভুক্তি ৯ পল ৩১ বিপল ৪০ অনুপল × ২৫— ৪ দণ্ড ১ পল ৩১ বিপল ৪০ অনুপল

৩ কোষ্ঠীর জাতব্যক্তির রাত্রে জন্ম হও যায় অস্তলগ্নের রবিভুক্তি নির্ণয় করিবার প্রণালী

জন্মতারিখ ১০ই আষাঢ়

আষাঢ় মাসের প্রথম দিনের অস্তলগ্নের অর্থাৎ ... লগ্নের রবিভুক্তি ১০ পল ৩৫ বিপল ১৮ অনুপল

১০ পল ৩৫ বিপল ১৮ অনুপল

১০

১ দণ্ড ৪৫ ৫৩ ০

১৮
১০

৬০) ১৮০ (৩ বিপল
১৮০

০
৩৫০
৩

৬০) ৩৫৩ (৫ পল
৩০০

৫৩ বিপল
১০০
৫

৬০) ১০৫ (১ দণ্ড
৬০

৪৫ পল

অতএব রবিভুক্তি ১দণ্ড ৪৫ পল ৫৩বিপল

৪র্থ কোষ্ঠীর জাতব্যক্তির রাত্রেজন্ম হওয়ায় অংহলগ্নের রবিভুক্তি নির্ণয়।

জন্মতারিখ ১৫ই শ্রাবণ

শ্রাবণ মাসের প্রথমদিনের অশ্বলগ্নের অর্থাৎ সিং-হ লগ্নের রবিভুক্তি ৯পল ৫ বিপল ৪৫ অনুপল

নির্ণেয় রবিভুক্তি ৯পল ৫বিপল ৪৫ অনুপল × ১৫
= ২দণ্ড ১৬পল ২১ বিপল ৩০ অনুপল

রবিভোগ্য ও লগ্ন নিরূপণের নিয়ম

দিবাতে জন্ম হইলে উদয়লগ্নমান হইতে এবং রাত্রিতে জন্ম হইলে অস্তলগ্নমান হইতে রবিভুক্তি বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহার নাম ভোগ্য এই ভোগ্য জাতদণ্ডের অধিক বা সমান হইলে যেলগ্নমান হইতে রবিভুক্তি বিয়োগ করাযায় তাহাই জাতলগ্ন জানিতে হইবে যদি তাহা নাহয়, তাহাহইলে পরের লগ্নমান যোগকরিবে এই যোগফল জাতদণ্ডের সমান ব অধিক হইলে যে লগ্নমান যোগকরা হইয়াছে তাহাই জাতলগ্ন হইবে এই যোগফল যতক্ষণ না জাতদণ্ডের সমান বা অধিক হয় ততক্ষণ পর্য্যন্ত পরবর্ত্তী লগ্নমান যোগ করিয়া জাতলগ্ন স্থির করিতে হইবে পশ্চাল্লিখিত কোষ্ঠীচতুষ্টয়ের লগ্ননিরূপণপ্রক্রিয়া দেখিলে এবিষয়ের সবিশেষ উপলব্ধি হইবে

১ম কোষ্ঠীর জাতব্যক্তির জন্মলগ্ন নিরূপণের

উদাহরণ

জাতদণ্ড ৬ ৩৯ ৩০

		দণ্ড,	পল,	বিপল,	
মেষ লগ্নের পরিমাণ	[illegible]	৭	৭		
১ম কোষ্ঠীর পূর্ব্বোক্ত উদয় লগ্নের রবিভুক্তি	৩	৪২	২৪	১৮	
	০	২৪	৪২	৪২	ভোগ্য
বৃষ লগ্নের পরিমাণ দণ্ড	[illegible]	৪৯	৫০	০	
	৫	১৪	৩২	৪২	
মিথুন লগ্নের পরিমাণ দণ্ড	৫	২৯	২০	০	
	১০	৪৩	৫২	৪২	

৫ দণ্ড ১৪ পল ৩২ বিপল ৪২ অনুপল গতে ১০ দণ্ড ৪১ পল ৫২ বিপল ৪২ অনুপল পর্য্যন্ত মিথুন লগ্ন জাত- দণ্ড ৬ ৩৯ ৩০ হওযায মিথুন লগ্নের যোগফল ১০ ৪৩ ৫২ ৪২ জাতদণ্ডের অধিক হইযাছে এজন্য জাত ব্যক্তির মিথুন লগ্ন স্থির হইল এই লগ্নের ফল পশ্চাৎ দ্রষ্টব্য

২য় কোষ্ঠীর জাতব্যক্তির জন্মলগ্ন নিরূপণ।

জাতদণ্ড	১৯	৪৩	৭	৩০
বৃষ লগ্নের পরিমাণদণ্ড	৪	৫৯	৫০	০
২য় কোষ্ঠীর পূর্ব্বোক্ত উদয়				০
লগ্নের রবিভুক্তি	৪	১	৩১	৪০
	০	৪৮	২৮	২০ ভোগ্য
মিথুন লগ্ন	৫	২৯	২০	০
	৬	১৭	৪৮	২০
কর্কট লগ্ন	৫	৪১	২৬	০
	১১	৫৯	[illegible]	২০
সিংহ লগ্ন	৫	৩২	৩১	০
	১৭	৩১	৩৫	২০
কন্যালগ্ন	৫	২৯	২০	০
	২৩	০	৫৫	২০

১৭ দণ্ড ৩১ পল ৩৫ বিপল ২০ অনুপল গতে ২৩ দণ্ড ০ পল ৫৫ বিপল ২০ অনুপল পর্য্যন্ত কন্যালগ্ন জাতদণ্ড ১৯ ৪৩ ৭ ৩০ অতএব জাতব্যক্তির কন্যালগ্ন স্থির হইল

৩য় কোষ্ঠীর জাতব্যক্তির জন্মলগ্ন নিরূপণ।

উদয়াবধি জাতদণ্ড	৩৮	২০	রাত্রিজাতদণ্ড [illegible]	৪০	
ধনুর পরিমাণ দণ্ড	৫	১৭	৩৯	০	
৩য় কোষ্ঠীর পূর্ব্বোক্ত অস্ত লগ্নের রবিভুক্তি	১	৪৫	৫৩	০	
	৩	৩১	৪৬	[illegible]	ভোগ্য
মকর লগ্ন	৪	৩২	৫৮	[illegible]	
	৮	[illegible]	৪৪	[illegible]	

রাত্রি ৩ দণ্ড ৩১ পল ৪৬ বিপল গতে ৮ দণ্ড ৪ পল ৪৪ বিপল পর্য্যন্ত মকরলগ্ন সুতরাং জাতব্যক্তির মকরলগ্ন স্থির হইল

৪র্থ কোষ্ঠীর জাতব্যক্তির জন্মলগ্ন নিরূপণ।

উদয়াবধি জাতদণ্ড ৫৭ ২০ ৫০, রাত্রিজাতদণ্ড ২৪ ৩৭ ৫০

মকর লগ্নের পরিমাণ দণ্ড	[illegible]	৩২	৫৮	০	
৪র্থ কোষ্ঠীর পূর্ব্বোক্ত অস্ত লগ্নের রবিভুক্তি	২	১৬	২৯	৩০	
	২	১৬	২৯	৩০	ভোগ্য
কুম্ভলগ্ন	৩	৫০	২৬	০	
	৬	১৩	৫৫	৩০	
মীনলগ্ন	৩	৪৬	৪০	০	
	১০	১০	৩৫	৩০	

মেষলগ্ন	৪	৭	৭	০
	১৪	৫৭	৪২	৩০
বৃষলগ্ন	৪	৪৯	৫০	০
	১৯	৭	৩২	৩০
মিথুনলগ্ন	৫	২৯	২০	০
	২৪	৩৬	৫২	৩০

রাত্রি ১৯ দণ্ড ৭ পল ৩২ বিপল ৩০ অনুপল গতে ২৪ দণ্ড ৩৬ পল ৫২ বিপল ৩০ অনুপল পর্য্যন্ত মিথুনলগ্ন সুতরাং জাতব্যক্তির মিথুনলগ্ন স্থির হইল।

মেষাদি দ্বাদশ লগ্নের শুভাশুভ ফল বর্ণন।

মেষ লগ্ন।

বচনম্—

মেষবিলগ্নে জাতঃ প্রচণ্ডকোপো বিদেশগমনরতঃ। লুব্ধকৃশো হৃল্পসৌখ্যশৌর্য্যঃ স্খলিতাক্তিধারীচ॥ পিত্তানিলোত্থরোগৈ রতিতপ্ততনুঃ ক্রিয়াপটুর্ভীরুঃ। রোষাক্ষো ধর্ম্মরতশ্চপলো হৃল্পমেধাঃ পদার্থনাশকরঃ ভোক্তা খ্যাতঃ কুনখো ভ্রাতৃবিহীনস্তথা পিতৃভক্তঃ। শীঘ্রগতির্মন্দোসুতো বিবিধার্থযুতঃ সুশীলঃ কুলোদ্যতাং বিশীলাং ব্যঙ্গাং স্বজনৈর্দ্দিনাং স্ত্রিয়ং লভতে। অপকৃষ্টোদয়াসৌখ্যঃ ধর্ম্মসংবর্দ্ধিতার্থশ্চ।

অস্যার্থঃ—

মেষ লগ্নে কাহারও জন্ম হইলে সে অতিশয় কোপন-

স্বভাব, বিদেশগমনে অনুরক্ত, লোভী, কৃশ, অল্পসুখী, শূর, অস্পষ্টবাদী, বায়ুপিত্তরোগে সর্ব্বদা তাপিত, বীব, কার্য্যকুশল, ভীরুস্বভাব, ক্রোধারক্তচক্ষু, ধর্ম্মরত, চপল, অল্পমেধাসম্পন্ন, পরার্থবিনাশী, ভোক্তা, কুৎসিতনখ, ভ্রাতৃবিহীন, পিতৃভক্ত, শীঘ্রগতি, মন্দসন্তান, বিবিধার্থসংযুত, সুশীল, সৎকুলজাতা সুশীলা স্বজনহিতকারিণী বিকলাঙ্গা পত্নী লাভ করে এবং নীচ কর্ম্মে উন্নতিকারক ও ধর্ম্মদ্বারা অর্থবৃদ্ধি করে।

মতান্তরে

বচনম্—

মেষবিলগ্নে কুনখী সুবযর্ণোভেদকৃৎ স্খলিতবাক্যঃ। পিত্তানিলভূয়িষ্ঠঃ কৃপণো হতিবহুব্যথশ্চৈব। রহিতো হ্যথবালো গুরুভির্ম্মন্দসুতঃ স্বজনসহজহিতকর্ত্তা ধর্ম্মস্থিতো বিদেশোপগশ্চ কর্ম্মারভত্য ফলং নীচাং বাপিশুনাং বা বিকলাং লভতেহন্যপূর্ব্বিকাং ভার্য্যাং সহজসমান্যপিমিত্রানিচাস্য বন্ধুত্বমুপযান্তি শস্ত্রেণ বা বিষৈর্ব্বা মরণং পিত্তোদ্ভবৈর্ব্বিকারৈর্ব্বাস্যাৎ পঙ্কাজ্জলনাদ্বাবর্য'দ্দুর্গ'ৎ প্রপ'তনাদ্ব'

অস্যার্থঃ—

মেষলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি কুনখী অতিশয় ক্রোধী, মিলনভঙ্গকারী, অস্পষ্টভাষী অতিশয় পিত্ত ও বায়ুপ্রকৃতি, কৃপণ, বহুক্লেশসহিষ্ণু বাল্যাবস্থায় গুরুজনরহিত, কুপুত্র, স্বভাবতঃ আত্মীয়গণের হিতকারী, বিদেশগামী, আরব্ধ কর্ম্মে

ফললাভ করিতে পারে না। নীচ, ক্রুর, বিকলাঙ্গী এবং বিবাহ সম্বন্ধের পর বাগ্‌দত্তপতির মৃত্যুবশতঃ যে কন্যার পুনর্ব্বার বিবাহ হয় এমন কন্যা তাহার স্ত্রী হয়। সহোদর-সদৃশ মিত্রগণের সহিত তাহার বন্ধুত্ব হয়। অস্ত্র, বিষ, পিত্তোৎপন্ন বিকার, আত্মপক্ষ, অনল, বর্ষণ, দুর্গ বা উচ্চ হইতে পতনদ্বারা তাহার মৃত্যু হয়।

বৃষলগ্ন।

বচনম্—

বৃষভবিলগ্নে শূরঃ ক্লেশসহিষ্ণুঃ সুখীচ রিপু-হন্তা বাল্যে সঞ্চয়সংযুক্তোঽতিপীনললাট ঘোনগণ্ডৌষ্ঠঃ। উদ্যুক্তকর্ম্মসুভগঃ পিতুর্জ্জনন্যা রোষকৃদ্দাতা বিবিধব্যয়োঽতিরৌদ্রঃ কফানিলাত্মা পিতা কুমারীণাং স্বজনবিমর্দ্দনপরোঽধর্ম্ম-নিরতো বনপ্রিয়ো ঽতিচপলঃ ভোজনপানা-নিঘৃণ্ণুর্ম্মাল্যাম্বরভূষণৈকরতঃ

অস্যার্থঃ—

বৃষলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি অতিশয় শূর ক্লেশসহিষ্ণু, সুখী, শত্রুহন্তা বাল্যকাল হইতে সঞ্চয়ী, তাহার নাসিকা, ওষ্ঠ, গণ্ড ও ললাট অতিশয় স্থূল, সে আরব্ধকর্ম্মকুশল, দাতা, বিবিধব্যয়ী, উগ্রস্বভাব, পিতামাতার ক্রোধজনক, কুমারীবৎসল, স্বজনপীড়ক, সর্ব্বদা ধর্ম্মবিবারণ, বনপ্রিয় অতিশয় চপল ভোজনে ও পানে ঘৃণাশূন্য ও মাল্য বস্ত্র ভূষণে সর্ব্বদা অনুরক্ত।

মতান্তরে।

বচনম্—

বৃষভাবিলগ্নে স্থূলোষ্ঠগণ্ডনাসা মহাললাটশ্চ। শ্লেষ্মানিলভূয়িষ্ঠস্ত্যাগী বহুশোব্যয়রতশ্চ। কন্যাপ্রজোঽল্পপুত্রঃ পিতুর্জননাশ্চদোষকৃদ্বহুশঃ। কর্ম্মণিসততং সক্তো বিধর্ম্মযুক্তোঽর্থভাক্ চৈব নিত্যং কলত্রকাঙ্ক্ষী শস্ত্রবিখ্যাতি সদা স্বজনহর্ত্তা। মৃত্যুঃ শস্ত্রৈঃ পাশৈর্মৃগৈশ্চ লভতেঽন্যদেশেষু। দেহশ্রমৈর্জ্জলৈর্ব্বাশূলৈর্ব্বা প্যটননিবশনৈশ্চৈব। পুরুষৈশ্চতুষ্পদৈর্ব্বা বলান্বিতান্মৃত্যুমুপযাতি।

অস্যার্থঃ—

বৃষলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি স্থূলতর গণ্ড, ওষ্ঠ ও নাসিকাযুক্ত, প্রশস্তললাট, অধিকতর বাতশ্লেষ্মাযুক্ত ধাতু, ত্যাগশীল, অধিক ব্যয়ে রত কন্যা সন্ততির জন্মদাতা, অল্পপুত্র, পিতামাতার বহুতর দোষকারী সর্ব্বদা কর্ম্মাসক্ত, অধার্ম্মিক, ধনভোগী, নিয়ত স্ত্রীকে বা স্ত্রীলোকের নিতম্ব দেখিতে ইচ্ছুক, অস্ত্রব্যবহারী, সর্ব্বদা আত্মীয়সংহারক হয়। অস্ত্র, পাশ, পশু, বিদেশে শারীরিক শ্রম, সলিল, শূল, পর্য্যটন, অনাহার, পুং চতুষ্পদ বা বলবান ব্যক্তি দ্বারা তাহার মৃত্যু হয়।

মিথুন লগ্ন।

বচনম্—

মিথুনবিলগ্নে জাতঃ প্রিয়াদবতোষণপ্রবীণ

রতঃ পূজ্যতমঃ স্ববচাঃ স্বম তৃপিতৃবিনীত স্যাৎ গান্ধর্ব্বগীতিশিল্পশ্রুতিশাস্ত্রার্থপ্রহাস্যকে বররুচিঃ। সৌম্যোঽথ মণ্ডনরুচির্ম দবশ্যঃস্যাৎ সত মর্দ্যঃ। অসহিষ্ণুরনিষ্টযুত শঠোঽল্পবন্ধুস্বসংস্থিতো ভবতি। হীন ধিকাঙ্গযুক্তঃ পাপোবিনীতরক্তাক্ষিযুগ্মশ্চ যণ্ডাকারো ঽবশ্যঙ্গাকৃণো বিপুপক্ষসংহরণশীলঃ প্রভূতরত্নকাঞ্চনলোহকর্ণিকার্থভাগী ভবেৎ সৎপুরুষশ্চ

অস্যার্থঃ —

মিথুনলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি সর্ব্বদা ভার্য্যা বা অন্য কোন প্রেমাস্পদা নারীর সমাদর বা তৃপ্তিসাধনে রত, প্রাচীন লোকের প্রতি অনুরক্ত, সকলের পূজ্যতম, মধুরভাষী, বন্ধু ও মাতাপিতার নিকট বিনয়ী মধুরহাস্যযুক্ত, উচ্চকর্ম্মে প্রবৃত্তিশীল সঙ্গীত ও শিল্পশাস্ত্রজ্ঞ, দেবশাস্ত্রবেত্তা, শান্তস্বভাব, ভূষণপ্রিয়, অহঙ্কারের বশীভূত, সাধুগণের শ্রেষ্ঠ, অনিষ্টযুক্ত শঠ, অসহিষ্ণু অল্পবন্ধু, নিঃসম্বল, বিকৃত অথচ অধিক অঙ্গযুক্ত পাপী, বিনীত, গোল চক্ষু, নপুংসকাকার বা ক্লীবলিঙ্গ, তীক্ষ্ণ স্বভাব, শত্রুসংহারী, প্রচুর মণিমুক্তা স্বর্ণঔষধ লেখনী ও অর্থ ভোগ করে এবং সাধু পুরুষ হয়

মতান্তরে

বচনম্ —

পূর্ব্ববিলগ্নে মিথুনে হীনাঙ্গঃ সূযতে ধিকাঙ্গো।

বা প্রিয়বাক্ বিশিষ্টকর্ম্মা মিশ্রপ্রকৃতি দ্বিজননীকঃ। অল্পমতি রল্পকায়ঃ সতাঞ্চ মহিতো গুরুণাঞ্চ। অল্পসহজোঽল্পচেষ্টঃ পরাবমর্দ্দী গুণযুতশ্চ। কর্ম্মসু বহুষভিরতো ধর্ম্মং সাধয়তি ন চাথধর্ম্মেণ। প্রাপ্তান্ লাভান্ বিবিধান্ দোষৈস্তৈস্তৈশ্চনাশয়তি বহ্বীঃ পত্নীর্লভতে রোগাংশ্চ দারুণান্ জনয়তি। ব্যালাদ্বিষামৃগাদ্বাপ্যুদকাদ্বা মৃত্যু মপযাতি

অস্যার্থঃ—

মিথুনলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি হীনাঙ্গ বা অধিকাঙ্গ, সন্তানের উৎপাদক, মধুরভাষী, অসাধারণ কর্ম্মকারী, শ্রেষ্ঠ বা মিশ্রপ্রকৃতি, দ্বিমাতৃক, অল্পবুদ্ধি, অল্পকায়, গুরু ও সাধুগণের পূজ্য, অল্পসহোদর, অল্পচেষ্টান্বিত, শত্রুমর্দ্দনকারী, গুণী, অনেক কর্ম্মে প্রবৃত্ত, ধর্ম্ম কার্য্য করে বলিয়া ভান করে কিন্তু প্রকৃত ধার্ম্মিক নহে, প্রাপ্ত দ্রব্যের কোন দোষ দেখিয়া তাহা নষ্ট করে, অনেক পত্নী লাভ করে, কঠিন রোগাক্রান্ত হইয়া থাকে সে সর্প, বিষ, মৃগ কিম্বা সলিল হইতে মৃত্যু প্রাপ্ত হয়।

কর্কট লগ্ন।

বচনম্

কর্কট লগ্নে ভীরুঃ নৈকস্থাননিবাসবতশ্চপলঃ। মেধান্বিতো ঽধৈর্য্যো গুহ্যরোগার্ত্তো নিহন্তি রিপূন্। অন্তর্বিষমঃ কামী দ্বিজদেবার্চ্চনপ্রদান-

রতঃ। কফবহুলো যুবতিতনুঃ সন্তপ্তঃ স্বৈগুণৈ নিত্যং॥ নানাঙ্গে বিবন্ধু দুষ্টাল্পপ্রসূতো বিগর্হিতকুটুম্বঃ। বহুভাক্ কুৎসিতযুবতীঃ পরান্ন ভোগী দৃঢ়গ্রাহী পরদেশগঃ সুধীরঃ সাহসকর্ম্মা জনাধিগতবিত্তঃ। স্ত্রীভূষণাম্বরসুখৈর্ভোগৈশ্চ সমন্বিতো ভবতি।

অস্যার্থঃ—

কর্কটলগ্নে জাতব্যক্তি ভীরুস্বভাব, এক স্থানে থাকিতে ভাল বাসে না, চঞ্চল, মেধাযুক্ত অধীর, সর্ব্বদা গুহ্যরোগে পীড়িত, রিপুঘাতক, কামাতুর, কুটিলান্তঃকরণ, দেবদ্বিজ-সেবাপরায়ণ, দাতা, অনেক কফযুক্তধাতু, স্ত্রীলোকের ন্যায় আকৃতিবিশিষ্ট, আত্মগুণে সন্তপ্ত, বন্ধুহীন, নানাপ্রকার কিন্তু অল্প সন্তানবিশিষ্ট, দুষ্ট, নিন্দিতকুটুম্ব, বহুভাষী, কুৎসিত যুবতীর স্বামী, পরান্নভোজী, কোন বস্তুগ্রহণে দৃঢ়প্রতিজ্ঞ, পরদেশগামী, ধীর, সাহসকর্ম্মা, পরধনাধিকারী স্ত্রীভূষণ বস্ত্রসুখসম্পন্ন ও ভোগী হয়

মতান্তরে।

বচনম্—

কর্কিনি পূর্ব্ববিলগ্নে নৈকাগ্রে গুহ্যরোগবান্ ভীরুঃ কফানিলাত্মা দৃঢ়গ্রাহী পাপান্ হিতান্ ভজতে। পরস্বমপি নিক্ষিপেদ্ধ্যয়েন সকৃৎ। স্বজনাদ্দুপ্তঃ স্বজনৈর্ব্বিভৎসিতো হস্থিরপ্রভবঃ তীক্ষ্ণং কর্ম্ম বিদেশেনিত্যং হৃদ্ধোদিতঃ পর-

স্বামী অসদৃশদারো রিপুনির্জ্জিত*চ পূজ্যঃ সমূহানাং কণ্ঠাপীড়াবজ্র কফোদয়াদস্থিভঙ্গাভেদাৎ। দেহচ্ছেদাদথবা জলোদর মৃত্যু মাপ্নোতি।

অস্যার্থঃ—

কর্কটলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি একাগ্রতাবিহীন, গুহ্যরোগী, ভীরুস্বভাব, কফবায়ুপ্রকৃতি, কোন বস্তু গ্রহণে দৃঢ় প্রতিজ্ঞ, অমঙ্গলজনক পাপাচারী, এত বহুব্যয়ী যে একবার মাত্র ব্যয় করিয়া পরধন পর্য্যন্ত নষ্ট করিয়া ফেলে, স্বজনগর্ব্বিত এবং স্বজন দ্বারা ভর্ৎসিত, অস্থির পরাক্রমী, পরাভূত, নিয়ত বিদেশে দুরূহ কর্ম্মকারী, অস্পষ্টভাষী, শত্রুর প্রভু, অসদৃশদারাযুক্ত, শত্রুপরাভূত, বহুলোকের পূজনীয় হয় কণ্ঠপীড়া, বজ্র, কফোদয় অস্থিভঙ্গ ভেদ, দেহচ্ছেদ অথবা জলোদর রোগে তাহার মৃত্যু হয়।

সিংহ লগ্ন।

বচনম্—

সিংহোদয়েপ্রসূতো মাংসরুচির্নৃপতিলব্ধমানধনঃ ধর্ম্মযুতোঽর্থসংস্থঃ কুটুম্বকার্য্যেষু রতধামা॥ সিংহাস্যসমানমুখঃ শ্রীমান্ গাম্ভীর্য্য সত্ত্বসমাযুতঃ। ধৃষ্টোঽল্পবচা লুব্ধঃ পরদাররতো বুভুক্ষাবান্। পর্ব্বতবনানুসারী সুবোধিনো দৃঢ়সুহৃৎ প্রেমাদীচ দুঃখসহো হতশত্রুঃ প্রখ্যাতযুতঃ প্রণতসাধুঃ কৃষ্যাদিকর্ম্মধনবান্ ব্যাপার-

রতে বন্ধুব্যয়ো ভবতি। বেশ্যানটীষু নিরতো ভার্য্যা তস্য সরোগাচ।

অস্যার্থঃ—

সিংহলগ্নে জাতব্যক্তি মাংসপ্রিয় রাজার নিকট সম্মান ও অর্থলাভ করে, ধার্ম্মিক ও ধনশালী, আজন্ম আত্মীয় স্বজনের কার্য্যে নিযুক্ত, সিংহ মুখের ন্যায় মুখবিশিষ্ট, মর্য্যাদাসম্পন্ন, মাননীয়, গম্ভীরপ্রকৃতি সাধু, অল্পভাষী, নির্লজ্জ লোভী, পরদাররত, ভোজনেচ্ছুক, পর্ব্বত ও বনগমনপ্রিয়, সুবোধ, দৃঢ়-সুহৃৎ, আহ্লাদিত, দুঃখসহিষ্ণু, শক্রশূন্য, বিখ্যাত সাধুগণ তাহার নিকট কুণ্ঠিত কৃষ্যাদি, কর্ম্মদ্বারা ধনবান নানাকার্য্য-রত, অধিক ব্যয়শীল ও বেশ্যানটীপ্রিয় এবং তাহার ভার্য্যা রুগ্না হয়

মত স্তবে।

বচনম্—

সিংহবিলগ্নে কঠিনঃ প্রিয়ামিষঃ পৈত্তিশেষি তনাসঃ। বহ্বারম্ভকুটুম্বঃ কৃপণস্ত্বথসম্মতঃ খ্যাতঃ। সহজবিষাদী সজনস্যঘাতকো বিপ্রগৈঃ স্বৈকৈর্যুক্তঃ। অবিষাদী কর্ম্মকরো বিবিধোপায়ৈ স্ত্ববর্দ্ধিষ্ঠঃ ভার্য্যাবহ্বীর্লভতে বিদ্যাদ্বিবিধাঃ কুলৈকপোতাশ্চ। কট্যাংরুজশ্চ বহুশোজানো দ্দশনেষু চাপ্নোতি। মৃত্যুঃ শস্ত্রৈঃ পাপৈর্ব্বিষৈশ্চ কাষ্ঠৈবথাগ্নৈশ্চাপি স্রোতজলৈর্ব্বাস্বৈত্ত্বর্ভু-ক্ষয়া হ্রাসমুপযাতি।

অস্যার্থঃ—

সিংহলগ্নে জন্ম হইলে জাতব্যক্তি কঠিনাঙ্গ মৎস্য-মাংসপ্রিয়, পৈত্তিকধাতু, বিস্তৃতনাসিকাযুক্ত, বহু আড়ম্বরযুক্ত, বহুবন্ধুপ্রিয়, কৃপণ, মাননীয়, বিখ্যাত পিতৃগণের মনোমালিন্য-কারী, আত্মীয়সংহারী, স্বকীয়বিক্রমযুক্ত, শোকদুঃখে অভিভূত হয় না, বিবিধ উপায় দ্বারা কর্ম্ম সাধন করে অধর্ম্ম-পরায়ণ সংকুলজাতা বিদ্যাবতী বহু স্ত্রী প্রাপ্ত হয়; জানু কটী ও দন্তে বহুরোগযুক্ত হয়। অস্ত্র, বিষ, কাষ্ঠ, জল, হিংস্র প্রাণী পাপ, রোগ কিম্বা ক্ষুধাদ্বারা তাহার মৃত্যু হয়

কন্যালগ্ন

বচনম্—

ষষ্ঠে মাধুর্য্যযুতঃ শিক্ষাগান্ধর্ব্বশিল্পকার্য্যপটুঃ
লুব্ধঃ কর্ণকথাভাষী প্রণয়ী দারোপচাররতঃ।
কন্যাবিনাশসত্ত্বস্থিতিদাক্ষিণ্যৈর্যুতো দয়াবাংশ্চ।
ভোক্তা দেশভ্রমণরতঃ স্ত্রীপ্রকৃতি বিনয়বান্ স-
বিভবঃ। মণ্ডলবান্ ধনবান্ সুভগঃ কামী সুখাল্প-
যুতোঽপি ভবেৎ ঋজুধর্ম্মবান্ সুরূপঃ শুচিরপি-
কান্তগুণানাঞ্চ পাপৈবনার্য্যবৃত্তৈঃ সহজৈঃ
সন্ত্যক্তোঽতি বিরুদ্ধশ্চ কন্যাপ্রজোঽনিল
রুজার্দ্দিতো বিবর্জ্জিতকফঃ

অস্যার্থঃ—

কন্যালগ্নে জাতব্যক্তি কান্তিযুক্তদেহ, বেদাঙ্গশাস্ত্র সঙ্গীত বিদ্যা ■ শিল্পকার্য্যে নিপুণ, লোভী কোন গুপ্ত কথা প্রকাশ

করে, স্ত্রীসেবারত, নারীপ্রিয়, সাধু, মর্য্যাদাসম্পন্ন, দয়া-দাক্ষিণ্যযুক্ত, ভোক্তা, দেশভ্রমণরত স্ত্রীলোকের ন্যায় স্বভাব, বিনয়ী, বিভবসম্পন্ন, ধনুর্ব্বিদ্যা আলোচনা করিবার তাহার কোন বিশেষ স্থান আছে সৌভাগ্যশালী, ধনী, কামুক, অল্প মিথ্যাবাদী, সুন্দর, পবিত্র, সরল, ধার্ম্মিক, গুণাধার, পাপী ও নীচবৃত্তি সহোদর কর্ত্তৃক পরিত্যক্ত এবং তাহাদের বিরুদ্ধাচারী, কন্যাউৎপাদনকারী, বায়ুরোগাক্রান্ত ও কফবিহীন হয়

মতান্তরে

বচনম্

যষ্ঠবিলগ্নে প্রিয়বাকতনুচ্ছবিদীর্ঘকরচরণঃ
মিশ্রপ্রকৃতিশ্চার্য্যাকৃতিব্রণী চার্থবান্ কৃপণঃ ॥
স্বজনস্যেষ্টঃ কন্যাবহুপ্রজো ভ্রাতৃভির্ব্বিরুদ্ধশ্চ ।
ধর্ম্মপ্রিয়োঽল্পলাভঃ কর্ম্মণি নিপুণঃ সমাচরতি
বিবিধাচ্চতুষ্পদগণাদস্ত্রাৎ পিত্তোদ্ভবাদ্রোগাৎ ।
শোকাৎ সম্পাতাদ্বামৃত্যুঞ্চাপ্নোতি পাশাদ্বা

অস্যার্থঃ—

কন্যালগ্নে জন্ম হইলে জাতব্যক্তি মধুরভাষী, অল্প কান্তিবিশিষ্ট, দীর্ঘহস্তপদযুক্ত, উৎকর্ষাপকর্ষমিশ্রিত স্বভাব, উৎকৃষ্ট আকৃতিযুক্ত, ব্রণযুক্ত দেহ, ধনবান, অদাতা, স্বজনের বাঞ্ছিত, অনেক কন্যাসন্ততির জনক, ভ্রাতৃগণের বিরোধী, ধর্ম্মপরায়ণ, অল্প লাভযুক্ত কোন কর্ম্মে পরিদর্শী হইয়া তাহা করিয়া থাকে নানাপ্রকার চতুষ্পদ জন্তু অস্ত্র, পিত্তোৎপন্ন-রোগ, শোক, পতন কিম্বা রজ্জুদ্বারা তাহার মৃত্যু হয়

তুলালগ্ন।

বচনম্—

সপ্তমলগ্নেজাতো বিষমাঙ্গঃ শীলবর্জ্জিতশ্চ-পলঃ। উপচিতহীনদ্রবিণঃ সুকৃশো দেশান্তর-চারীস্যাৎ কফবাতিকশ্চ কলিরুচি দীর্ঘমুখ-শরীরো ধর্ম্মমতিবেত্তা। বহুদুঃখভাক্ সুমেধাঃ পর্ব্ববরদীর্ঘকরকর্ণাক্ষঃ অতিথিদেবদ্বিজরতঃ পটুঃ ক্রিয়াবান্ তথা গুরুভক্তঃ। পূজ্যঃ পিতা তনুজানাং বিদুষাং সভ্যশ্চ মৃদুশত্রুঃ ভ্রাতৃপ্রিয়ো বিসত্যঃ শুচিশ্চপাপাচারসুবন্ধুশ্চ। পরার্থকৃৎ-সিতবেত্তা ধর্ম্মব্যবসায়ী নীচমতিঃ॥

অস্যার্থঃ—

তুলালগ্নে জাতব্যক্তি অসমানদেহ, দুশ্চরিত্র, চঞ্চল, অতিশয় কৃশ, অর্থ সঞ্চয়ে অক্ষম, দেশান্তরে ভ্রমণকারী কফ ও বায়ুধাতুযুক্ত, বিবাদপ্রিয় দীর্ঘমুখ, দীর্ঘশরীর, ধর্ম্মজ্ঞ ও ধার্ম্মিক বহু দুঃখভাগী, অতিশয় স্মৃতিশক্তিসম্পন্ন; তাহার হস্ত চক্ষু কর্ণ দীর্ঘ এবং গ্রন্থিস্থানগুলি সুন্দর, দেব, দ্বিজ ও অতিথি সেবায় নিযুক্ত, দক্ষ, পুণ্যকর্ম্মরত, গুরুভক্ত, ...ীয়, তাহার সন্তানগণ পণ্ডিত হয়, সভ্য, তাহার শত্রুগণ নহে, ভ্রাতৃপ্রিয়, সত্যহীন, সর্ব্বদা শুদ্ধভাবে থাকিতে ...ী, উত্তম বন্ধুযুক্ত অপরের অর্থে লোভশূন্য, ...ীচপ্রকৃতি হয়

মতান্তরে।

বচনম্—

সপ্তমরাশৌলগ্নে বিষমাঙ্গঃ সুযতে বি ম-শীলং। কফবাতিকঃ সুচপলো হ্রস্বং কৃতজ্ঞশ্চ। অর্থান্ বিপুলান্ লভতে ব্যয়েন সম্পূজ্যতেযশঃ প্রায়ঃ। গুরুসেবায়াং নিরতঃ পিত্রন্যজনসহজপূজ্যঃ। অধ্বরুচিধর্ম্মিষ্ঠো বি-নাশ মায়াতি পীড়নৈঃ স্বৈঃ স্বৈঃ মৃতভার্য্যঃ কলহরুচির্ব্বহুশঃ শোকাদিভিঃ ক্লিষ্টঃ॥ মৃত্যুঃ খ্যাতাৎ পুরুষাৎ স্বজনাৎ সৌম্যাচ্চতুষ্পাদাদ্বাপি। খেদাচ্চ বিপ্রযোগাদুপবাসান্মার্গযোগাদ্বা।

অস্যার্থঃ—

তুলালগ্নে জাতব্যক্তি বিকৃতাঙ্গ, দুশ্চরিত্রসন্তান উৎপাদনকারী কফবাতিকযুক্তধাতু, অতিশয় চঞ্চল, হ্রস্বগ্রীবাযুক্ত, কৃতজ্ঞ, প্রভূত ধনবান, ব্যয় দ্বারা পূজনীয়, ন্যূনাধিক যশস্বী, গুরুজনসেবী, পিতা ভ্রাতা ও অন্য ব্যক্তির মাননীয়, যে পথে যাইতে হইবে তাহার দোষ গুণ বিচার করিয়া থাকে, ধর্ম্মপরায়ণ, অর্থের জন্য আত্মীয় লোক তাহার উপর এত পীড়ন করে যে উহাতে তাহার মৃত্যু পর্য্যন্ত ঘটিতে পারে তাহার স্ত্রী মরিয়া যায়, সে সর্ব্ব বিষয়ে বিবাদপ্রিয়, বহু শোকাদি দ্বারা পীড়িত হয় বিখ্যাত আত্মীয় পুরুষ, শুভ চতুষ্পদ, খেদ, বিচ্ছেদ, উপবাস অথবা পথযোগে তাহার মৃত্যু হয়

বৃশ্চিকলগ্ন।

পুং বচনম্—

পুঃ বৃশ্চিকলগ্নে পুরুষঃ পীনপৃথুর্ব্ব্যয়ভাগঙ্গ দীর্ঘশ্চ অন্তর্ব্বিষমঃ শূরো মাতুরনিষ্টঃপিতুশ্চাপি গম্ভীরঃপিঙ্গলোচ্চদৃক্ সুমহান্নস্থনিম্ন জঠরশ্চ অন্তর্ব্বিলগ্নঘোণঃ সাহসনিরতঃ স্থিরশ্চণ্ডঃ। বিশ্বসিহাস্যপণ্যবেত্তা পিত্তরোগার্ত্তঃ কুটুম্বসম্পন্নঃ গুরুসুহৃদাং দ্রোহরতঃ পরাঙ্গনাকর্ষণানুগতিঃ দুঃস্থো লবণবক্রশ্চ স্যাদ্ভূপতি সেবীচ শত্রুপরিতাপী। পরতোঽর্থদঃ স্বযুবতী-ধর্ম্মপ্রতিবৎসলঃ ক্ষুদ্রঃ।

অস্যার্থঃ—

বৃশ্চিকলগ্নে জাত ব্যক্তি অতিশয় স্থূল, দীর্ঘদেহসম্পন্ন, শূর, ব্যয়শীল, কুটিলান্তঃকরণ, পিতামাতার অনিষ্টকারী, গম্ভীরস্বভাব, পিঙ্গলবর্ণ উচ্চচক্ষুবিশিষ্ট, উদর কাহারও স্থূল, কাহারও খর্ব্ব কাহারও বা নিম্ন হয়, মধ্যভাগ নিম্ন এমন নাসাবিশিষ্ট সাহসী, স্থিরপ্রকৃতি, উগ্রস্বভাব, বিশ্বাসী, হাস্যপটু, বিক্রেয় দ্রব্যের গুণগ্রাহী, পিত্তরোগী, বহুকুটুম্ব, গুরুবন্ধুদ্রোহী, পরস্ত্রী আকর্ষণে প্রবৃত্তিসম্পন্ন, দুর্দ্দশাগ্রস্ত, লাবণ্যযুক্ত পিঙ্গলবর্ণ, রাজসেবী, শত্রুপীড়ক, এমন ব্যয়শীল যে তাহার নিকট অপরের গচ্ছিত অর্থও ব্যয় করিয়া ফেলে, স্ত্রী ও অন্যান্য আত্মীয় স্বজনের ধর্ম্মকর্ম্মের অনু-

স্থানে যত্নশীল বা স্ত্রীতে অন্যান্য আত্মীয় স্বজনে ও ধর্ম্ম-কার্য্যে অনুরক্ত এবং নীচপ্রকৃতি হয়

মতান্তরে

বচনম্—

অষ্টমরাশৌলগ্নে বিশালবক্ত্রাননো দরঃ ক্রূরঃ পিত্তপ্রকৃতিঃ পিঙ্গেক্ষণো মৃদুর্দ্রুতগতিঃ পরস্বামী। স্ফীতকুটুম্বস্বজনোঽন্তকশ্চ বহু ব্যয়ো বহুপ্রসবঃ। সুখরহিতো ভ্রাতৃব্যয়সেবী ধর্ম্মহীনশ্চ, ভার্য্যা নিন্দিত-বিমুখী শক্রোরর্থ ন দদাতি বহুশশ্চ। স্বকুলোদ্ভূতাজ্জনৈর্লভতে রোগাংশ্চ নৈকবিধান্। গাত্রচ্ছেদৈঃ শত্রোর্বিশগতো বন্ধনৈঃ প্রহারৈশ্চ। রোগৈর্ব্বা পাপকৃতৈর্জলাদ্বা মৃত্যুমুপযাতি

অস্যার্থঃ

বৃশ্চিকলগ্নে জাতব্যক্তির মুখ ও উদর বৃহৎ ও কেশ দীর্ঘ সে খল স্বভাব, পৈত্তিকধাতু, পিঙ্গলনয়ন, মৃদুস্বভাব, শীঘ্রগামী, শত্রুর প্রভু বহুকুটুম্ব, পরিজনযুক্ত, সর্ব্ববিনাশক, বহুব্যয়শীল, বহুসন্তান, অসুখী অধার্ম্মিক, ভার্য্যার জন্য লজ্জিত, শত্রুও অধিক অর্থ প্রদান করিতে অনিচ্ছুক, কামাতুর, স্ববংশজাত লোকেরা তাহার শত্রু এবং সে বহুরোগাক্রান্ত হয় সে শত্রুবশীভূত হইয়া গাত্রচ্ছেদন, বন্ধন, প্রহার, পাপকৃত রোগ বা জল দ্বারা প্রাণত্যাগ করে

ধনুলগ্ন।

বচনম্—

কার্ম্মুকলগ্নেজাতঃ স্থূলবদনস্তুঙ্গপৃথুমূর্দ্ধা চ। প্রণতানাং প্রিয়কারী ধৃতিসত্ত্বসমন্বিতঃ সুতনয়শ্চ। হ্রস্বনাসৌষ্ঠঃ কুনখী হ্রীমানতিপীবরোরুজঠরঃ বিজ্ঞানশাস্ত্রকুশলঃ প্রত্যগ্রমতিঃ প্রকোপশ্চ॥ বলিনাংমমর্দ্দণপরঃ কুলমুখ্যো নাশিতবিপুপক্ষঃ। সংগ্রামভটশ্রেষ্ঠশ্চপলোঽপ্যুচ্ছিন্ন-বন্ধুগণঃ॥ শিল্পাদিকর্ম্মনিরতঃ স্ববংশহা বন্ধুবর্গশুভোদয়শ্চ। কান্তা বদনাক্ষিগদো নৃপকৃতোঽর্থঃ স্বধর্ম্মনিরতশ্চ।

অস্যার্থঃ—

ধনুলগ্নে জাতব্যক্তি স্থূলবদন, উন্নতস্থূলমস্তক, অবনত ব্যক্তি দিগের হিতকারী, ধৈর্য্যশালী, সাধু, সুসন্তানবিশিষ্ট, খর্ব্ব নাসিকা ও ওষ্ঠযুক্ত, অপকৃষ্টনখ, লজ্জাশীল, বিজ্ঞানবিৎ তাহার উদর ও উরু স্থূল, প্রত্যুৎপন্নমতি, কোপনস্বভাব, বলিষ্ঠ লোকদিগের বিদ্বেষকারী শ্রেষ্ঠ, অন্য লোক দ্বারা শত্রুর বিনাশসাধন করে, যুদ্ধনিপুণ, প্রধান, চঞ্চল, বিনষ্টবন্ধু, শিল্প প্রভৃতি কার্য্যে নিযুক্ত, বন্ধুগণের মঙ্গলাকাঙ্ক্ষী, আপনার ও আত্মীয় স্বজনের বংশ বিনাশক, রুগ্নস্ত্রী, চক্ষু ও মুখে রোগগ্রস্ত রাজকর্ম্মচারী হইয়া বা স্বয়ং রাজা হইয়া যুদ্ধে অন্য রাজাকে বিনষ্ট করিয়া বা রাজার দান

গ্রহণ করিয়া তাহার অর্থে অর্থশালী এবং ধর্ম্মানু-যুক্ত হয়

৯ তাপ্তবে।

বচনম্—

স্থূলৌষ্ঠদশননাসো নবমলগ্নে কফানিল-প্রকৃতিঃ মাংসলগুহ্যোরুভুজঃ কৃশনখী কর্ম্মোদ্যতঃ শূরঃ। শূদ্রান্নীচাচ্চৌর্য্যাদনলান্নৃপাচ্চ নষ্টধনঃ। বিজ্ঞানাং প্রসবো গুরুপূজ্যোঃ ভ্রাতৃঘাতকশ্চ। কর্ম্ম বিদেশেষিষ্টঃ কুরুতে বিত্তানি চার্হতি নৃপেভ্যঃ। ধর্ম্মে তু মধ্যগমতির্দৈবৈশ্চ বিরোধ-মুপযাতি। রোগান্ বদনে লভতে চতুষ্পাদ চ্চা ত্মনঃ সমাপ্নোতি মৃত্যুং বিশেষ্যাবানুপাচ্চ বদ্ধাজ্জলাদ্বাপি।

অস্যার্থঃ—

নবমলগ্নে জাত ব্যক্তির ওষ্ঠ দশন ও নাসিকা স্থূল, ধাতু কফবায়ুযুক্ত, উরু গুহ্যদেশ ও হস্ত স্থূল সে কুৎসিত-নখবিশিষ্ট, কর্ম্মে উদ্যোগী শূর শূদ্র নীচতস্কর অনল ও রাজা দ্বারা তাহার অর্থ নষ্ট হয় বুদ্ধিমান সন্তানের জন্মদাতা বা জ্ঞানিগণের মনোভাব ব্যক্ত করে, অন্যের পূজ্য ভ্রাতৃবিনাশে উৎসুক, বিদেশপ্রিয় হইয়া কার্য্য করে, রাজধন লাভের উপযুক্ত হয়, তাহার ধর্ম্মপ্রবৃত্তি মধ্যম, দৈবের সহিত বিরোধ করে, মুখরোগী হয় এবং চতুষ্পদ

জন্তু, সর্প ভূপতি, বন্ধন এবং সলিল হইতে তাহার মৃত্যু হয়

মকরলগ্ন।

বচনম্—

মকরলগ্নেজাতঃকৃশগাত্রো ভীরুর্বক্রশ্চ। বাত-ব্যাধিভিবার্ত্তঃ সুদীর্ঘতুঙ্গাগ্রনাসঃ স্যাৎ লঘু-সত্ত্বোহতিনয়নো মারুতপানিপাদবিস্তীর্ণঃ। আচার গুণৈর্হীনস্তু ধত্তে বামাভিরামগতিঃ গিরিবন-চারী শূরঃ শাস্ত্রশ্রুতিশিল্পাগমবাদ্যজ্ঞঃ ক্ষুদ্র-বলঃ স্বকুটুম্বদ্বিজভূষশ্চবন্ধুশঠঃ কুৎসিতশীলঃ কান্তঃ কুৎসিতদারোহসূয়কো ধনভাক্ ধর্ম্ম-রতো ভূপসেবী নচাতিদাতা সুখী সুভগঃ।

অন্বার্থঃ—

মকরলগ্নে জাত ব্যক্তি কৃশাঙ্গ, কুটিল ভীরু, বাত-রোগাক্রান্ত, তাহার নাসিকা দীর্ঘ এবং উহার অগ্রভাগ উন্নত, ক্ষুদ্রপ্রকৃতি, প্রশস্তনয়ন, দীর্ঘহস্তপদযুক্ত, বায়ুর ন্যায় দ্রুতগামী, আচার ব্যবহারে অনভিজ্ঞ, গুণহীন, স্ত্রীলোকের গতির ন্যায় মনোহর গতিসম্পন্ন বা গমনকালে বামপদ অগ্রে বিক্ষেপ করে পর্ব্বতবনবিচরণকারী, শূর, বেদশাস্ত্র, শিল্প, আগম ও বাদ্যবেত্তা, অল্প বলিষ্ঠ, স্বীয় কুটুম্ব ও ব্রাহ্মণগণের শোভা সম্পাদক, বন্ধুগণের নিকট ধূর্ত্ত, মন্দস্বভাব, কান্তিবিশিষ্ট, কুৎসিতস্ত্রী, প্রশংসনীয় লোকের অযথানিন্দাকারী ধনভোগী, ধার্ম্মিক, রাজসেবা-

পরায়ণ, ব্যয়কুণ্ঠ বা অতি দানশীলও নয়, সুখী ও সৌভাগ্য-শালী হয়

মতান্তরে।

বচনম্—

দশমবিলগ্নে তনুনাসিকাপুটো দীর্ঘবক্ত্রকর-চরণঃ। বায়্বাত্মকো মৃগাস্যো ভীরুশ্চপলোঽথ বন্ধনভাক্ ক্ষুদ্রকুটুম্বোঽল্পধনঃ কৃপণঃ কন্যা-প্রজো মৃতস্বজনঃ। সহজসমৃদ্ধঃ শৌর্য্যান্নৃপাদবর্ণ্যাচ্চ লব্ধধনঃ। উপবাসব্রতশীলো নীচামিষ্টান্নবাপ্য যাস্ত্রার্য্যাং বহুবিগ্রহোঽল্পগেশে দুর্ব্বল-জানুশ্চ রোগার্ত্তঃ বাল্যাদনিলাম্বুপান্থিযাৎ প্রপতনাদ্গজাদ্বাপি পিত্তোদ্ভবাদজীর্ণাগ্নিস্থতে বা মার্গবিভ্রষ্টঃ।

অন্বয়ার্থঃ—

মকর লগ্নে জাতব্যক্তির নাসিকার ছিদ্রদ্বয় সূক্ষ্ম, হস্ত পদ ও মুখ দীর্ঘ, বায়ু প্রধান ধাতু, সে মৃগবদন, ভীরু, চঞ্চল, সময়ে সময়ে বন্ধন ভোগকরে. নীচকুটুম্ব সম্পন্ন, অল্পধনবান, অদাতা, কন্যা উৎপাদনকারী, তাহার আত্মীয় স্বজন বিনষ্ট হয়, অনায়াসে সমৃদ্ধি শালী হয় বা তাহার অনেক সহোদর থাকে, বল দ্বারা রাজা এবং অবর্ণ্য হইতে, অর্থ লাভ করে, উপবাস ব্রত পরায়ণ, নীচস্বভাব, সাভিলষিত স্ত্রীলাভ করে নীচকর্ম্মকারিণী বা নীচ জাতীয় স্ত্রীলোকের প্রতি আসক্ত হয়, সর্ব্বদা যুদ্ধ বা কলহ করিতে ইচ্ছুক, স্বভাবতঃ মন্দগামী কিন্তু

সময় বিশেষে দ্রুতগতি হয়, ক্ষীণজানু, পীড়িত এবং বালক, বায়ু, নৃপতি, বিষ, পতন, হস্তী হইতে বা পিত্তযুক্ত অজীর্ণরোগে আক্রান্ত বা পথভ্রষ্ট হইয়া প্রাণত্যাগ করে।

কুম্ভলগ্ন।

বচনম্—

কুম্ভ বিলগ্নে পুরুষঃস্বনীচকর্ম্মা কুলাধমো মূর্খঃ। স্ফুরিতাগ্রনাসিকৌষ্ঠো নীচো হৃষ্টো হলসাত্মাচ। বৈরিপ্রিয়ঃ প্রদুষ্টঃ পরুষদ্যূতনীচদাসীপ্রিয়শ্চ। উপকৃতবন্ধুঃ ক্ষুদ্রঃ ক্ষমোদয়ী প্রাপ্তবিত্তশ্চ। পিশুনঃ শঠো দরিদ্রো বিনষ্টবন্ধুর্বহিষ্কৃতো লোকৈঃ নসম্মতঃ পরেষাং প্রণষ্টসম্বন্ধো গুরুবিনীতশ্চ বৃদ্ধোদয়ো ন শস্তো জন্মবিধৌ সত্যভাষিতে দৃষ্টঃ। যবনৈর্বর্গোঽপি তথ্যাসৌ চাণক্যো বদতি নোবর্গঃ।

অস্যার্থঃ—

কুম্ভলগ্নে জাতব্যক্তি নীচকর্মকারী, বংশের মধ্যে নীচ, মূর্খ তাহার নাসাগ্র ওষ্ঠ কম্পিত হয় নীচপ্রকৃতি, হর্ষ, অলস, সর্ব্ব বিষয়ে বীরত্ব প্রকাশ করিয়া থাকে, দুষ্ট, কর্কশভাষী, দ্যূতপ্রিয়, বন্ধুর উপকারী, ক্ষুদ্র, নীচজাতি ও দাসী প্রিয়, ক্ষমাবান, বুদ্ধিশালী, অপরের ধনলাভকারী, খল, দরিদ্র, বিনষ্টবন্ধু, কোথাও গেলে লোকে তাহাকে তাড়াইয়া দেয়, শত্রুগণের অপ্রিয়, কাহারও সঙ্গে সম্বন্ধ রাখিতে অনিচ্ছুক, উপদেশক ও নম্র হয় সত্যাচার্য্য জন্ম বিষয়ে কুম্ভলগ্ন কে

কখনও প্রশস্ত বলেন না, যবনাচার্য্যও কুম্ভলগ্ন ও তাহার ষড়বর্গকেও নিন্দা করেন, কিন্তু চাণক্য কুম্ভলগ্নের বর্গকে নিন্দা না করিয়া কেবল কুম্ভলগ্নকেই নিন্দা করিয়া থাকেন

মতান্তরে।

বচনম্—

একাদশে বিলগ্নেস্তব্ধঃ ক্রুরঃ কুলাগ্রজঃ পুরুষঃ পিত্তানিলভূয়িষ্ঠস্তিলপুষ্পসমাননাসশ্চ। প্রাপ্তান্নাশয়তে হর্থান্ বহুভৃত্যঃ সাধ্যাতীতব্যয়শ্চাপি ক্ষীণঃ স্বগোত্রগুরুজনপরপক্ষসুহৃৎস্বজনশত্রুঃ কর্ম্মণি পাপে সক্তস্তনুশ্চকান্তান্ বাপ্য যাল্লাভান্। ধর্ম্মধ্বজপ্রবৃত্তৌ দৈবতপূজ্যশ্চ কারয়তি ভার্য্যাং। বিগ্রহশীলাং লভতে বিবিধান্ রোগান্ কফোদ্ভবানুরসি। ম্রিয়তেচ জঠররোগাদ্বামনাৎ স্ত্রীণাং প্রয়োগাদ্বা।

অস্যার্থঃ—

কুম্ভলগ্নে জাত ব্যক্তি অচঞ্চল স্বভাব ক্রূর, কুলশ্রেষ্ঠ, বায়ু-পিত্তাধিক্যযুক্ত ধাতু নাসিকা তিল ফুলের ন্যায়, প্রাপ্ত ধনের অপচয়কারী, বহুভৃত্যসম্পন্ন, ক্ষমতাতীত ব্যয়কারী, ক্ষীণ-কায়, স্বগোত্রজগুরুজন এবং শত্রুপক্ষের আত্মীয় বন্ধুর শত্রু, পাপকর্ম্মাসক্ত, মনোহর, উৎকৃষ্ট বিষয় লাভ করে, ধর্ম্মের নিশান স্বরূপ দেবমন্দিরাদি গঠন বিষয়ে দেবতারও আদরনীয়, স্ত্রীকে যুদ্ধনিপুণ বা কলহপ্রিয় করায়, বক্ষঃস্থলে কফজনিত নানা রোগে আক্রান্ত হয়, এবং উদররোগ বামন বা স্ত্রীলোক কর্ত্তৃক তাহার মৃত্যু হয়

মীনলগ্ন।

বচনম্—

মীন বিলগ্নেজাতোধন্যঃ স্ফুটনাসিকৌষ্ঠপুট-বক্ষাঃ। বিজ্ঞানকাব্যেবুদ্ধি র্মদনাতুরঃ লব্ধকীর্ত্তিশ্চ বিবৃতৌষ্ঠদরঃ বুষ্ঠী বিদারিতাস্যামিষাদিসংলুব্ধঃ দাক্ষিণ্যপ্রত্যয়বান্ মেষচ্ছাগ দিসম্পন্নঃ শৌচাচারঃ শ্রুতবান্ দ্যুতিমান্ কন্যাপ্রজো বিনীতশ্চ। মেষ ধৃতিসত্ত্বযুতো গান্ধর্ব্বস্ত্রীরতিজ্ঞশ্চ।

অস্যার্থঃ—

মীনলগ্নে জাতব্যক্তির নাসিকা ওষ্ঠদ্বয় ও বক্ষঃস্থল প্রস্ফুট, সে বিজ্ঞান ও কাব্যশাস্ত্রে বুদ্ধিমান, কামাতুর, যশস্বী, আমিষাদিলোভী বিস্তারিতবদন, প্রকাশিতদন্তৌষ্ঠ, দাক্ষিণ্য সম্পন্ন, বিশ্বাসী, ছাগমেষাদিসম্পন্ন, শুদ্ধাচারী, বেদজ্ঞ, কান্তি-বিশিষ্ট বিনীত কন্যা সন্তান উৎপাদনকারী, স্মৃতিশক্তি-সম্পন্ন, ধৈর্য্যশালী সত্ত্বগুণাবলম্বী, সঙ্গীতজ্ঞ এবং স্ত্রী-সম্ভোগে নিপুণ হয়

মতান্তরে।

বচনম্—

দ্বাদশগে প্রাথনে স্থূলোষ্ঠপীনদৃঙ মহা নাসঃ কফবাতিকো মহাত্মাত্বগ্দোষী নৈকমতি চেষ্টঃ। শিষ্টাযবায়ভৃতাঃ স্বজনস্ত্রীপূজিতঃ সহজনাথঃ। কর্ম্মণি ধর্ম্মে যুক্তঃ পিত্তোপচয়ঃ সুদারশ্চ নীচাচারাং ভার্য্যাং লভতে চ রিপূন্

সুদারুণান্ ক্রুবান্। রোগাৎসশোণিতাদ পু-
য়াস্তথং ব্যালসিংহেভ্যঃ। মৃত্যুং পূকযৈর্গণবৃন্দ
পূজিতৈ গুহ্যজৈর্ব্বিক বৈর্ব্বা। বিদ্যৌষধ
প্রযোগাদুপবাসাম্মার্গদোষাদ্বা।

অস্যার্থঃ—

মীনলগ্নে জাতব্যক্তির ওষ্ঠ স্থূল, চক্ষু মৎস্যের ন্যায়, নাসিকা বৃহৎ, ধাতু কফবাতিকযুক্ত সে মহাত্মা, গাত্রচর্ম্মে দোষযুক্ত, বহুবুদ্ধিচেষ্টাযুক্ত, পরিমিতাযব্যযসম্পন্ন, শান্ত ভৃত্য, স্ত্রীপ্রভৃতি আত্মীয় লোক দ্বারা পূজিত, ধর্ম্মকর্ম্মে রত, পিতৃবৃদ্ধিযুক্ত সুন্দরী কিন্তু নীচস্বভাবা স্ত্রী লাভ করে, ক্রুর ভয়ঙ্কর * ক্রসম্পন্ন, শোণিতযুক্তরোগ, সর্প ও সিংহ হইতে ভীত হয়, এবং স্বজাতি বা সৈন্যগণ দ্বারা পূজিত লোক, গুহ্যদেশ জাত রোগ, বিদ্যা, ঔষধপ্রযোগ, উপবাস বা পথ দোষে তাহার মৃত্যু হয় *

মেষাদি দ্বাদশরাশির গৃহস্বামী বা অধিপতি কথন

বচনম্

কুজশুক্রবুধেন্দ্বর্কসৌম্যশুক্রাবনীভুবাং জীবা
র্কিভানুজেজ্যানাং ক্ষেত্রাণি স্যুরজাদয়ঃ


অস্যার্থঃ—

মেষরাশির অধিপতি মঙ্গল বৃষের শুক্র মিথুনের বুধ,

---

* দ্বাদশ লগ্নের প্রকৃতিগতফল লিখিত হইল জন্মলগ্ন কোন গ্রহ কর্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে ঐ ফলের বৈলক্ষণ্য ঘটিবে, যেহেতু লগ্ন ও গ্রহ উভয়েরই ফল ঈদৃশ স্থলে কার্য্যকারী হইয়া থাকে।

কর্কটের চন্দ্র সিংহের রবি কন্যার বুধ, তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভের শনি এবং মীনের বৃহস্পতি নিম্নস্থ চক্রে দৃষ্টিপাত করুন——



ক্ষেত্রাধিপতি গণনার নিয়ম।

জাত ব্যক্তির যে লগ্নে জন্ম হইবে সেই লগ্নের অধিপতি ক্ষেত্রাধিপতি হইয়া থাকেন, যথা, যাহার মেষ লগ্নে জন্ম তাহার ক্ষেত্রাধিপতি মঙ্গল, বৃষ লগ্নে হইলে শুক্র ক্ষেত্রাধিপতি এই প্রকারে দ্বাদশ লগ্নের ক্ষেত্রাধিপতি স্থির করিতে হয়

১ম কোষ্ঠীর ক্ষেত্রাধিপতির উদাহরণ।

মিথুন লগ্নে জন্ম হওয়ায় ক্ষেত্রাধিপতি বুধ হইল।

মিথুন——লগ্ন।

ক্ষেত্রাধিপতি—— ——বুধ

এই ক্ষেত্রাধিপতির ফল পশ্চাৎ দ্রষ্টব্য

২য় কোষ্ঠীর ক্ষেত্রাধিপতির উদাহরণ

কন্যালগ্নে জন্ম হওয়ায় ক্ষেত্রাধিপতি বুধ হইল

কন্যা———লগ্ন।

ক্ষেত্রাধিপতি বুধ

৩য় কোষ্ঠীর ক্ষেত্রাধিপতির উদাহরণ।

মকরলগ্নে জন্ম হওয়ায় ক্ষেত্রাধিপতি শনি হইল

মকর ———লগ্ন

ক্ষেত্রাধিপতি———শনি

৪র্থ কোষ্ঠীর ক্ষেত্রাধিপতির উদাহরণ।

মিথুনলগ্নে জন্ম হওয়ায় ক্ষেত্রাধিপতি বুধ হইল

মিথুন ——— লগ্ন

ক্ষেত্রাধিপতি———বুধ

ক্ষেত্রাধিপতিগণের শুভাশুভ ফল বর্ণন।

কন্যালগ্ন ১৭ ৷ ৩১ ৩৫ ২০ সময় হইতে আরম্ভ হইয়াছে, ইহার সহিত কন্যালগ্নের ত্রিংশাংশাঙ্ক যোগ করিতে হইবে

কন্যালগ্নের আরম্ভ সময় ————	১৭	৩১	৩৫	২০
কন্যালগ্নের ত্রিংশাংশাঙ্ক ————	০	৫৪	৫৩	২০
	১৮	২৬	২৮	৪০
পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক ————	১	১৬	৫০	৪০
	১৯	৪৩	১৯	২০
পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক ————	১	২৭	৪৯	২০
	২১	১১	৮	৪০

১৯ ৪৩ ১৯ ২০ অনুপল গতে ২১ ১১ ৮। ৪০ অনুপল মধ্যে জাতদণ্ড হওয়ায় ২১ ১১ ৮ ৪০ অনুপল ত্রিংশাংশাঙ্ক হইল সুতরাং বৃহস্পতি ত্রিংশাংশাধিপতি

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে এই কোষ্ঠীর কন্যা লগ্ন ক্ষেত্র বুধ, হোরা চন্দ্র দ্রেক্কাণ শনি, নবাংশ মঙ্গল দ্বাদশাংশাধিপতি শনি

কন্যা	লগ্ন
ক্ষেত্রাধিপতি	বুধ
হোরাধিপতি . . .	চন্দ্র।
দ্রেক্কাণাধিপতি	শনি
নবাংশাধিপতি . ..	মঙ্গল
দ্বাদশাংশাধিপতি	শনি
ত্রিংশাংশাধিপতি . .	বৃহস্পতি

৩য় কোষ্ঠীর ত্রিংশাংশাধিপতির উদাহরণ

নিশাজাতদণ্ড ৪। ৪০

মকরলগ্ন ৩ ৩১ ৪৬ বিপল গতে আরম্ভ হইয়াছে, ইহার সহিত মকর লগ্নের ত্রিংশাংশের অঙ্ক যোগ করিতে হইবে

মকর লগ্নের আরম্ভ সময়—	৩	৩১	৪৬	০
মকর লগ্নের ত্রিংশাংশাঙ্ক —	০	৪৫	২৯	৪০
	৪	১৭	১৫	৪০
পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক —	১	৩	৪১	৩২
	৫	২০	৫৭	১২

১৭ ১৫। ৪০ অনুপল গতে ৫। ২০। ৫৭। ১২ অনুপল

মধ্যে জাতদণ্ড হওয়ায় ৫ ২০ ৫৭। ১২ অনুপল ত্রিংশাংশ হইল সুতরাং ত্রিংশাংশাধিপতি বুধ

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে এই কোষ্ঠীর মকর লগ্ন, ক্ষেত্র শনি হোরা চন্দ্র, দ্রেক্কাণ শনি, নবাংশ বৃহস্পতি, দ্বাদশাংশাধিপতি বৃহস্পতি

মকর	লগ্ন
ক্ষেত্রাধিপতি	শনি।
হোরাধিপতি	চন্দ্র
দ্রেক্কাণাধিপতি	শনি
নবাংশাধিপতি	বৃহস্পতি
দ্বাদশাংশাধিপতি	বৃহস্পতি
ত্রিংশাংশাধিপতি	বুধ

৪র্থ কোষ্ঠীর ত্রিংশাংশাধিপতির উদাহরণ।

নিশাজাতদণ্ড ২৪ ৩০। ৫০

মিথুন লগ্ন ১৯ ৭ ৩২ ৩০ সময় হইতে আরম্ভ হইয়াছে, ইহার সহিত মিথুন লগ্নের ত্রিংশাংশের অঙ্ক যোগ করিতে হইবে

মিথুনলগ্নের আরম্ভ সময়———	১৯	৭	৩২	৩০
মিথুন লগ্নের ত্রিংশাংশাঙ্ক———	০	৫৪	৫৩	২০
	২০	২	২৫	৫০
পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক—	০	৫৪	৫৩	২০
	২০	৫৭	১৯	১০
পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক—	১	২৭	৪৯	২০
	২২	২৫	৮	৩০

পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক— ১ ১৬ ৫০ ৪০

২৩ ৪১ ৫৯ ১০

পরবর্ত্তী ত্রিংশাংশাঙ্ক— ০ | ৫৪ ৫৩ ২০

২৪ ৩৬ ৫২ ৩০

২৩ ৪১ ৫৯ ১০ অনুপল গতে ২৪ ৩৬ ৫২ ৩০ অনুপল মধ্যে জাতদণ্ড হওয়ায় ২৪ ৩৬ | ৫২ ৩০ অনুপল ত্রিংশাংশ হইল সুতরাং ত্রিংশাংশাধিপতি শুক্র

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে এই কোষ্ঠীর মিথুন লগ্ন ক্ষেত্র বুধ, হোরা চন্দ্র দ্রেকবাণ শনি, নবাংশ বুধ, দ্বাদশাংশাধিপতি শুক্র

মিথুন	লগ্ন।
ক্ষেত্রাধিপতি	বুধ
হোরাধিপতি	চন্দ্র
দ্রেককাণাধিপতি	শনি
নবাংশাধিপতি	বুধ
দ্বাদশাংশাধিপতি	শুক্র।
ত্রিংশাংশাধিপতি	শুক্র

ত্রিংশাংশাধিপতির শুভাশুভ ফলবর্ণন।

মঙ্গলের ত্রিংশাংশফল

বচনম্—

মূর্খঃ কুবৃত্তিকুশলো মলিনো বিরূপঃ, ক্রূরঃ খলোঽর্থরহিতঃ পরদারগামী পাপপ্রবন্ধ হৃদয়ো বিকলোঽল্পবুদ্ধিস্ত্রিংশাংশকে ক্ষিতিসুতস্য ভবেৎ প্রসূতঃ।

অস্যার্থঃ—

মঙ্গল ত্রিংশাংশাধিপতি হইলে জাতব্যক্তি মূর্খ, কুকার্য্য-রত, মলিন, কদাকার, ক্রুর, নির্দ্ধন, পরস্ত্রীগামী, পাপহৃদয়, বিকল এবং অল্পবুদ্ধি হয়

শনির ত্রিংশাংশফল।

বচনম্—

বিদ্যাসুতার্থরহিতাশ্চ পাপাঃ স্ত্রীনির্জ্জিতা-কলহাঃ পরবৃত্তলুব্ধাঃ প্রেষ্ঠা কুকর্ম্মনিরতা মলিনাঃ কৃতঘ্নাঃ স্ত্রিংশাংশকে ২র্কতনয়স্য নরা ভবন্তি।

অস্যার্থঃ—

শনি ত্রিশাংশাধিপতি হইলে জাতব্যক্তি মূর্খ, অপুত্র, অর্থহীন, পাপী, স্ত্রীবশীভূত, কলহপ্রিয়, পরবৃত্তাভিলাষী, পরাধীন, কুকর্ম্মরত, মলিন এবং কৃতঘ্ন হয়

বৃহস্পতির ত্রিংশাংশফল।

বচনম্—

আচারধর্ম্মাঃ শ্রেয় সত্যবিবেকযুক্তা স্তেজ-স্বিনঃ কৃতবিদ্যাঃ সুখিনো ধনাঢ্যাঃ। দীর্ঘায়ু-ষো বহুসুতা গুনিনো ২র্থবন্ত স্ত্রিংশাংশকে সুর-গুরোঃ পুরুষা ভবেয়ুঃ।

অস্যার্থঃ—

বৃহস্পতি ত্রিংশাংশাধিপতি হইলে জাতব্যক্তি আচার-

ধর্ম্মাবলম্বী, মঙ্গলাকাঙ্ক্ষী, সত্যবাদী, বিবেকী, তেজস্বী, পণ্ডিত, সুখী, ধনবান, দীর্ঘজীবী, বহুপুত্র ও গুণবান হয়

বুধের ত্রিংশাংশ ফল

বচনম্—

ধর্ম্মার্থকামসুখকীর্ত্তিযশঃপ্রযুক্তাঃ, প্রাজ্ঞো বিবেককুশলো গুণিনঃ, সদাঢ্যাঃ। দিব্যাঙ্গনা-ভবণপুষ্পসুগন্ধিযুক্তা স্ত্রিংশাংশকে শশিজস্য ভবন্তি মর্ত্যাঃ।

অন্বার্থঃ—

বুধ ত্রিংশাংশাধিপতি হইলে জাতব্যক্তি ধর্ম্মার্থকামযুক্ত, কীর্ত্তিমান যশস্বী, বিদ্বান, বিচক্ষণ, ধনবান এবং সুন্দররমণী, উত্তমাভরণ ও সুগন্ধিযুক্ত থাকে।

শুক্রের ত্রিংশাংশফল

বচনম্

বহুগুণপরিপূর্ণঃ সুন্দরশ্চারুদৃষ্টি র্যুবতিজন-বিমোদী সর্ব্বশাস্ত্রেষ্বভিজ্ঞঃ দ্বিজবরগুরুভক্তো দানশীলঃ কৃপালুর্দ্দনুজগণগুরোঃ স্যান্মানব স্ত্রিংশাংশকে।

অন্বার্থঃ—

শুক্র ত্রিংশাংশাধিপতি হইলে জাতব্যক্তি অতিশয় গুণবান, সুপুরুষ মনোহরনেত্র, যুবতীর আনন্দবর্দ্ধন, প্রাজ্ঞ, ব্রাহ্মণশ্রেষ্ঠ গুরুর প্রতি শ্রদ্ধাবান, দাতা ও দয়ালু হয়

পতাকীচক্রগণনার পূর্ব্বক্রিয়া প্রকরণ।

দিবাতে জন্ম হইলে জন্মদিনের যামার্দ্ধ ও দণ্ডাদি নিরূপণ।

দিনমানকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দিনার্দ্ধ অর্থাৎ দুই প্রহর হইয়া থাকে ঐ দিনার্দ্ধকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক যাম অর্থাৎ এক প্রহর হয় ঐ যামকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক যামার্দ্ধ অর্থাৎ প্রহরের অর্দ্ধেক হয়। ঐ যামার্দ্ধকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক মুহূর্ত্ত হয়। ঐ মুহূর্ত্তকে দুইদিয়া ভাগ করিলে দণ্ড হয়।

১ম ও ২য় কোষ্ঠীর জাত ব্যক্তির দিবাতে জন্ম হওয়াতে ইহাদের যামার্দ্ধ প্রভৃতি এস্থলে লিখিত হইল

১ম কোষ্ঠীর যামার্দ্ধ প্রভৃতি গণনার উদাহরণ

দিবা অর্থাৎ দিনমান ৩২ ২৮

দিন

```
২) ৩২ । ২৮ ( ১৬ দণ্ড
   ৩২
   ----
    ০
২) ------ ( ১৪ পল
    ২৮
    ২৮
   ----
    ০
```

দিনার্দ্ধ

```
২ ( ১৬  ১৪ ( ৮ দণ্ড
    ১৬
   ----
    ০
   ------
২ ) ১৪ ( ৭ পল
    ১৪
   ----
    ০
```

যাম

```
২ ) ৮  ৭ ( ৪ দণ্ড
    ৮
   ———
    ০
   ———
২ ) ৭ ( ৩ পল
    ৬
   ———
    ১
    ৬০
   ———
২ ) ৬০ ( ৩০ বিপল
    ৬০
   ———
    ০
```

মুহূর্ত

```
২ ) ২ । ১  ৪৫ ( ১ দণ্ড
    ২
   ———
    ০
   ———
২ ) ১ ( ০ পল
    ৬০
   ———
    ৬০
    ৪৫
   ———
২ ) ১০৫ ( ৫২ বিপল
    ১০
    [illegible]
    [illegible]
   ———
    [illegible]
    ৬০
   ———
২ ) ৬০ ( ৩০ অনুপল
    ৬০
   ———
    ০
```

যামার্দ্ধ

```
২ ) [illegible]  ৩  ৩০ ( ২ দণ্ড
    [illegible]
   ———
    ০
   ———
২ ) ৩ ( ১ পল
    ২
   ———
    ১
    ৬০
   ———
    ৬০
    ৩০
   ———
২ ) ৯০ ( ৪৫ বিপল
    ৯০
   ———
    ০
```

এইসকল নিম্নলিখিতক্রমে লিখিতে হয়

দিনমান	...		৩২	২৮	
দিনার্দ্ধ	...		১৬	১৪	
যাম	...		৮	৭	
যামার্দ্ধ	...		[illegible]	[illegible]	৩০
মুহূর্ত	...		২	১	৪৫
দণ্ড	...	১	০	৫২	৩০

২ য় কোষ্ঠীর স্বার্দ্ধ প্রভৃতি গণনার উদাহরণ।

দিবা অর্থাৎ দিনমান ৩৩ ২১

২) ৩৩ ২১ (১৬ দণ্ড
৩২
———
১
৬০
———
৬০
২১
———
২ | ৮১ | ৪০ পল
৮০
———
১
৬০
———
২ | ৬০ | ৩০ বিপল
৬০

দিনার্দ্ধ

২) ১৬ ৪০ ৩০ (৮দণ্ড
১৬
———
০
———
২ | ৪০ | ২০ পল
৪০
———
০
———
২ | ৩০ | ১৫ বিপল
৩০
———
০

যাম

২) ৮ ২০ ১৫ (৪ দণ্ড
৮
০

২) ২০ (১০ পল
২০
০

) ১৫ (৭ বিপল
১৪
১
৬০

) ৬০ (৩০ অনুপল
৬০
০

যামার্দ্ধ

২) ৪ ১০ ৭ ৩০ (২ দণ্ড
৪
০

২) ১০ ([illegible] পল
১০
০

২) ৭ (৩ বিপল
৬
১
৬০

৬০
৩০

২) ৯০ (৪৫ অনুপল
৯০
০

মুহূর্ত্ত

২) ২ ৫ ৩ ৪৫ (১দণ্ড
২
——
০
——
২) ৫ (২ পল
৪
——
১
৬০
——
৬০
৩
——
২) ৬৩ (৩১ বিপল
৬২
——
১
৬০
——
৬০
৪৫
——
২) ১০৫ (৫২ অনুপল
১০৪
——
১
৬০
——
২) ৬০ (৩০পশ্চাদনুপল
৬০
——
০

এই সকল নিয়লিখিত ক্রমে লিখিতে হয়

দিনমান .. ৩৩ ২১
দিনার্দ্ধ ... ১৬ ৪০ ৩০
যাম .. ৮ ২০ ১৫
যামার্দ্ধ ... ৪ ১০ ৭ ৩০
মুহূর্ত্ত ... ২ ৫ ৩ ৪৫
দণ্ড .. ১ ২ ৩১।৫২ ৩০

দিবা যামার্দ্ধাধিপতি নিরূপণ।

৪ যামে বা ৮ যামার্দ্ধে দিনমান হয় যামার্দ্ধে সকলের অধিপতি ভিন্ন ভিন্ন। যেমন, রবিবারের প্রথম যামার্দ্ধাধিপতি রবি, দ্বিতীয় যামার্দ্ধাধিপতি শুক্র, এবং ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, এবং ৮ম যামার্দ্ধেরও পৃথক পৃথক অধিপতি হইয়া থাকে

বচনম্

দিবসেষু ষড়াবৃত্ত্যা পঞ্চাবৃত্ত্যাতু রাত্রিষু।
বারেশাদর্দ্ধযামানামধিপাঃ কীর্ত্তিতা বুধৈঃ।

বচনের যে অংশ এস্থলে প্রয়োজনীয় কেবল সেই অংশেরই অর্থ লিখিত হইতেছে; অবশিষ্টাংশ নিশাযামার্দ্ধাধিপতি নিরূপণ স্থলে ব্যাখ্যাত হইবে

যে বারে জন্ম হয় সেই বারই প্রথম যামার্দ্ধাধিপতি। জন্মবার হইতে আরম্ভ করিয়া যে বার ষষ্ঠ হইবে তাহা দ্বিতীয় যামার্দ্ধাধিপতি এবং দ্বিতীয় যামার্দ্ধাধিপতি হইতে আরম্ভ করিয়া যে বার ষষ্ঠ হইবে তাহা তৃতীয় যামার্দ্ধাধিপতি। এইরূপে ৮ম পর্য্যন্ত যামার্দ্ধাধিপতি নির্ণীত হয় যথা—

রবিবারের ১ম যামার্দ্ধাধিপতি রবি; এই রবি হইতে গণনা করিলে শুক্র ষষ্ঠবার হয়, অতএব শুক্র ২য় যামার্দ্ধাধিপতি। এই শুক্র হইতে গণনা করিলে বুধ ষষ্ঠবার হয়, অতএব বুধ ৩য় যামার্দ্ধাধিপতি এই বুধ হইতে গণনা করিলে সোম ষষ্ঠবার হয়, অতএব সোম ৪র্থ যামার্দ্ধাধিপতি। এইরূপে ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম যামার্দ্ধাধিপতি নিরূপণ করিতে হয়

এই প্রকারে সোমবার, বুধবার, বৃহস্পতিবার, শুক্র ও শনিবারের যামার্দ্ধাধিপতি নিরূপিত হইয়া থাকে।

দিবাদণ্ডাধিপতি নিরূপণ

দণ্ডে এক যামার্দ্ধ হয় এই দণ্ডের পৃথক পৃথক অধিপতি আছেন। যথা, রবি যামার্দ্ধাধিপতি হইলে প্রথম দণ্ডের অধিপতি রবি, দ্বিতীয় দণ্ডের অধিপতি রাহু, তৃতীয় দণ্ডের অধিপতি বুধ, চতুর্থ দণ্ডের অধিপতি চন্দ্র এই প্রকার নিয়মে চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র বা শনি যামার্দ্ধাধিপতি হইলে কোন্ দণ্ডে কোন্ গ্রহ অধিপতি হইবে তাহা নিম্নলিখিত বচনের উপর অঙ্কপাত দ্বারা প্রদর্শিত হইল

বচনম্—

১ র ২ রা ৩ বু ৪ চ ১ চ ২ র ৩ রা ৪ বু
রবি, দনুজ, বুধা, জ্ঞাঃ চন্দ্র, সুরা, সুর, জ্ঞাঃ।
১ ম ২ র ৩ রা ৪ বু ১ বু ২ চ ৩ র ৪ রা
কুজ, রবি, দনুজ, জ্ঞাঃ জ্ঞে, ন্দু, সুরা, সুরাশ্চ
১ বৃ ২ চ ৩ র ৪ রা ১ শু ২ ম ৩ র
গুরু শশি, রবি, দৈত্যাঃ শুক্র, ভৌমার্ক,
৪ রা ১ শ ২ ম ৩ র ৪ রা
দৈত্যাঃ শনি, কুজ, রবি, দৈত্যা,
দণ্ডপাস্তুর্দ্ধযামে

(দিবাতে জন্ম হইলে) নিম্নলিখিত প্রত্যেক অনুবন্ধে প্রত্যেকবারের প্রথম যামার্দ্ধাধিপতি, তৎপরে প্রথম দণ্ডাধিপতি, তৎপরে দ্বিতীয় দণ্ডাধিপতি, তৎপরে তৃতীয় দণ্ডাধিপতি, তৎপরে চতুর্থ দণ্ডাধিপতি লিখিত হইল।

রবিবার।

	যামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	রবি ...	রবি ...	রাহু ...	বুধ ...	চন্দ্র ...
দ্বিতীয়	শুক্র ..	শুক্র ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...
তৃতীয়	বুধ ...	বুধ ...	চন্দ্র ..	রবি ...	রাহু ...
চতুর্থ	সোম ...	সোম ...	রবি ...	রাহু ..	বুধ ...
পঞ্চম	শনি .	শনি ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...
[illegible]	বৃহস্পতি ...	বৃহস্পতি ...	চন্দ্র ...	রবি ...	রাহু ...
সপ্তম	মঙ্গল ..	মঙ্গল ...	রবি ...	রাহু ..	বুধ ..
অষ্টম	রবি .	রবি ...	রাহু ...	বুধ ...	চন্দ্র ...

সোমবার।

	যামার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	চন্দ্র	সোম	রবি	রাহু	বুধ
দ্বিতীয়	শনি	শনি	মঙ্গল	রবি	রাহু
তৃতীয়	বৃহস্পতি	বৃহস্পতি	চন্দ্র	রবি	বুধ
চতুর্থ	মঙ্গল	মঙ্গল	রবি	রাহু	বুধ
পঞ্চম	রবি	রবি	রাহু	বুধ	চন্দ্র
ষষ্ঠ	শুক্র	শুক্র	মঙ্গল	রবি	রাহু
সপ্তম	বুধ	বুধ	চন্দ্র	রবি	রাহু
অষ্টম	সোম	সোম	রবি	রাহু	বুধ

মঙ্গলবার।

	বামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	মঙ্গল ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...	বুধ
দ্বিতীয়	রবি ...	রবি ...	রাহু ...	বুধ ...	চন্দ্র ...
তৃতীয়	শুক্র ...	শুক্র ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...
চতুর্থ	বুধ ...	বুধ ...	চন্দ্র ...	রবি ...	রাহু ...
পঞ্চম	চন্দ্র ...	চন্দ্র ...	রবি ...	রাহু ...	বুধ ...
ষষ্ঠ	শনি ...	শনি ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...
সপ্তম	বৃহস্পতি ...	বৃহস্পতি ...	চন্দ্র ...	রবি ...	রাহু ...
অষ্টম	মঙ্গল ...	মঙ্গল ...	রবি ...	রাহু ...	বুধ ...

বুধবার।

যামার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম ... বুধ	... বুধ	... চন্দ্র	... রবি	... রাহু
দ্বিতীয় ... চন্দ্র	... চন্দ্র	... রবি	... রাহু	... বুধ
তৃতীয় ... শনি	... শনি	... মঙ্গল	... রবি	... রাহু
চতুর্থ ... বৃহস্পতি	... বৃহস্পতি	... চন্দ্র	... রবি	... রাহু
পঞ্চম ... মঙ্গল	... মঙ্গল	... রবি	... রাহু	... বুধ
ষষ্ঠ ... রবি	... রবি	... রাহু	... বুধ	... চন্দ্র
সপ্তম ... শুক্র	... শুক্র	... মঙ্গল	... রবি	... রাহু
অষ্টম ... বুধ	... বুধ	... চন্দ্র	... রবি	... রাহু

বৃহস্পতিবার।

	বারার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	বৃহস্পতি	বৃহস্পতি	চন্দ্র	রবি	রাহু
দ্বিতীয়	মঙ্গল	মঙ্গল	রবি	রাহু	বুধ
তৃতীয়	রবি	রবি	রাহু	বুধ	চন্দ্র
চতুর্থ	শুক্র	শুক্র	মঙ্গল	রবি	রাহু
পঞ্চম	বুধ	বুধ	চন্দ্র	রবি	রাহু
ষষ্ঠ	চন্দ্র	চন্দ্র	রবি	রাহু	বুধ
সপ্তম	শনি	শনি	মঙ্গল	রবি	রাহু
অষ্টম	বৃহস্পতি	বৃহস্পতি	চন্দ্র	রবি	রাহু

শুক্রবার।

বারার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম ... শুক্র	... শুক্র	... মঙ্গল	... রবি	... রাহু
দ্বিতীয় ... বুধ	... বুধ	... চন্দ্র	... রবি	... রাহু
তৃতীয় ... চন্দ্র	... চন্দ্র	... রবি	... রাহু	... বুধ
চতুর্থ ... শনি	... শনি	... মঙ্গল	... রবি	... রাহু
পঞ্চম ... বৃহস্পতি	... বৃহস্পতি	... চন্দ্র	... রবি	... রাহু
ষষ্ঠ — মঙ্গল	... মঙ্গল	... রবি	... রাহু	— বুধ
সপ্তম ... রবি	... রবি	... রাহু	... বুধ	... চন্দ্র
অষ্টম ... শুক্র	... শুক্র	— মঙ্গল	... রবি	রাহু

জ্যোতিষ-সোপান

শনিবার।

	যামার্দ্ধাধিপতি—প্রথমদণ্ডাধিপতি		দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	শনি	শনি	মঙ্গল	রবি	রাহু
দ্বিতীয়	বৃহস্পতি	বৃহস্পতি	চন্দ্র	রবি	রাহু
তৃতীয়	মঙ্গল	মঙ্গল	রবি	রাহু	বুধ
চতুর্থ	রবি	রবি	রাহু	বুধ	চন্দ্র
পঞ্চম	শুক্র	শুক্র	মঙ্গল	রবি	রাহু
ষষ্ঠ	বুধ	বুধ	চন্দ্র	রবি	রাহু
সপ্তম	চন্দ্র	চন্দ্র	রবি	রাহু	বুধ
অষ্টম	শনি	শনি	মঙ্গল	রবি	রাহু

দিবাযামার্দ্ধাধিপতি গণনার নিয়ম

প্রথমতঃ পঞ্জিকা দেখিয়া দিনমানের পরিমাণ স্থির করিতে হইবে তদনন্তর পূর্ব্বোক্ত নিয়মানুসারে এই দিনমান হইতে যামার্দ্ধের পরিমাণ স্থির করিতে হইবে এই যামার্দ্ধ জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে যে জাত ব্যক্তির প্রথম যামার্দ্ধে জন্ম হইয়াছে ঐই যামার্দ্ধের দ্বিগুণ অঙ্ক জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে যে জাতব্যক্তির দ্বিতীয় যামার্দ্ধে জন্ম হইয়াছে যামার্দ্ধের তিনগুণ অঙ্ক জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে যে জাতব্যক্তির তৃতীয় যামার্দ্ধে জন্ম হইয়াছে এই রূপে স্থির করিতে হইবে যে যামার্দ্ধের চতুর্গুণ অঙ্ক জাতদণ্ডের সমান বা অধিক হইলে চতুর্থ যামার্দ্ধে, পঞ্চগুণ অঙ্ক হইলে পঞ্চম যামার্দ্ধে, ছয়গুণ অঙ্ক হইলে ষষ্ঠ যামার্দ্ধে, সাতগুণ অঙ্ক হইলে সপ্তম যামার্দ্ধে কিম্বা আটগুণ অঙ্ক হইলে অষ্টম যামার্দ্ধে, জাতব্যক্তির জন্ম হইয়াছে

দিবা দণ্ডাধিপতি গণনার নিয়ম।

জন্ম দিবসের পঞ্জিকা লিখিত দিনমানের পরিমাণ হইতে যামার্দ্ধ নিরূপণ করিতে হইবে তদনন্তর যে যামার্দ্ধে জন্ম হইয়াছে স্থিরীকৃত হইবে সেই যামার্দ্ধ যে সময় হইতে আরম্ভ হইয়াছে তাহার সহিত দণ্ডমানের দণ্ডপলাদি যোগ করিতে হইবে জাতদণ্ড যদি এই যোগফলের মধ্যগত হয় তাহা হইলে জাতব্যক্তি প্রথম দণ্ডে জন্মিয়াছে জানিতে

হইবে। কিন্তু জাতদণ্ড ইহার অধিক হইলে তাহাতে আর এক দণ্ডের পরিমাণ যোগকরিতে হইবে যদি জাত-দণ্ড এই যোগফলের মধ্যগত হয় তাহা হইলে জাতব্যক্তি দ্বিতীয় দণ্ডে জন্মিয়াছে জানিতে হইবে এ যোগফলও জাতদণ্ডের সমান বা অধিক না হইলে ইহাতে আর এক দণ্ডের পরিমাণ যোগ করিতে হইবে এই যোগফল জাতদ-ণ্ডের সমান বা অধিক হইলে জাতব্যক্তি তৃতীয় দণ্ডে জন্মিয়া-ছে জানিতে হইবে ইহাতেও যদি জাতদণ্ডের সমান বা অধিক অঙ্ক না পাওয়া যায় তাহা হইলে জাতব্যক্তি চতুর্থ দণ্ডে জন্মিয়াছে জানিতে হইবে এইরূপে জাতদ স্থিরীকৃত হইলে পূর্বলিখিত অনুবন্ধ দেখিয়া দণ্ডাধিপতি জানা যাইবে।

১ম কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি গণনার উদাহরণ।

দিবাজাত দণ্ড ৬ ৩৯। ৩০
রবিবার জন্মদিন
দিনযামার্দ্ধ —— ৪ ৩ ৩০

জাতদণ্ড যামার্দ্ধ অর্থাৎ প্রহরের অর্দ্ধেক ৪ ৩। ৩০ বি-পলের মধ্যগত না হওয়ায় আর এক যামার্দ্ধ উহাতে যোগ করাতে যোগফল ৮ ৭ পল হইল

৪	৩	৩০
৪	৩	৩০
৮	৭	০

জাতদণ্ড, এই যোগফলের অন্তর্গত হওয়ায় জাতব্যক্তি দ্বিতীয় যামার্দ্ধে জন্মিয়াছে। অতএব দ্বিতীয় যামার্দ্ধাধিপতি শুক্র।

২য় কোষ্ঠীর দণ্ডাধিপতি গণনার উদাহরণ।

দিন দণ্ড ১ ০।৫২ ৩০

এই কোষ্ঠীর জাত ব্যক্তির দ্বিতীয় যামার্দ্ধে জন্ম হইয়াছে। কিন্তু দ্বিতীয় যামার্দ্ধ ৪দণ্ড ৩ পল ৩০ বিপল গতে আরম্ভ হইয়াছে; এজন্য ঐ যামর্দ্ধর সহিত উক্ত দিনের দণ্ড-মান যোগ করা হইল।

দ্বিতীয় যামার্দ্ধের আরম্ভ সময়— ৪ ৩ ৩০
প্রথম দণ্ড— ১। ০ ৫২। ৩০

৫। ৪ ২২ ৩০

জাতদণ্ড, ৫। ৪ ২৬ ৩০

অনুপলের মধ্যগত না হওয়ায়
দণ্ডাঙ্ক আবার যোগ— ১ ০ ৫২ ৩০

৬ ৫ ১৫ ০

জাত দণ্ড, ৬ ৫ ১৫

বিপলের মধ্যগত না হওয়ায়
দণ্ডাঙ্ক আবার যোগ — ১ ০ ৫২ ৩০

৭ ৬। ৭ ৩০

জাতদণ্ড, যোগফল ৭ দণ্ড ৬ পল ৭ বিপল ৩০ অনুপলের মধ্যগত হওয়ায় জাতব্যক্তি তৃতীয় দণ্ডে জন্মিয়াছে

অতএব তৃতীয় দণ্ডাধিপতি রবি।

অতএব ১ম কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি শুক্র এবং দণ্ডাধি-পতি রবি স্থিরীকৃত হইল এই বিষয় হৃদয়ঙ্গম করিবার জন্য পূর্ব্বলিখিত রবিবারের দিবাযামার্দ্ধাধিপতি ও দণ্ডাধি-পতিগণের অনুবন্ধ দ্রষ্টব্য।

২য় কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি গণনার উদাহরণ

দিবাজাত দণ্ড ১৯ ১৪ ০

শনিবার জন্ম দিন

দিনযামার্দ্ধ ৪ ১০ । ৭ ৩০

প্রথম যামার্দ্ধ	....	৪ ১০ ৭ ৩০
দ্বিতীয়	....	৪ ১০ । ৭ ৩০
তৃতীয়	......	৮ ২০ ১৫ ০
		৪ ১০ ৭ ৩০
		১২ ৩০ ২২ ৩০
চতুর্থ	....	৪ ১০ ৭ ৩০
		১৬ ৪০ । ৩০ ০
পঞ্চম	....	৪ ১০ ৭ ৩০
		২০ ৫০ ৩৭ ৩০

১৬ দণ্ড ৪০ পল ৩০ বিপল গতে ২০ দণ্ড ৫০ পল ৩৭ বিপল ৩০ অনুপল মধ্যে জাতদণ্ড হওয়ায় জাত ব্যক্তি পঞ্চম যামার্দ্ধে জন্মিয়াছে অতএব পঞ্চমযামর্দ্ধাধিপতি গুরু

২য় কোষ্ঠীর দণ্ডাধিপতি গণনার উদাহরণ

দিনদণ্ড ১।২ ৩১ ৫২ ৩০

এই কোষ্ঠীর জাত ব্যক্তির পঞ্চম যামার্দ্ধে জন্ম হইয়াছে কিন্তু পঞ্চম যমার্দ্ধ ১৬ ৪০ ৩০ বিপল গতে আরম্ভ হইয়াছে, এজন্য উহার সহিত ঐ দিবসের দণ্ডমান ১ ২ ৩১ ৫২ ৩০ যোগ করা হইল ।

পঞ্চম যামার্দ্ধের আরম্ভ সময়— ১৬ ৪০ ৩০ ০
প্রথম দণ্ড— ১। ২। ৩১ ৫২ ৩০

১৭। ৪৩ ১ ৫২ ৩০

জাতদণ্ড — ১৭ ৪৩ ১ ৫২। ৩০
পঞ্চাদনুপলের মধ্যগত না হওয়ায়
দণ্ডাঙ্ক আবার যোগ— ১ ২। ৩১ ৫২ ৩০

১৮ ৪৫ ৩৩ ৪৫ ০

পূর্ব্বোক্ত কারণে দণ্ডাঙ্ক
আবার যোগ— ১ ২ ৩১ ৫২ ৩০

১৯। ৪৮ ৫। ৩৭ ৩০

জাত দণ্ড, যোগফল ১৯ ৪৮ ৫ ৩৭ ৩০ পশ্চানুপলের মধ্যগত হওয়ায় জাতব্যক্তি তৃতীয় দণ্ডে জন্মিয়াছে অতএব তৃতীয় দণ্ডাধিপতি রবি।

অতএব ২য় কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি শুক্র এবং দণ্ডাধিপতি রবি স্থিরীকৃত হইল

এ বিষয় বুঝিবার জন্য শনিবারের দিবাযামার্দ্ধাধিপতি ও দণ্ডাধিপতিগণের অনুবন্ধ দ্রষ্টব্য

রাত্রিতে জন্ম হইলে জন্মদিনের নিশাযামার্দ্ধ ও দণ্ডাদি নিরূপ·

রাত্রিমানকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক নিশার্দ্ধ অর্থাৎ দুই প্রহর হইয়া থাকে এই নিশার্দ্ধকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক নিশাযাম অর্থাৎ এক প্রহর হইয়া থাকে। এই যামকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক নিশা যামার্দ্ধ অর্থাৎ প্রহরের অর্দ্ধেক হয় এই প্রহরার্দ্ধকে

দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক নিশা মুহূর্ত্ত হয়। এই নিশা মুহূর্ত্তকে দুই দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক নিশাদণ্ড হয় ৩য় ও ৪র্থ কোষ্ঠীর জাত ব্যক্তির রাত্রিতে জন্ম হওয়ায় ইহাদের যামার্দ্ধ প্রভৃতি নিম্নে লিখিত হইল

৩য় কোষ্ঠী

নিশামান ২৬ ২০

```
২ ) ২৬  ২০ ( ১৩ দণ্ড
    ২৬
    ----
     ০
    ----
২ ) ২০ ( ১০ পল
    ২০
    ----
     ০
```

নিশার্দ্ধ

```
২ ) ১৩  ১০ ( ৬দণ্ড
    ১২
    ------
     ১
     ৬০
    ----
     ৬০
     ১০
    ----
২ ) ৭০ ( ৩৫ পল
    ৬
    ----
    ১০
    ১০
    ----
     ০
```

নিশাকল

```
২ ) ৬  ৩৫ (
    ৬
    ----
    ০
    ----
২ ) ৩৫ ( ১৭পল
    ৩৪
    ----
     ১
     ৬০
    ----
২ ) ৬০ ( ৩০বিপল
    ৬০
    ----
     ০
```

নিশাযামার্দ্ধ

```
২ ) ৩  ১৭  ৩০ ( ১দণ্ড
    ২
    ----
    ১
    ৬০
    ----
    ৬০
    ১৭
```

২) ৭
৯০ (৩ দণ্ড
৬৭
১২৬

১
৬৯

৬০
১০

) ৮০
৯০ (৪৫ বিপল

নিশামুহুর্ত

৯) ১ ৫৮ ৪৫
৬০ (১ দণ্ড

৬০
৫৮

৯) ৯৮
৮ (৪৯ পল

১৮
১৮

০

২) ৪৫
৪৪ (২২ বিপল

১
৬০

২) ৬০
৬০ (৩০ অনুপল

এই সকল নির্ণীত হইলে লিখিতে হইবে—

নিশামান ২৯ ২০

নিশার্দ্ধ ১৩ ১০

নিশাযাম ৬ ৩৫

নিশাযামার্দ্ধ ৩।১৭ ৩০

নিশামুহুর্ত ১ ৫৮ ৪৫

নিশাদণ্ড ০।৪৯ ২২ ৩০

৪র্থ কোষ্ঠীর যামার্দ্ধ প্রভৃতি গণনার উদাহরণ।

নিশামান ২৭ ১০

২) ২৭ ১০ (১৩ দণ্ড
২৬
১
৬০
৬০
১০
২) ৭০ (৩৫ পল
৭০
০

নিশার্দ্ধ

২) ১৩ ৩৫ (৬ দণ্ড
১২
১
৬০
৬০
৩৫
২) ৯৫ (৪৭ পল
৯৪
১
৬০
২) ৬০ (৩০ বিপল
৬০

নিশাযাম

```
২ ) ৬ ৪৭ ৩০ ( ৩ দণ্ড
    ৬
  ------
    ০
  ------
২ ) ৪৭ ( ২৩ পল
    ৪৬
  ------
    ১
    ৬০
  ------
    ৬০
    ৩০
  ------
২ ) ৯০ ( ৪৫ বিপল
    ৯০
  ------
    ০
```

নিশাযামার্দ্ধ

```
২ ) ৩ ২৩ ৪৫ ( ১ দণ্ড
    ২
  ------
    ১
    ৬০
  ------
    ৬০
    ২৩
  ------
২ ) ৮৩ ( ৪১ পল
    ৮২
  ------
    ১
    ৬০
  ------
    ৬০
    ৪৫
  ------
২ ) ১০৫ ( ৫২ বিপল
    ১০
  ------
    ৫
    ৪
  ------
    ১
    ৬০
  ------
২ ) ৬০ ( ৩০ অনুপল
    ৬০
  ------
    ০
```

এই সকল নিম্নলিখিত ক্রমে লিখিতে হয় —

০ (০দণ্ড

নিশামান ২৭। ১০
নিশার্দ্ধ ১৩। ৩৫
নিশাযাম ৬। ৪৭। ৩০
নিশাযামার্দ্ধ ৩ ২৩ ৪৫
নিশামুহূর্ত্ত ১ ৪১। ৫২। ৩০
নিশাদণ্ড ০ ৫০। ৫৬। ১৫

পল

বিপল

অনুপল

নিশাযামার্দ্ধাধিপতি নিরূপণ।

৪ প্রহরে রা ৮ যামার্দ্ধে নিশামান হয় এই যামার্দ্ধ সকলের অধিপতি ভিন্ন ভিন্ন। যেমন রবিবারের প্রথম যামার্দ্ধাধিপতি রবি, দ্বিতীয় যামার্দ্ধাধিপতি বৃহস্পতি এই রূপ ৩য় ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম যামার্দ্ধেরও পৃথক্‌-পৃথক অধিপতি হইযা থাকে

বচনম্—

পঞ্চাব্দ্‌ত্যাতুর ত্রিযু বারেশ দর্দ্ধযামা ন ম ধিপাঃ কীর্ত্তিতা বুধৈঃ।

তস্যার্থঃ

যে বারের রাত্রিতে জন্ম হইবে সেই বারই রাত্রের প্রথম যামার্দ্ধাধিপতি জন্মবার হইতে আরম্ভ করিযা যে বার পঞ্চম হইবে তাহা দ্বিতীয় যামার্দ্ধাধিপতি। এবং দ্বিতীয় যামার্দ্ধাধিপতি হইতে আরম্ভ করিযা যে বার পঞ্চম হইবে তাহা তৃতীয় যামার্দ্ধাধিপতি এই রূপে ৮ম পর্য্যন্ত যামার্দ্ধাধিপতি নির্ণীত হয যথা, রবি-বারের রাত্রির প্রথম যামার্দ্ধাধিপতি রবি, এই রবি হইতে গণনা করিলে বৃহস্পতি পঞ্চমবার হয় অত-এব বৃহস্পতি দ্বিতীয় যামার্দ্ধাধিপতি এই বৃহস্পিত হইতে গণনা করিলে সোম পঞ্চমবার হয অতএব সোম তৃতীয় যামার্দ্ধাধিপতি এইরূপে ৪র্থ, ৫ম ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম যামার্দ্ধাধিপতি নিরূপণ করিতে হয ইই

প্রকার নিয়মে সোম, মঙ্গল, বুধ বৃহস্পতি, শুক্র এবং শনিবারের যামার্দ্ধাধিপতি হইয়া থাকে

রাত্রিদণ্ডাধিপতি নিরূপণ

দণ্ডে এক যামার্দ্ধ হয় এই ৪ দণ্ডের পৃথক পৃথক অধিপতি আছেন যথা রবি যামার্দ্ধাধিপতি হইলে প্রথম দণ্ডের অধিপতি রবি, দ্বিতীয় দণ্ডের অধিপতি শুক্র, তৃতীয় দণ্ডের অধিপতি বুধ, চতুর্থ দণ্ডের অধিপতি সোম এই প্রকার নিয়মে চন্দ্র মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র অথবা শনি যামার্দ্ধাধিপতি হইলে কোন দণ্ডে কোন গ্রহ অধিপতি হইবে তাহা নিম্নলিখিত বচনের উপর অঙ্কপাত দ্বারা প্রদর্শিত হইল

বচনম্

১র ২শু ৩বু ৪চ ১চ ২শ ৩বৃ ৪ম
আদিত্যে ভৃগু সোমপুত্র শশিন শক্রে শনীর্জ্যারকাঃ

১ম ২র ৩শু ৪বু ১বু ২চ ৩শ
ভৌমে সূর্য্য সিতেন্দুজাঃ শশিসুতে নাত্রীশ সৌরীজ্য

৪বৃ ১বৃ ২ম ৩র ৪শু ১শু ২বু
কঃ বাগীশে বুজ বাসরেশ ভৃগুজাঃ শুক্রে স্ব

৩চ ৪শ ১শ ২বৃ ৩ম ৪র
চন্দ্রার্কিজাঃ। মন্দে জীব মহীজ বাসরকরা ভুক্তি

দণ্ডানিমান

নিম্নলিখিত অনুবন্ধে (রাত্রিতে জন্ম হইলে) সপ্তবারের প্রথমতঃ যামার্দ্ধাধিপতি, তৎপরে প্রথম দণ্ডাধিপতি, তৎপরে দ্বিতীয় দণ্ডাধিপতি, তৎপরে তৃতীয় দণ্ডাধিপতি এবং তৎপরে চতুর্থ দণ্ডাধিপতি লিখিত হইল

রবিবার

	যামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	রবি	রবি	শুক্র	বুধ	সোম
দ্বিতীয়	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র
তৃতীয়	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল
চতুর্থ	শুক্র	শুক্র	বুধ	সোম	শনি
পঞ্চম	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ
ষষ্ঠ	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি
সপ্তম	বুধ	বুধ	সোম	শনি	বৃহস্পতি
অষ্টম	রবি	রবি	শুক্র	বুধ	চন্দ্র

সোমবার।

	বারার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিত
প্রথম	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল
দ্বিতীয়	শুক্র	শুক্র	বুধ	চন্দ্র	শনি
তৃতীয়	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ
চতুর্থ	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি
পঞ্চম	বুধ	বুধ	সোম	শনি	বৃহস্পতি
ষষ্ঠ	রবি	রবি	শুক্র	বুধ	চন্দ্র
সপ্তম	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র
অষ্টম	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল

মঙ্গলবার।

১	যামার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ
দ্বিতীয়	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি
তৃতীয়	বুধ	বুধ	সোম	শনি	বৃহস্পতি
চতুর্থ	রবি	রবি	শুক্র	বুধ	চন্দ্র
পঞ্চম	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র
ষষ্ঠ	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল
সপ্তম	শুক্র	শুক্র	বুধ	চন্দ্র	শনি
অষ্টম	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ

বুধবার।

	যামার্দ্ধাধিপতি—	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	... বুধ	... বুধ	... চন্দ্র	.. শনি	... বৃহস্পতি
দ্বিতীয়	... রবি	. রবি	... শুক্র	... বুধ	... চন্দ্র
তৃতীয়	... বৃহস্পতি	... বৃহস্পতি	... মঙ্গল	. রবি	... শুক্র
চতুর্থ	... সোম	... সোম	... শনি	— বৃহস্পতি	... মঙ্গল
পঞ্চম	... শুক্র	... শুক্র	.. বুধ	... চন্দ্র	... শনি
ষষ্ঠ	... মঙ্গল	... মঙ্গল	... রবি	... শুক্র	... বুধ
সপ্তম	... শনি	... শনি	... বৃহস্পতি	... মঙ্গল	... রবি
অষ্টম	.. বুধ	... বুধ	... চন্দ্র	. শনি	... বৃহস্পতি

বৃহস্পতিবার।

	যামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র
দ্বিতীয়	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল
তৃতীয়	শুক্র	শুক্র	বুধ	চন্দ্র	শনি
চতুর্থ	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ
পঞ্চম	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি
ষষ্ঠ	বুধ	বুধ	চন্দ্র	শনি	বৃহস্পতি
সপ্তম	রবি	রবি	শুক্র	বুধ	চন্দ্র
অষ্টম	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র

শুক্রবার।

	যামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	... শুক্র	... শুক্র	... বুধ	.. চন্দ্র	... শনি
দ্বিতীয়	... মঙ্গল	.. মঙ্গল	... রবি	... শুক্র	.. বুধ
তৃতীয়	... শনি	... শনি	... বৃহস্পতি	... মঙ্গল	.. রবি
চতুর্থ	বুধ	. বুধ	. চন্দ্র	. শনি	... বৃহস্পতি
পঞ্চম	.. রবি	... রবি	.. শুক্র	... বুধ	... চন্দ্র
ষষ্ঠ	— বৃহস্পতি	. বৃহস্পতি	... মঙ্গল	... রবি	... শুক্র
সপ্তম	.. সোম	. সোম	... শনি	... বৃহস্পতি	... মঙ্গল
অষ্টম	.. শুক্র	... শুক্র	... বুধ	... চন্দ্র	... শনি

শনিবার।

	যামার্দ্ধাধিপতি	প্রথমদণ্ডাধিপতি	দ্বিতীয়দণ্ডাধিপতি	তৃতীয়দণ্ডাধিপতি	চতুর্থদণ্ডাধিপতি
প্রথম	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি
দ্বিতীয়	বুধ	বুধ	চন্দ্র	শনি	বৃহস্পতি
তৃতীয়	রবি	রবি	শুক্র	বুধ	চন্দ্র
চতুর্থ	বৃহস্পতি	বৃহস্পতি	মঙ্গল	রবি	শুক্র
পঞ্চম	সোম	সোম	শনি	বৃহস্পতি	মঙ্গল
ষষ্ঠ	শুক্র	শুক্র	বুধ	চন্দ্র	শনি
সপ্তম	মঙ্গল	মঙ্গল	রবি	শুক্র	বুধ
অষ্টম	শনি	শনি	বৃহস্পতি	মঙ্গল	রবি

নিশাযামার্দ্ধাধিপতিগণনার নিয়ম

প্রথমতঃ পঞ্জিকাতে দিনমানের পরিমাণ দেখিয়া তাহা হইতে নিশামান স্থির করিতে হইবে তদনন্তর এই নিশামান হইতে পূর্ব্বোক্ত নিয়মানুসারে নিশা যামার্দ্ধের পরিমাণ স্থির করিতে হইবে এক যামার্দ্ধ জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে জাতব্যক্তির প্রথম যামার্দ্ধে জন্ম হইয়াছে। এই যমার্দ্ধের দ্বিগুণ অঙ্ক জাত দণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে যে জাতব্যক্তির দ্বিতীয় যামার্দ্ধে জন্ম হইয়াছে যামার্দ্ধের তিনগুণ অঙ্ক জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে যে জাত ব্যক্তি তৃতীয় যামার্দ্ধে জন্মিয়াছে এইরূপে স্থির করিতে হইবে যে যামার্দ্ধের চতুর্গুণ অঙ্ক জাতদণ্ডের সমান বা অধিক হইলে চতুর্থ যামার্দ্ধে পঞ্চগুণ অঙ্ক হইলে পঞ্চম যামার্দ্ধে, ছয়গুণ অঙ্ক হইলে ষষ্ঠ যামার্দ্ধে, সপ্তগুণ অঙ্ক হইলে সপ্তম যামার্দ্ধে, কিম্বা আটগুণ অঙ্ক হইলে অষ্টম যামার্দ্ধে, জাত ব্যক্তির জন্ম হইয়াছে

নিশা দণ্ডাধিপতি গণনার নিয়ম

প্রথমতঃ জন্মদিনের নিশামান হইতে যামার্দ্ধ নিরূপণ করিতে হইবে তদনন্তর যে যামার্দ্ধে জন্ম হইয়াছে স্থিরীকৃত হইবে সেই যামার্দ্ধ যে সময় হইতে আরম্ভ হইয়াছে তাহার সহিত নিশাদণ্ডমানের দণ্ড পলাদি যোগ করিতে হইবে জাতদণ্ড যদি এই যোগফলের মধ্যগত হয় তাহা হইলে জানিতে হইবে জাতব্যক্তির

প্রথম দণ্ডে জন্ম হইয়াছে কিন্তু জাতদণ্ড ইহার অধিক হইলে তাহাতে আর এক দণ্ডের পরিমাণ যোগ করিতে হইবে। যদি জাতদণ্ড এই যোগ ফলের মধ্যগত হয় তাহা হইলে জানিতে হইবে জাত ব্যক্তির দ্বিতীয় দণ্ডে জন্ম হইয়াছে এ যোগফলও জাতদণ্ডের সমান বা অধিক না হইলে ইহাতে আর এক দণ্ডের পরিমাণ যোগ করিতে হইবে। এই যোগফল জাতদণ্ডের সমান বা অধিক হইলে জানিতে হইবে জাত ব্যক্তির তৃতীয় দণ্ডে জন্ম হইয়াছে ইহাতেও যদি জাতদণ্ডের সমান বা অধিক অঙ্ক না পাওয়া যায় তাহা হইলে জানিতে হইবে জাতব্যক্তি চতুর্থ দণ্ডে জন্মিয়াছে এইরূপে জাতদণ্ড স্থিরীকৃত হইলে পূর্ব্বলিখিত অনুক্রম দেখিয়া দণ্ডাধিপতি জানা যাইবে

৩য় কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি গণনার উদাহরণ

নিশ জাতদণ্ড ৪ ৪০

মঙ্গলবার জন্মদিন

নিশাযামার্দ্ধ ৩ ১৭ ৩০

জাতদণ্ড, যামার্দ্ধ অর্থাৎ প্রহরের অর্দ্ধেক ৩ ১৭ ৩০ বিপলের মধ্যগত না হওয়ায় আর এক যামার্দ্ধাঙ্ক উহাতে যোগ করাতে যোগফল ৬ ৩৫ পল হইল

৩	১৭	৩০
৩	১৭	৩০
৬	৩৫	০

জাতদণ্ড এই যোগ ফলের মধ্যগত হওয়ায় জাত

ব্যক্তি দ্বিতীয় যামার্দ্ধে জন্মিয়াছে অতএব দ্বিতীয় যামার্দ্ধাধিপতি শনি

৩য় কোষ্ঠীর দণ্ডাধিপতি গণনার উদাহরণ।

নিশাদণ্ড ০ ৪৯ ২২ ৩০

এই কোষ্ঠীর জাতব্যক্তির দ্বিতীয় যামার্দ্ধে জন্ম হইয়াছে কিন্তু দ্বিতীয় যামার্দ্ধ ৩ ১৭ ৩০ বিপল হতে আরম্ভ হইয়াছে, এজন্য উহার সহিত নিশাদণ্ডমান যোগ করা হইল

দ্বিতীয় যামার্দ্ধের আরম্ভ সময়	৩	১৭	৩০	
প্রথম দণ্ড	০	৪৯	২২	৩০
	৩	৬	৫২	৩০

জাতদণ্ড, ৪ ৬ ৫২ ৩০ অনুপলের মধ্যগত নাহওয়াতে দণ্ডাঙ্ক

আবার যোগ—	০	৪৯	২২	৩০
	৪	৫৬	১৫	০

অ তএব যোগফল ৪ ৫৬ ১৫ বিপলের মধ্যগত হওয়ায় জাত ব্যক্তি দ্বিতীয় দণ্ডে জন্মিয়াছে অতএব দ্বিতীয় দণ্ডাধিপতি বৃহস্পতি

অতএব ৩য় কোষ্ঠীর নিশা যামার্দ্ধাধিপতি শনি এবং নিশা দণ্ডাধিপতি বৃহস্পতি স্থিরীকৃত হইল। এই বিষয় বুঝিবার জন্য পূর্ব্বলিখিত মঙ্গল বারের নিশা যামার্দ্ধাধিপতি ও নিশা দণ্ডাধিপতিগণের অনুবন্ধ দ্রষ্টব্য

৪র্থ কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি গণনার উদাহরণ।

নিশাজাতদণ্ড ২৪ ৩০ ৫০

শুক্রবার জন্মদিন

নিশাযামার্দ্ধ ৩ ২৩। ৪৫

প্রথমযামার্দ্ধ	………	৩	২৩	৪৫
দ্বিতীয় "	………	৩	২৩	৪৫
		[illegible]	৪৭	৩০
তৃতীয় "	………	৩	২৩	৪৫
		১০	১১	১৫
চতুর্থ "	………	৩	২৩	৪৫
		১৩	৩৫	০
পঞ্চম "	………	৩	২৩	৪৫
		১৬	৫৮	৪৫
ষষ্ঠ "	………	৩	২৩	৪৫
		২০	২২	৩০
সপ্তম		৩	২৩	৪৫
		২৩	৪৬	১৫
অষ্টম "	………	৩	২৩	৪৫
		২৭	১০	০

জাতদণ্ড, যোগফল ২৭ ১০ পলের মধ্যগত হওয়ায় জাত-ব্যক্তি অষ্টম যামার্দ্ধে জন্মিয়াছে অতএব অষ্টম যামার্দ্ধাধিপতি শুক্র।

৪র্থ কোষ্ঠীর দণ্ডাধিপতি গণনার উদাহরণ।

নিশাদণ্ড ০ ৫০ ৫৬ ১৫

এই কোষ্ঠীর জাত ব্যক্তির অষ্টম যামার্দ্ধে জন্ম হইয়াছে কিন্তু অষ্টম যামার্দ্ধ ২৩ ৪৬ ১৫ বিপল গতে আরম্ভ হইয়াছে এজন্য উহার সহিত নিশাদণ্ডমান যোগ করা হইল

অষ্টম যামার্দ্ধের আরম্ভ সময়————	২৩ ৪৬।১৫
প্রথম দণ্ড————	০ ৫০ ৫৬ ১৫
	২৪ ৩৭ ১১ ১৫

জাতদণ্ড, যোগফল ২৪ ৩৭ ১১।১৫ অনুপলের মধ্যগত হওয়ায় জাতব্যক্তি প্রথম দণ্ডে জন্মিয়াছে অতএব প্রথম দণ্ডাধিপতি শুক্র পূর্ব্বোক্ত ৪র্থ কোষ্ঠীর নিশাযামার্দ্ধাধিপতি শুক্র এবং নিশাদণ্ডাধিপতি শুক্র স্থিরীকৃত হইল। এই বিষয় বুঝিবার জন্য পূর্ব্বলিখিত শুক্রবারের নিশাযামার্দ্ধাধিপতি ও নিশাদণ্ডাধিপতিগণের অনুবন্ধ দ্রষ্টব্য।

পতাকীচক্র।


বচনম্—

তীর্য্যগূর্দ্ধ গতা রেখা স্ত্রিস্ত্রোদেয়াঃ পতাকয়া। যুতাঃ কার্য্যা বেধবিদা সর্ব্বসঙ্গত রেখয়া দক্ষস্থোদ্গত রেখাস্তো বামং মেষাদ্যরাশয়ঃ॥

অস্যার্থঃ—

পতাকীচক্র এইরূপে আঁকিতে হয়; যথা—প্রথমতঃ ক খ, গ ঘ, ঙ চ তিনটী সমান্তর সরল রেখা টান। উৎ-

পরে আর তিনটী সমান্তর সরল রেখা, যথা ছ জ, ঝ ট ও ঠ ড একরূপভাবে টান যে ইহারা যেন প্রথমাঙ্কিত রেখা ত্রয়ের সহিত সমকোণ করিয়া উঁহাদিগকে ছেদ করে পরে ঙ চ রেখায় অ বিন্দু ও ছ জ রেখায় আ বিন্দু কল্পনা করিয়া উহাদিগকে সংযুক্ত কর এইরূপে যথাক্রমে ই ঈ, উ ঊ ঋ ৯, এ ঐ, ও ঔ, এবং ঊ ঋ, ই এ, অ ও, আ ঔ, ঈ ঐ, উ ৯, সংযুক্ত কর পরে অঙ্কিত চক্রে যথা-



ক্রমে দ্বাদশ রাশি সংস্থাপন কর পরিশেষে যে রাশি জন্ম-লগ্ন স্থিরীকৃত হইয়াছে সেই রাশি চিহ্নিত করিয়া যে রাশিতে

দণ্ডাধিপতি গ্রহ অবস্থান করিতেছেন তাহাতে তাহাকে স্থাপন কর। এইরূপ করিলে পর নিম্নলিখিত নিয়মানুসারে পতাকীবেধ হইয়াছে কিনা জানিতে পারা যাইবে। পতাকী চক্র দ্বারা জাতব্যক্তির রিষ্টারিষ্ট জানিতে পারা যায় বলিয়া ইহা অতি প্রয়োজনীয় জানিতে হইবে।

এই চক্রের কর্কট হইতে মীন পর্য্যন্ত [redacted] বসাইবার নিয়ম।

বচনম্—

পঞ্চাষ্টযুগ্মবিংশাশ্চ ষড়্দশেন্দ্রাব্ধিসাগরাঃ।
কর্কটাম্মীনপর্যন্তেমঙ্কাদ্দেয়া যথাক্রমং॥

অস্যার্থ—

কর্কটে ৫, সিংহে ৮, কন্যায় ২, তুলায় ২০, বৃশ্চিকে ৬, ধনুতে ১০, মকরে ১৪, কুম্ভে ৩, মীনে ৪ অঙ্ক লিখিতে হয়।

পতাকীচক্রের চারি প্রকার বেধ নিরূপণ।

বচনম্—

লগ্নে বা দক্ষিণে বামে সম্মুখে গ্রহসংস্থিতে
দণ্ডাজ্জ্ঞেয়ং শিশোরিষ্টং দিনং মাসঞ্চহায়নং॥

অস্যার্থ—

যদি দণ্ডাধিপতিগ্রহ লগ্নে, লগ্নের দক্ষিণে, লগ্নের বামে, কিম্বা লগ্নের সম্মুখে থাকেন তাহা হইলে পতাকীবেধ হয়। এবং নিম্নলিখিত দিন, মাস বা বৎসরে জাতব্যক্তির রিষ্টি বা অমঙ্গল হইয়া থাকে।

মেষাদি দ্বাদশ লগ্নের পতাকীবেধ নির্ণয়।

মেষ লগ্ন।

কোন ব্যক্তির মেষ লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ মেষে, কন্যায, ধনুতে, কিম্বা মীন রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ২ দিন ২ মাস কিম্বা ২ বৎসর; ৪ দিন ৪ মাস কিম্বা ৪ বৎসর, ১০ দিন ১০ মাস কিম্বা ১০ বৎসর; ১৬ দিন ১৬ মাস কিম্বা ১৬ বৎসরে তাহার মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে।

বৃষলগ্ন

কোন ব্যক্তির বৃষ লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতিগ্রহ লগ্নে অর্থাৎ বৃষে, সিংহে, বৃশ্চিকে কিম্বা কুম্ভ রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ৩ দিন ৩ মাস কিম্বা ৩ বৎসর, ৬ দিন ৬ মাস কিম্বা ৬ বৎসর, ৮ দিন ৮ মাস কিম্বা ৮ বৎসর; ১৭ দিন ১৭ মাস কিম্বা ১৭ বৎসরে তাহার মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

মিথুন লগ্ন।

কোন ব্যক্তির মিথুন-লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ মিথুনে, কর্কটে, তুলায, কিম্বা মকররাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ৫ দিন ৫ মাস কিম্বা ৫ বৎসর; ১৪ দিন ১৪ মাস কিম্বা ১৪ বৎসর, ২০ দিন ২০ মাস কিম্বা ২০ বৎসর, ৩৯ দিন ৩৯ মাস কিম্বা ৩৯ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

কর্কট লগ্ন

কোন ব্যক্তির কর্কট লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ কর্কটে, ধনুতে, মীনে কিম্বা মিথুন রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে। ৪ দিন [illegible] মাস কিম্বা ৪ বৎসর; ৫ দিন ৫ মাস কিম্বা [illegible] বৎসর; ১০ দিন ১০ মাস কিম্বা ১০ বৎসর; ১৯ দি ১৯ মাস কিম্বা ১৯ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে।

সিংহ লগ্ন।

কোন ব্যক্তির সিংহ লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ সিংহে, বৃশ্চিকে, কুম্ভে কিম্বা বৃষ রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ৩ দিন ৩ মাস কিম্বা ৩ বৎসর; ৫ দিন [illegible] মাস কিম্বা [illegible] বৎসর; ৮ দিন ৮ মাস কিম্বা ৮ বৎসর; ১৭ দিন ১৭ মাস কিম্বা ১০ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে।

কন্যা লগ্ন।

কোন ব্যক্তির কন্যা লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ কন্যায়, তুলায়, মকরে, কিম্বা মেষ রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ২ দিন ২ মাস কিম্বা ২ বৎসর; ১৪ দিন ১৪ মাস কিম্বা ১৪ বৎসর; ২০ দিন [illegible] মাস কিম্বা বৎসর; ৩৬ দিন ৩৬ মাস কিম্বা ৩৬ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

তুলা লগ্ন।

কোন ব্যক্তির তুলা লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতিগ্রহ

লগ্নে অর্থাৎ তুলায়, মিথুনে, কন্যায় কিম্বা মীন রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে। ২ দিন ২ মাস কিম্বা ২ বৎসর; ৪ দিন ৪ মাস কিম্বা [illegible] বৎসর; ২০ দিন ২০ মাস কিম্বা ২০ বৎসর; ২৬ দিন ২৬ মাস কিম্বা ২৬ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে।

বৃশ্চিক লগ্ন।

কোন ব্যক্তির বৃশ্চিক লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ বৃশ্চিকে, বৃষে সিংহে কিম্বা কুম্ভ রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে [illegible] দিন ৩ মাস কিম্বা ৩ বৎসর; [illegible] দিন ৬ মাস কিম্বা ৬ বৎসর; ৮ দিন ৮ মাস কিম্বা ৮ বৎসর; ১৭ দিন ১৭ মাস কিম্বা ১৭ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

ধনু লগ্ন

কোন ব্যক্তির ধনু লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ ধনুতে, মেষে, কর্কটে, কিম্বা মকর রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ৫ দিন ৫ মাস কিম্বা [illegible] বৎসর, ১০ দিন ১০ মাস কিম্বা ১০ বৎসর; ১৪ দিন ১৪ মাস কিম্বা ১৪ বৎসর; ২৯ দিন ২৯ মাস কিম্বা ২৯ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

মকর লগ্ন।

কোন ব্যক্তির মকর লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতিগ্রহ লগ্নে অর্থাৎ মকরে, মিথুনে, কন্যায় কিম্বা ধনু রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ২ দিন

২ মাস কিম্বা ২ বৎসর, ১০ দিন ১০ মাস কিম্বা ১০ বৎসর, ১৪ দিন ১৪ মাস কিম্বা ১৪ বৎসর; ২৬ দিন ২৬ মাস কিম্বা ২৬ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

কুম্ভ লগ্ন


কোন ব্যক্তির কুম্ভ লগ্নে জন্ম হইলে যদি দশাধিপতি-গ্রহ লগ্নে অর্থাৎ কুম্ভে, বৃষে, সিংহে, কিম্বা বৃশ্চিক রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে ৩ দিন ৩ মাস কিম্বা ৩ বৎসর; ৬ দিন ৬ মাস কিম্বা ৬ বৎসর, ৮ দিন ৮ মাস কিম্বা ৮ বৎসর, ১৭ দিন ১৭ মাস কিম্বা ১৭ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

মীন লগ্ন

কোন ব্যক্তির মীন লগ্নে জন্ম হইলে যদি দশাধিপতি গ্রহ লগ্নে অর্থাৎ মীনে, মেষে, কর্কটে কিম্বা তুলা রাশিতে থাকেন তাহা হইলে তাহার পতাকীবেধ হইবে [illegible] দিন ৪ মাস কিম্বা ৪ বৎসর, ৫ দিন ৫ মাস কিম্বা ৫ বৎসর, ২০ দিন ২০ মাস কিম্বা ২০ বৎসর, ২৯ দিন ২৯ মাস কিম্বা ২৯ বৎসরে মৃত্যু বা সাংঘাতিক পীড়া হইবে

১ম কোষ্ঠীর পতাকীবেধের উদাহরণ।


ইহার যামার্দ্ধাধিপতি শুক্র ও দণ্ডাধিপতি রবি।



এই কোষ্ঠীর জন্মলগ্ন মিথুন। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে মিথুন লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি গ্রহ লগ্নে অর্থাৎ মিথুনে, কর্কটে, তুলায়, কিম্বা মকর রাশিতে থাকেন তাহা হইলে জাতব্যক্তির পতাকীবেধ হইবে কিন্তু এস্থলে দণ্ডাধিপতি রবি মেষ রাশিতে থাকায় পতাকীবেধ হইল না।

২য় কোষ্ঠীর পতাকীবেধের উদাহরণ।


এই কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি [redacted] দণ্ডাধিপতি রবি



এই কোষ্ঠীর জন্মলগ্ন কন্যা, পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে কন্যা লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতিগ্রহ লগ্নে অর্থাৎ কন্যায়, তুলায়, মকরে কিম্বা মেষ রাশিতে থাকেন তাহা হইলে জাতব্যক্তির পতাকী বেধ হইবে কিন্তু এস্থলে দণ্ডাধিপতি গ্রহ রবি মিথুন রাশিতে থাকায় পতাকীবেধ হইল না।

৩য় কোষ্ঠীর পতাকীবেধের উদাহরণ।


এই কোষ্ঠীর যাম্যার্দ্ধাধিপতি শনি ও দণ্ডাধিপতি বৃহস্পতি।



এই কোষ্ঠীর জন্মলগ্ন মকর। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে মকর লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি প্রবলগ্নে অর্থাৎ মকরে, মিথুনে, কন্যায় কিম্বা ধনু রাশিতে থাকেন তাহা হইলে জাতব্যক্তির পতাকীবেধ হইবে। অতএব এস্থলে দণ্ডাধিপতি বৃহস্পতি কন্যা রাশিতে থাকায় পতাকী-বেধ হইল

৪র্থ কোষ্ঠীর পতাকীবেধের উদাহরণ।

এই কোষ্ঠীর যামার্দ্ধাধিপতি শুক্র ও দণ্ডাধিপতি শুক্র



এই কোষ্ঠীর জন্মলগ্ন মিথুন। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে যে মিথুন লগ্নে জন্ম হইলে যদি দণ্ডাধিপতি গ্রহ লগ্নে অর্থাৎ মিথুনে, কর্কটে, তুলায় কিম্বা মকর রাশিতে থাকেন তাহা হইলে জাতব্যক্তির পতাকীবেধ হইবে। অতএব এস্থলে দণ্ডাধিপতি শুক্র মিথুন রাশিতে থাকায় পতাকী-বেধ হইল

ভূমিষ্ঠ সময়ের ষণ্নাড়ী গণনার নিয়ম।

বচনম


জন্ম দ্যং কর্ম্মততোঽপি দশমং সাংঘা-
তিকঞ্চ ষোড়শভং। সমুদয সপ্তাদশভং
বিনাশসংজ্ঞং ত্রয়োবিংশং আদ্যাত্তু পঞ্চ
বিংশংমানসমেবং নরঃ সভৃক্ষঃস্যাৎ॥

অস্যার্থ—

যে নক্ষত্রে জন্ম হইবে সেই জন্ম নক্ষত্রই জন্মনাড়ী; জন্ম নক্ষত্র হইতে দশম নক্ষত্রই কর্ম্মনাড়ী; জন্মনক্ষত্র হইতে ষোড়শ নক্ষত্রই সাংঘাতিক নাড়ী; জন্মনক্ষত্র হইতে অষ্টাদশ নক্ষত্রই সমুদয়নাড়ী; জন্মনক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্রই বিনাশনাড়ী; এবং জন্মনক্ষত্র হইতে পঞ্চবিংশ নক্ষত্র মানসনাড়ী হইয়া থাকে যথা,—

জন্মনক্ষত্র ১(অশ্বিনী) হইলে অশ্বিনীই জন্মনাড়ী, অশ্বিনী হইতে দশম নক্ষত্র মঘা কর্ম্মনাড়ী, অশ্বিনী হইতে ষোড়শ নক্ষত্র বিশাখা সাংঘাতিক নাড়ী; অশ্বিনী হইতে অষ্টাদশ নক্ষত্র জ্যেষ্ঠা সমুদয়নাড়ী; অশ্বিনী হইতে ত্রয়োবিংশ নক্ষত্র ধনিষ্ঠা বিনাশনাড়ী, এবং অশ্বিনী নক্ষত্র হইতে পঞ্চবিংশ নক্ষত্র পূর্ব্বভাদ্রপদ মানসনাড়ী হয়।

ষণ্নাড়ী নিম্ন লিখিত ক্রমে সংস্থাপন করিতে হয়, যথা ;—



অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে কোন একটী নক্ষত্রে জন্ম হইলে যে যে নক্ষত্রজাত ব্যক্তির জন্মকর্ম্মাদি নাড়ী হইবে তৎসমুদয় অঙ্কপাত দ্বারা নিম্নলিখিত অনুবন্ধে দর্শিত হইল :—

জন্মনাড়ী	কর্ম্মনাড়ী	সাংঘাতিক নাড়ী	সমুদয় নাড়ী	বিনাশ নাড়ী	মানস নাড়ী
১	১০	১৬	১৮	২৩	২৫
২	১১	১৭	১৯	২৪	২৬
৩	১২	১৮	২০	২৫	২৭
৪	১৩	১৯	২১	২৬	১
৫	১৪	২০	২২	২৭	২
৬	১৫	২১	২৩	১	৩
৭	১৬	২২	২৪	২	[illegible]
৮	১৭	২৩	২৫	৩	৫
৯	১৮	২৪	২৬	[illegible]	৬
১০	১৯	২৫	২৭	৫	৭

জন্মনাড়ী	কর্ম্মনাড়ী	সাংঘাতিক নাড়ী	সমুদয় নাড়ী	বিনাশ নাড়ী	মা[illegible] না[illegible]
১১	২০	২৬	১	৬	৮
১২	২১	২৭	২	৭	৯
১৩	২২	১	৩	৮	১০
১৪	২৩	২	৪	৯	১১
১৫	২৪	৩	৫	১০	১২
১৬	২৫	৪	৬	১১	১৩
১৭	২৬	৫	৭	১২	১৪
১৮	২৭	৬	৮	১৩	১৫
১৯	১	৭	৯	১৪	১৬
	২	৮	১০	১৫	১৭
	৩	৯	১১	১৬	১৮

জন্মনাড়ী	কর্ম্মনাড়ী	সাংঘাতিক নাড়ী	সমুদয় নাড়ী	নাড়ী	নাড়
২২	৪	১০	১২	১৭	১
২৩	০৫	১১	১৩	১৮	২
২৪	৬	১২	১৪	[illegible]	২
২৫	৭	১৩	১৫	২০	[illegible]
২৬	৮	১৪	১৬	২১	২
২৭	৯	১৫	১৭	২২	২

জাতব্যক্তির জীবিতকালের মধ্যে যে কোন সময়ে পাপগ্রহ নাড়ী বিশেষে অবস্থান করিলে নিম্নলিখিত রূ ফলপ্রদান করিয়া থাকেন,—

বচনম্,—

ঈহাদেহার্থহানিঃ স্যাজ্জন্মর্ক্ষে উপতাপিত্বে
কর্ম্মর্ক্ষে কর্ম্মনাংহানিঃ পীড়াং মনীসিমানসে
মূর্ত্তিদ্রাবিণবন্ধুনাংহানিঃ সাংঘাতিকে তথা সন্ততে

সামুদায়কে মিত্রভৃত্যার্থ ধনক্ষয়ঃ। বৈনাশিকে
বিনাশঃ স্যাদ্দেহ দ্রবিণ সম্পদাং —

অস্যার্থঃ—

জন্মনাড়ীতে পাপগ্রহ অবস্থিতি কবিলে মনুষ্যেব চেষ্টা দেহ এবং অর্থেব ক্ষতি কবে

কর্ম্মনাড়ীতে পাপগ্রহ অবস্থিতি কবিলে মনুষ্যেব কার্য্যেব হানি হয়

মানসনাড়ীতে পাপগ্রহ অবস্থিতি কবিলে মনঃপীড়া হয়

সাংঘাতিক নাড়ীতে পাপগ্রহ অবস্থিতি কবিলে জীব-গণেব শবীব, ধন এবং বন্ধুব অনিষ্ট করে সমুদয়নাড়ীতে পাপগ্রহ অবস্থিতি করিলে জীবগণকে সন্তাপিত, মিত্র, ভৃত্য ও অর্থের ক্ষতি করে। বিনাশনাড়ীতে পাপগ্রহ অবস্থিতি কবিলে মনুষ্যেব দেহ, ধন, এবং ঐশ্বর্য্যেব অনিষ্ট কবে

১ম কোষ্ঠীব জাতব্যক্তির জন্মনাড়ী প্রভৃতির উদাহরণ। যথা,—

জন্ম নক্ষত্র, —— ৭ (পুনর্ব্বসু)

